বর্ষ ২৯। সংখ্যা ৩৩৪। জুন ২০২৪

# কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsprokashon.com

বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী

## বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য সুলতানা'স ড্রিম

বাজেট কড়চা

টি-২০ বিশ্বকাপ ২০২৪

SDG'র A টু Z

বিনিময় হার নির্ধারণে ক্রলিং পেগ

দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট রাইসি নিহত

বিরূপ আবহাওয়ার সাতকাহন

6G'র যুগে বিশ্ব



## চাকরি প্রস্তুতি

বিসিএস। ব্যাংক। ভাইভা

নন-ক্যাডার। ১৩-২০ গ্রেড

স্বাস্থ্য সহকারী। ভূমি মন্ত্রণালয়

পেট্রোবাংলার সমন্বিত নিয়োগ

## প্রশ্ন সমাধান

PSC, BREB, BEZAসহ
৯টি নিয়োগ পরীক্ষা

## ৩১তম GI পণ্য টাঙ্গাইল শাড়ি



বইমেট.com

- জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান
- ক্যারিয়ার • টেকনিকে জ্ঞানকোষ
- জেলা পরিচিতি • আবিষ্কার

## Climate Change & Its Impact on Bangladesh



# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

প্রশ্ন : দুদকের ইতিহাসে প্রথম নারী মহাপরিচালক নির্বাচিত হন কে?
উত্তর : শিরীন পারভীন।

প্রশ্ন : বাংলাদেশের প্রথম ব্যক্তি হিসেবে বিশ্বের চতুর্থ সর্বোচ্চ শৃঙ্গ 'লোৎসে' জয় করেন কে?
উত্তর : বাবর আলী।

প্রশ্ন : বিশ্বে বাংলাদেশকে ঋণ দেওয়ায় চতুর্থ দেশ কোনটি?
উত্তর : চীন।

প্রশ্ন : বাংলাদেশে মনোনিত যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূতের নাম কী?
উত্তর : ডেভিড স্লেটন মিল।

প্রশ্ন : সম্প্রতি বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড়ের নাম কী?
উত্তর : রিমাল (Remal)। এটি আরবি শব্দ। যার অর্থ 'বালু'।

প্রশ্ন : ঘূর্ণিঝড় 'রিমাল' নামকরণ করে কোন দেশ?
উত্তর : ওমান।

প্রশ্ন : বাংলাদেশ সরকার আনুষ্ঠানিকভাবে ক্লাউড সেবা চালু করে কবে?
উত্তর : ৬ মে ২০২৪।

প্রশ্ন : বাংলাদেশে ২৫০০ বছরের পুরোনো বাণিজ্যকেন্দ্র কোথায় আবিষ্কৃত হয়?
উত্তর : রহনপুর, চাঁপাইনবাবগঞ্জে।

প্রশ্ন : বিশ্ব অভিবাসন প্রতিবেদন ২০২৪ অনুযায়ী, রেমিট্যান্স প্রাপ্তিতে বাংলাদেশের অবস্থান কত?
উত্তর : ৮ম।

প্রশ্ন : বাংলাদেশের কোন প্রতিষ্ঠান দেশি শিং মাছের জীবন রহস্য উন্মোচন করে?
উত্তর : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (BAU)।

প্রশ্ন : টাইম ম্যাগাজিনে স্বাস্থ্যখাতে অবদান রাখা ১০০ প্রভাবশালীর মধ্যে কোন বাংলাদেশি স্থান পান?
উত্তর : সাবেক স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

## আন্তর্জাতিক

প্রশ্ন : প্রথম ভারতীয় অভিনেত্রী হিসেবে কান চলচ্চিত্র উৎসবের 'আন সার্টেন রিগার্ড' বিভাগে শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার পান কে?
উত্তর : অনসূয়া সেনগুপ্ত (ছবি : দ্য শেমলেস)।

প্রশ্ন : বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)-এর বৈশ্বিক স্বাস্থ্য পরিসংখ্যানগত বার্ষিক প্রতিবেদন অনুযায়ী, বিশ্বে মানুষের গড় আয়ু কত?
উত্তর : ৭১ বছর ৪ মাস।

প্রশ্ন : বর্তমানে জাতিসংঘে শান্তিরক্ষী প্রেরণে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : নেপাল (বাংলাদেশ তৃতীয়)। *[আপডেট : ২৬ মে ২০২৪ পর্যন্ত]*

প্রশ্ন : ২০ বছরের মধ্যে সবচেয়ে শক্তিশালী সৌরঝড় কবে আঘাত হানে?
উত্তর : ১০ মে ২০২৪।

প্রশ্ন : বিশ্বের বৃহত্তম কার্বন ডাই-অক্সাইড শোষণকারী প্ল্যান্ট চালু করে কোন দেশ?
উত্তর : আইসল্যান্ড।

প্রশ্ন : রিজার্ভের দিক দিয়ে বিশ্বের শীর্ষ কেন্দ্রীয় ব্যাংক কোনটি?
উত্তর : ফেডারেল রিজার্ভ ব্যাংক, যুক্তরাষ্ট্র।

প্রশ্ন : 'ইজেকশন সিট' সিস্টেম কী?
উত্তর : আকাশে ভ্রমণকালীন দুর্ঘটনার সময় পাইলট যে উপায়ে নিজেকে রক্ষা করে।

প্রশ্ন : ২২ মে ২০২৪ দায়িত্ব নেওয়া ভিয়েতনামের নতুন প্রেসিডেন্টের নাম কী?
উত্তর : তো লাম।

প্রশ্ন : ইউরোপীয় পার্লামেন্ট নির্বাচন ২০২৪ কবে অনুষ্ঠিত হবে?
উত্তর : ৬-৯ জুন ২০২৪।

প্রশ্ন : কতটি দেশ সৌদি আরবের ইলেক্ট্রোনিক ভিসা (ই-ভিসা) সুবিধা লাভ করে?
উত্তর : ৬৬টি।

প্রশ্ন : ৭ মে ২০২৪ ফিলিস্তিনকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয় কোন দেশ?
উত্তর : বাহামাস।

প্রশ্ন : 'কারেম আবু সালেম' সীমান্ত ক্রসিং কোথায় অবস্থিত?
উত্তর : মিসর ও ইসরায়েল।

প্রশ্ন : ১৯ মে ২০২৪ দায়িত্ব পাওয়া ইরানের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্টের নাম কী?
উত্তর : মোহাম্মদ মোখবার।

প্রশ্ন : ৩ মে ২০২৪ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন কোন দু'টি রাষ্ট্রকে 'জেনোফোবিক' বলে ঘোষণা করেন?
উত্তর : ভারত ও জাপানকে। (যার অর্থ বিদেশি বা অভিবাসীদের প্রতি ভীতি বা নেতিবাচক মনোভাব)।

প্রশ্ন : 'টোবোল' কোন দেশের তৈরি সামরিক অস্ত্র?
উত্তর : রাশিয়া।

প্রশ্ন : ১ মে ২০২৪ কোন দেশ স্মার্ট ক্ষেপণাস্ত্র 'সুপারসনিক মিসাইল অ্যাসিস্টেড রিলিজ অব টর্পেডো'র সফল পরীক্ষা চালায়?
উত্তর : ভারত।

প্রশ্ন : চীনের অত্যাধুনিক রণতরী 'দ্য ফুজিয়ান' প্রথমবারের মতো কবে সমুদ্রে নামে?
উত্তর : ১ মে ২০২৪।

প্রশ্ন : আন্তর্জাতিক ন্যায়বিচার আদালত (ICJ) ফিলিস্তিনের রাফায় ইসরায়েলের চলমান হামলা বন্ধের আদেশ দেয় কবে?
উত্তর : ২৪ মে ২০২৪।

প্রশ্ন : সম্প্রতি বিজ্ঞানীরা সূর্যের কোন রহস্য উন্মোচন করেন?
উত্তর : চৌম্বক ক্ষেত্রের।

প্রশ্ন : উত্তর মেসিডোনিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট কে?
উত্তর : গোর্দানা সিলজানভস্কা-দাভকোভা।

প্রশ্ন : যুক্তরাজ্যে আগাম জাতীয় নির্বাচন কবে অনুষ্ঠিত হবে?
উত্তর : ৪ জুলাই ২০২৪।

## ক্রীড়াঙ্গন

প্রশ্ন : মেজর লিগ সকারে (MLS) এপ্রিল মাসের মাসসেরা খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন কে?
উত্তর : লিওনেল মেসি।

প্রশ্ন : নবম টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের অধিনায়ক কে?
উত্তর : নাজমুল হোসেন শান্ত।

প্রশ্ন : নারী ফুটবল বিশ্বকাপ ২০২৭ অনুষ্ঠিত হবে কোথায়?
উত্তর : ব্রাজিলে (প্রথমবার)।



www.boimate.com



# সংবাদ সমাচার



## গত সংখ্যার বাকি অংশ

**বাংলাদেশ ♦ ২৫.০৪.২০২৪ | বৃহস্পতিবার**
— টাঙ্গাইল শাড়িসহ আরও ১৩টি GI সনদ আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়।

**বাংলাদেশ ♦ ২৬.০৪.২০২৪ | শুক্রবার**
— ৪৬তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত।

**আন্তর্জাতিক ♦ ২৭.০৪.২০২৪ | শনিবার**
— সমকামিতার সর্বোচ্চ সাজা ১৫ বছরের কারাদণ্ডের বিধান রেখে ইরাকের পার্লামেন্টে আইন পাস।

**বাংলাদেশ ♦ ২৮.০৪.২০২৪ | রবিবার**
— বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দ্বিতীয় পুত্র শেখ জামালের ৭১তম জন্মদিন পালিত।

**আন্তর্জাতিক**
— থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রী পার্নপ্রি বাহিদ্ধা-নুকারা পদত্যাগ করেন।

**বাংলাদেশ ♦ ২৯.০৪.২০২৪ | সোমবার**
— থাইল্যান্ডে ছয়দিনের সরকারি সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যাংকক থেকে দেশে ফিরেন।

**আন্তর্জাতিক**
— স্কটল্যান্ডের ফার্স্ট মিনিস্টার ও স্কটিশ ন্যাশনাল পার্টির (SNP) নেতা হামজা ইউসুফ পদত্যাগ করেন।

**বাংলাদেশ ♦ ৩০.০৪.২০২৪ | মঙ্গলবার**
— বাংলাদেশে সংক্রামক রোগ প্রতিরোধ ব্যবস্থার উন্নয়নে যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (USAID) নতুন 'ওয়ান হেলথ' প্রকল্প চালু করে।

**আন্তর্জাতিক**
— শিল্পোন্নত দেশের জোট G7-এর জ্বালানি মন্ত্রীরা ২০৩০ দশকের প্রথমার্ধে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র বন্ধ করতে সম্মত হন।

## মে

**বাংলাদেশ ♦ ০১.০৫.২০২৪ | বুধবার**
— মহান মে দিবস পালিত।

**আন্তর্জাতিক**
— ইহুদি বিদ্বেষের সংজ্ঞাকে বিস্তৃত করে মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে বিল পাস।

**বাংলাদেশ ♦ ০২.০৫.২০২৪ | বৃহস্পতিবার**
— দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু।

**আন্তর্জাতিক**
— গাজায় হামলার কারণে ইসরায়েলের সঙ্গে সকল বাণিজ্য স্থগিত করে তুরস্ক।

**আন্তর্জাতিক ♦ ০৩.০৫.২০২৪ | শুক্রবার**
— পাকিস্তান চাঁদের কক্ষপথে প্রথম চন্দ্র-স্যাটেলাইট উৎক্ষেপণ করে।

**আন্তর্জাতিক ♦ ০৪.০৫.২০২৪ | শনিবার**
— রাশিয়ার স্বরাষ্ট্র মন্ত্রণালয় ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে ওয়ান্টেড তালিকায় যুক্ত করে।

**বাংলাদেশ ♦ ০৫.০৫.২০২৪ | রবিবার**
— ঢাকা সেনানিবাসে আর্মড ফোর্সেস ইনস্টিটিউট অব প্যাথলজি ভবন উদ্বোধন।
— 'মোটরযানের গতিসীমা-সংক্রান্ত নির্দেশিকা, ২০২৪' জারি।
— আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (IOM) মহাপরিচালক অ্যামি পোপ পাঁচ দিনের সফরে ঢাকায় পৌছেন।

**আন্তর্জাতিক**
— ইউরোপ সফরের অংশ হিসেবে ফ্রান্সে পৌছেন চীনের প্রেসিডেন্ট সি চিন পিং।

**বাংলাদেশ ♦ ০৬.০৫.২০২৪ | সোমবার**
— 'বাংলাদেশ গভর্নমেন্ট ক্লাউড' আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে।

**আন্তর্জাতিক ♦ ০৭.০৫.২০২৪ | মঙ্গল**
— পঞ্চম বারের মতো রাশিয়ার প্রেসিডে হিসেবে শপথ নেন ভ্লাদিমির পুতি

**বাংলাদেশ ♦ ০৮.০৫.২০২৪ | বুধব**
— রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩ত জন্মবার্ষিকী পালিত।
— ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে প্রথম ধাপের ১৩৯ উপজেলা ভোটগ্রহণ অনুষ্ঠিত।

**বাংলাদেশ ♦ ০৯.০৫.২০২৪ | বৃহস্পতিবা**
— বিমানবাহিনীর ইয়াক-১৩০ প্রশিক্ষ বিমান দুর্ঘটনায় একজন বৈমানিক নিহত
— দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতী অধিবেশনের সমাপ্তি।
— ৪৬তম বিসিএসের প্রিলিমিনা পরীক্ষার ফল প্রকাশ।

**আন্তর্জাতিক ♦ ১০.০৫.২০২৪ | শুক্রবা**
— মালদ্বীপ থেকে সর্বশেষ সেনাদের সরিয়ে নেয় ভারত।
— দুর্নীতির মামলায় ৫০ দিন কারাগা থাকার পর মুক্তি পান ভারতের দিল্লি মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল
— কুয়েতের আমির শেখ মেশা আল-আহমদ আল-সাবাহ দেশটি পার্লামেন্ট ভেঙে দেন।

**বাংলাদেশ ♦ ১১.০৫.২০২৪ | শনিবা**
— ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশে (IEB) ৬১তম কনভেনশন উদ্বোধন।

**বাংলাদেশ ♦ ১২.০৫.২০২৪ | রবিবা**
— রাষ্ট্রীয় মালিকানাধীন সোনালী ব্যাং পিএলসির সঙ্গে 'স্বেচ্ছায় একীভূত হওয়ার জন্য বাংলাদেশ ডেভেলপমে ব্যাংক লিমিটেড সমঝোতা চুক্তি স্বাক্ষর করে
— ২০২৪ সালের মাধ্যমিক স্কু সার্টিফিকেট (SSC) ও সমমা পরীক্ষার ফলাফল প্রকাশ।

**আন্তর্জাতিক**
— কুয়েতের আমির শেখ মেশা আল-আহমদ আল-সাবাহ নতু মন্ত্রিসভা অনুমোদন করেন।

### মে ২০২৪ সংখ্যার সংশোধনী

| পৃষ্ঠা | কলাম | লাইন | যা আছে | যা হবে |
|---|---|---|---|---|
| ৭৯ | ২ | ২৪ | (ক) ১ | (গ) ৮ |

www.boimate.com

**বাংলাদেশ ♦ ১৩.০৫.২০২৪ । সোমবার**
— চূড়ান্ত রায়ের আগে মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত আসামিকে কারাগারের কনডেম সেলে বন্দি রাখা অবৈধ ও বেআইনি ঘোষণা করে হাইকোর্ট।

**আন্তর্জাতিক**
— চাবাহার বন্দর পরিচালনার লক্ষ্যে ইরানের সাথে চুক্তি স্বাক্ষর করে ভারত।

**বাংলাদেশ ♦ ১৪.০৫.২০২৪ । মঙ্গলবার**
— উইলসনস রোগের নতুন দুটি ধরন শনাক্তের ঘোষণা দেয় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের গবেষক দল।

**আন্তর্জাতিক**
— তিন দিনের সফরে ঢাকা পৌঁছেন দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী মার্কিন পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু।

**বাংলাদেশ ♦ ১৫.০৫.২০২৪ । বুধবার**
— দেশের তৃতীয় ও স্বাধীন বাংলাদেশের প্রথম সমুদ্র বন্দর পায়রার নিজস্ব জেটিতে প্রথমবারের মতো বিদেশি (মাদার ভেসেল) জাহাজ ভিড়ে।
— অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি তিন বছর মেয়াদি রপ্তানি নীতিমালার খসড়া নীতিগতভাবে অনুমোদন করে।

**বাংলাদেশ ♦ ১৬.০৫.২০২৪ । বৃহস্পতিবার**
— জাতীয় অর্থনৈতিক পরিষদের (NEC) সভায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য ২,৬৫,০০০ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) অনুমোদন।
— চট্টগ্রামের বে-টার্মিনালে বিনিয়োগের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সঙ্গে সংযুক্ত আরব আমিরাতের এডি পোর্টস গ্রুপের সমঝোতা স্মারক স্বাক্ষর।

**আন্তর্জাতিক**
— দুদিনের রাষ্ট্রীয় সফরে চীনে পৌঁছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।
— ইসরায়েলে অস্ত্র সরবরাহের জন্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনকে বাধ্য করতে কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে বিল পাস।
— বাহরাইনের মানামায় ৩৩তম আরব লীগ শীর্ষ সম্মেলন শুরু।

**আন্তর্জাতিক ♦ ১৭.০৫.২০২৪ । শুক্রবার**
— মা-বাবার বিচ্ছেদের পর সন্তানের হেফাজত সংক্রান্ত আইনে সংশোধন আনে জাপানের আইনসভা ডায়েট।

**বাংলাদেশ ♦ ১৮.০৫.২০২৪ । শনিবার**
— ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম 'বাংলাদেশ কৃত্রিম বুদ্ধিমত্তা অলিম্পিয়াড' অনুষ্ঠিত।

**বাংলাদেশ ♦ ১৯.০৫.২০২৪ । রবিবার**
— ষষ্ঠ বাংলাদেশি হিসেবে এভারেস্টের চূড়ায় আরোহণ করেন বাবর আলী।
— বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৪ গেজেট আকারে জারি।

**বাংলাদেশ ♦ ২০.০৫.২০২৪ । সোমবার**
— মন্ত্রিসভার বৈঠকে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শান্তি পদক নীতিমালা, ২০২৪'-এর খসড়া অনুমোদন দেওয়া হয়।
— রাষ্ট্রপতি দ্বাদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন আহ্বান করেন।

**আন্তর্জাতিক**
— ইরানের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট হিসেবে ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ মোখবারের নাম ঘোষণা করা হয়।
— তাইওয়ানের নতুন প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন লাই চিং-তে।
— আন্তর্জাতিক অপরাধ আদালতে (ICC) ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও হামাস নেতা ইয়াহিয়া সিনওয়ারের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন করে প্রধান কৌসুলি করিম খান।
— উইকিলিকস প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জ যুক্তরাষ্ট্রে প্রত্যর্পণের বিরুদ্ধে আপিল করার সুযোগ পাবেন বলে আদেশ দেন যুক্তরাজ্যের লন্ডন হাইকোর্ট।

**বাংলাদেশ ♦ ২১.০৫.২০২৪ । মঙ্গলবার**
— ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপে ১৫৭ উপজেলায় ভোটগ্রহণ অনুষ্ঠিত।
— দুইদিনের সফরে বাংলাদেশ পৌঁছেন অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং।

**আন্তর্জাতিক ♦ ২২.০৫.২০২৪ । বুধবার**
— যুক্তরাজ্যে আগাম জাতীয় নির্বাচনের ঘোষণা দেন প্রধানমন্ত্রী ঋষি সুনাক।
— ভিয়েতনামের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হন তো লাম।

**বাংলাদেশ ♦ ২৩.০৫.২০২৪ । বৃহস্পতিবার**
— নির্বাচন কমিশন (EC) জাতির সূর্য সন্তানদের সম্মানার্থে ১০৪ জন বীর মুক্তিযোদ্ধার হাতে 'বীর মুক্তিযোদ্ধা' খচিত বিশেষ স্মার্ট কার্ড তুলে দেন।
— ইরানের প্রেসিডেন্ট এবং অন্যান্যদের মৃত্যুতে বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে শোক পালন।

**আন্তর্জাতিক**
— বসনিয়ায় স্রেব্রেনিৎসা গণহত্যায় নিহত ব্যক্তিদের স্মরণে ১১ জুলাইকে 'স্রেব্রেনিৎসা গণহত্যা স্মরণ দিবস' হিসেবে ঘোষণা করে জাতিসংঘ।

**বাংলাদেশ ♦ ২৪.০৫.২০২৪ । শুক্রবার**
— আন্তর্জাতিক বিচার আদালত (ICJ) ইসরায়েলকে অবিলম্বে রাফায় হামলা বন্ধের আদেশ দেয়।

**বাংলাদেশ ♦ ২৫.০৫.২০২৪ । শনিবার**
— জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী পালিত।
— প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন করেন।
— দেশের প্রথম শিল্প গ্রুপ হিসেবে নিজেদের কর্মকর্তা-কর্মচারীদের জাতীয় পেনশন স্কিমের আওতায় নিয়ে আসে ইস্পাত প্রস্তুতকারী প্রতিষ্ঠান কেএসআরএম।

**বাংলাদেশ ♦ ২৬.০৫.২০২৪ । রবিবার**
— বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড় রিমাল।

**বাংলাদেশ ♦ ২৯.০৫.২০২৪ । বুধবার**
— দক্ষিণ আফ্রিকার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত।

## শীর্ষ সংবাদ

**৪ মে** : গাম্বিয়ার বানজুলে দুইদিনব্যাপী OIC'র ১৫তম শীর্ষ সম্মেলন শুরু।
**৭ মে** : বিশ্বব্যাপী করোনা টিকা প্রত্যাহারের ঘোষণা দেয় অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা।
**৮ মে** : বাংলাদেশ ব্যাংক ডলারের বিনিময় হার নির্ধারণে 'ক্রলিং পেগ' পদ্ধতি চালু করে।
**৮ মে** : UNESCO'র বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি পায় Sultana's Dream।
**১০ মে** : জাতিসংঘ সাধারণ পরিষদে ফিলিস্তিনকে পূর্ণ সদস্য করার পক্ষে প্রস্তাব পাস।
**১৫ মে** : সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন লরেন্স ওং।
**১৯ মে** : হেলিকপ্টার দুর্ঘটনায় নিহত হন ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি।

সুইস কনফেডারেশন গঠিত হয় ১ আগস্ট ১২৯১

www.boimate.com

# সাম্প্রতিক MCQ
## গুরুত্বপূর্ণ প্রশ্ন

কারেন্ট অ্যাফেয়ার্স

### বাংলাদেশ

১. ২৬ মে ২০২৪ পর্যন্ত দেশে ভৌগোলিক নির্দেশক (GI) পণ্যের সংখ্যা কতটি?
ⓚ ২৭টি ⓚ ২৯টি ● ৩১টি ⓖ ৩৩টি

২. দেশের ৩১তম GI পণ্য কোনটি?
(ক) রাজশাহীর মিষ্টি পান (খ) গোপালগঞ্জের রসগোল্লা
(গ) জামালপুরের নকশিকাঁথা ● টাঙ্গাইল শাড়ি

৩. 'জাতীয় পল্লীউন্নয়ন কাউন্সিল'-এর সভাপতি কে?
(ক) রাষ্ট্রপতি (খ) অর্থমন্ত্রী ● প্রধানমন্ত্রী (ঘ) আইনমন্ত্রী

৪. বর্তমানে গ্রাম আদালত কতজন সদস্য নিয়ে গঠিত?
(ক) ৪ জন ● ৫ জন (গ) ৬ জন (ঘ) ৭ জন

৫. গ্রাম আদালতের চেয়ারম্যান হবেন কে?
(ক) ইউনিয়ন পরিষদের সদস্য
● ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান
(গ) উপজেলা পরিষদের চেয়ারম্যান
(ঘ) উপজেলা নির্বাহী অফিসার

৬. ২০২৩ সালে বাংলাদেশে বিনিয়োগে শীর্ষ দেশ কোনটি?
● যুক্তরাজ্য (খ) যুক্তরাষ্ট্র (গ) ফ্রান্স (ঘ) চীন

৭. বাংলাদেশ সুপ্রীম কোর্ট রিসার্চ ইনস্টিটিউট কোথায় স্থাপন করা হচ্ছে?
(ক) পটিয়া, চট্টগ্রাম (খ) কাপাসিয়া, গাজীপুর
● টেকনাফ, কক্সবাজার (ঘ) সাভার, ঢাকা

৮. দেশের প্রথম 'যুদ্ধশিশু' হিসেবে রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি পান কে?
(ক) ছায়া মালাকার ● মেরিনা খাতুন
(গ) পচি বেওয়া (ঘ) মায়ারানী শব্দকর

৯. ১৯ মে ২০২৪ কোন বাংলাদেশি মাউন্ট এভারেস্ট জয় করেন?
(ক) মুসা ইব্রাহীম (খ) এম এ মুহিত
(গ) নিশাত মজুমদার ● বাবর আলী

১০. বর্তমানে দেশে নদীবন্দর কতটি?
(ক) ৪৪টি (খ) ৪৬টি ● ৪৮টি (ঘ) ৫০টি

১১. দেশের ৪৮তম নদীবন্দর কোনটি?
● রাজশাহী নদীবন্দর (খ) মোহনগঞ্জ নদীবন্দর
(গ) খুলনা নদীবন্দর (ঘ) সুলতানগঞ্জ নদীবন্দর

১২. দুর্নীতি দমন কমিশন (দুদক) কবে গ্লোব-ই নেটওয়ার্কের সদস্য হয়?
(ক) ১ ফেব্রুয়ারি ২০২৪ ● ১ মার্চ ২০২৪
(গ) ১ এপ্রিল ২০২৪ (ঘ) ১ মে ২০২৪

১৩. ৮ মে ২০২৪ বাংলাদেশ ব্যাংক ডলারের বিনিময় হার নির্ধারণে কোন পদ্ধতি চালু করে?
(ক) ভাসমান বিনিময় হার (খ) সফট পেগ
● ক্রলিং পেগ (ঘ) হার্ড পেগ

১৪. রোকেয়া সাখাওয়াত হোসেনের কল্পকাহিনি 'Sultana's Dream' বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি পায় কবে?
● ৮ মে ২০২৪ (খ) ১২ মে ২০২৪
(গ) ১৪ মে ২০২৪ (ঘ) ২০ মে ২০২৪

### GDP'র সাময়িক হিসাব ২০২৩-২৪

১৫. মাথাপিছু GDP কত?
(ক) ২,৬৪৩ মা.ড (খ) ২,৬৬২ মা.ড
● ২,৬৭৫ মা.ড. (ঘ) ২,৬৮৭ মা.ড.

১৬. মাথাপিছু আয় কত?
(ক) ২,৫৯১ মা.ড. (খ) ২,৭৯৩ মা.ড.
(গ) ২,৭৪৯ মা.ড. ● ২,৭৮৪ মা.ড.

১৭. GDP'র প্রবৃদ্ধির হার কত?
● ৫.৮২% (খ) ৬.৯০%
(গ) ৭.০০% (ঘ) ৭.১০%

১৮. কৃষি খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ২.৬১% ● ৩.২১%
(গ) ৪.৭৫% (ঘ) ৫.১৫%

১৯. শিল্প খাতে প্রবৃদ্ধির হার কত?
● ৬.৬৬% (খ) ৮.১৮%
(গ) ৯.৮৬% (ঘ) ১০.৮৬%

২০. সেবা খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ৫.৫৪% ● ৫.৮০%
(গ) ৭.২৬% (ঘ) ৮.৮৬%

২১. কৃষি খাতে অবদানের হার কত?
(ক) ১০.৬১% ● ১১.০২%
(গ) ১২.৪৭% (ঘ) ১৩.৪৭%

২২. শিল্প খাতে অবদানের হার কত?
(ক) ৩২.৩০% (খ) ৩৪.৭৯%
(গ) ৩৫.৫৫% ● ৩৭.৯৫%

২৩. সেবা খাতে অবদানের হার কত?
● ৫১.০৪% (খ) ৫১.৪৮%
(গ) ৫২.৭৪% (ঘ) ৫৩.০৭%

### আন্তর্জাতিক

২৪. রাশিয়ার বর্তমান প্রধানমন্ত্রীর নাম কী?
(ক) ভ্লাদিমির পুতিন (খ) সের্গেই শোইগু
(গ) ভিয়াচেস্লাভ ভোলোদিন ● মিখাইল মিশুস্তিন

২৫. স্বর্ণ রিজার্ভে শীর্ষ দেশ কোনটি?
● যুক্তরাষ্ট্র (খ) জার্মানি
(গ) ইতালি (ঘ) চীন

২৬. হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি কবে নিহত হন?
(ক) ১৭ মে ২০২৪ (খ) ১৮ মে ২০২৪
● ১৯ মে ২০২৪ (ঘ) ২০ মে ২০২৪

**উত্তর**

| | |
|---|---|
| ১. | গ |
| ২. | ঘ |
| ৩. | গ |
| ৪. | খ |
| ৫. | খ |
| ৬. | ক |
| ৭. | গ |
| ৮. | খ |
| ৯. | ঘ |
| ১০. | গ |
| ১১. | ক |
| ১২. | খ |
| ১৩. | গ |
| ১৪. | ক |
| ১৫. | গ |
| ১৬ | ঘ |
| ১৭. | ক |
| ১৮. | খ |
| ১৯. | ক |
| ২০. | খ |
| ২১. | খ |
| ২২. | ঘ |
| ২৩. | ক |
| ২৪. | ঘ |
| ২৫. | ক |
| ২৬. | গ |

সুইস কনফেডারেশনের মন্ত্রিসভার নাম ফেডারেল কাউন্সিল (Federal Council)

www.boimate.com

২৭. তাইওয়ানের বর্তমান প্রেসিডেন্টের নাম কী?
ক সাই ইং ওয়েন  খ কো ওয়েন-জে
গ হুও-ইউ-ই  ● লাই চিং-তে

২৮. ফিলিস্তিনকে জাতিসংঘের পূর্ণ সদস্যপদ দেওয়ার প্রস্তাব জাতিসংঘ সাধারণ পরিষদে পাস হয় কবে?
● ১০ মে ২০২৪  খ ১২ মে ২০২৪
গ ১৪ মে ২০২৪  ঘ ১৭ মে ২০২৪

২৯. OIC'র বর্তমান প্রেসিডেন্ট কে?
ক রিসেপ তাইয়েপ এরদোয়ান (তুরস্ক)
খ বাদশাহ সালমান (সৌদি আরব)
● অ্যাডামা ব্যারো (গাম্বিয়া)
ঘ আবেদল ফাত্তাহ সিসি (মিসর)

৩০. পাকিস্তানের প্রথম চন্দ্র-উপগ্রহের নাম কী ?
ক Badr-A  ● iCube-Qamar
গ Hatf 1  ঘ Shaheen-I

## সম্মেলন

৩১. ৫০তম G7 শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হবে?
● ১৩-১৫ জুন ২০২৪  খ ১৭-১৯ জুন ২০২৪
গ ১৯-২১ জুন ২০২৪  ঘ ২৪-২৬ জুন ২০২৪

৩২. ৫০তম G7 শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
● আপুলিয়া, ইতালি  খ প্যারিস, ফ্রান্স
গ বন, জার্মানি  ঘ লন্ডন, যুক্তরাজ্য

## রিপোর্ট-সমীক্ষা

৩৩. ২০২৪ সালের বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে সংবাদমাধ্যমে স্বাধীনতা নিশ্চিত করায় শীর্ষ দেশ কোনটি?
● নরওয়ে  খ ডেনমার্ক
গ এস্তোনিয়া  ঘ সুইডেন

৩৪. ২০২৪ সালের বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে সবচেয়ে খারাপ দেশ কোনটি?
● ইরিত্রিয়া  খ উত্তর কোরিয়া
গ ইরান  ঘ মিয়ানমার

৩৫. ২০২৪ সালের বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে বাংলাদেশ অবস্থান কত?
ক ১৪৫তম  খ ১৫২তম
গ ১৬২তম  ● ১৬৫তম

৩৬. ২০২৪ সালের অর্থনৈতিক স্বাধীনতা সূচকে শীর্ষ দেশ কোনটি?
ক নরওয়ে  খ ডেনমার্ক
● সিঙ্গাপুর  ঘ সুইডেন

৩৭. ২০২৪ সালের অর্থনৈতিক স্বাধীনতা সূচকে সর্বনিম্ন দেশ কোনটি?
ক ইরিত্রিয়া  ● উত্তর কোরিয়া
গ ইরান  ঘ মিয়ানমার

৩৮. ২০২৪ সালের অর্থনৈতিক স্বাধীনতা সূচকে বাংলাদেশের অবস্থান কত?
● ১১৬তম  খ ১২৭তম
গ ১৩২তম  ঘ ১৪৫তম

## দিবস-বর্ষ

৩৯. বিশ্ব ফুটবল দিবস কবে?
ক ২১ মে  ● ২৫ মে
গ ১৩ জুলাই  ঘ ২৩ অক্টোবর

৪০. আন্তর্জাতিক মারখোর (Markhor) দিবস কবে?
ক ২ মে  খ ১৪ মে  ● ২৪ মে  ঘ ৩১ মে

৪১. আন্তর্জাতিক নারী কৃষক বর্ষ কোন সাল?
ক ২০২৫  ● ২০২৬  গ ২০২৭  ঘ ২০২৮

## পদক-পুরস্কার

৪২. ২০২৪ সালের আন্তর্জাতিক বুকার পুরস্কার লাভ করেন কে?
ক গীতাঞ্জলী শ্রী ও কিরণ দেশাই
খ জর্জি গোসপোদিনভ ও অ্যাঞ্জেলা রোডেল
● জেনি এরপেনবেক ও মাইকেল হফম্যান
ঘ ডেভিড ডিওপ ও জন ব্যানভিল

৪৩. কোন উপন্যাসের জন্য এবারের আন্তর্জাতিক বুকার পুরস্কার দেওয়া হয়?
ক Gehen, ging, gegangen
খ Aller Tage Abend
গ Heimsuchung  ● Kairos

৪৪. ২০২৪ সালে প্রথম রবীন্দ্র পুরস্কার লাভ করেন কে?
ক রেজওয়ানা চৌধুরী বন্যা
খ অধ্যাপক ভীষ্মদেব চৌধুরী
গ অধ্যাপক লাইসা আহমদ লিসা
● খ + গ

৪৫. ২০২৪ সালে নজরুল পুরস্কার লাভ করেন কে?
● অধ্যাপক রাজিয়া সুলতানা  খ আহমদ রফিক
গ শাহীন সামাদ  ঘ আবুল মোমেন

## ক্রীড়াঙ্গন

৪৬. ৪৮তম কোপা আমেরিকা কবে অনুষ্ঠিত হবে?
● ২০ জুন-১৪ জুলাই ২০২৪
খ ২০ জুলাই-১৪ আগস্ট ২০২৪
গ ২০ আগস্ট-১৪ সেপ্টেম্বর ২০২৪
ঘ ২-২৯ অক্টোবর ২০২৪

৪৭. ৪৮তম কোপা আমেরিকা কোথায় অনুষ্ঠিত হবে?
ক আর্জেন্টিনা  খ ব্রাজিল  ● যুক্তরাষ্ট্র  ঘ চিলি

৪৮. ১৭তম ইউরো ফুটবল কবে অনুষ্ঠিত হবে?
● ১৪ জুন-১৪ জুলাই ২০২৪
খ ১৪ জুলাই-১৪ আগস্ট ২০২৪
গ ১৪ আগস্ট-১৪ সেপ্টেম্বর ২০২৪
ঘ ১৪ সেপ্টেম্বর-১৪ অক্টোবর ২০২৪

৪৯. ১৭তম ইউরো কোথায় অনুষ্ঠিত হবে?
ক স্পেন  ● জার্মানি
গ ডেনমার্ক  ঘ ফ্রান্স

৫০. প্রথম বাংলাদেশি হিসেবে টেনিসে 'হোয়াইট ব্যাজ'-এর স্বীকৃতি পান কে?
● মাসফিয়া আফরিন  খ জু-উন নাহার চৌধুরী
গ নাহিদা আকতার  ঘ ফারজানা হক

কারেন্ট অ্যাফেয়ার্স

**উত্তর**

| | |
|---|---|
| ২৭. | ঘ |
| ২৮. | ক |
| ২৯. | গ |
| ৩০. | খ |
| ৩১. | ক |
| ৩২. | ক |
| ৩৩. | ক |
| ৩৪. | ক |
| ৩৫. | ঘ |
| ৩৬. | গ |
| ৩৭. | খ |
| ৩৮. | ক |
| ৩৯. | খ |
| ৪০. | গ |
| ৪১. | খ |
| ৪২. | গ |
| ৪৩. | ঘ |
| ৪৪. | ঘ |
| ৪৫. | ক |
| ৪৬. | ক |
| ৪৭. | গ |
| ৪৮. | ক |
| ৪৯. | খ |
| ৫০. | ক |

ফেডারেল রাষ্ট্র হিসেবে সুইজারল্যান্ড যাত্রা শুরু করে ১২ সেপ্টেম্বর ১৮৪৮

www.boimate.com

# Recent Info Inquiry

## Bangladesh

Ques : On 12 May 2024 which bank signed a memorandum of understanding (MoU) to merge with Sonali Bank?
Ans : Bangladesh Development Bank (BDBL).

Ques : Who is the next US ambassador to Bangladesh nominated by President Joe Biden?
Ans : David Slayton Meals.

Ques : Name of the aircraft that crashed in Karnaphuli river on 9 May 2024 killing Squadron Leader Muhammad Asim Jawwad—
Ans : Yak-130 jet trainer.

Ques : New USAID Project to improve infectious disease prevention and control in Bangladesh—
Ans : "One Health" approach project.

Ques : Recently which one is inscribed in The UNESCO's Memory of the World regional register 2024?
Ans : Rokeya Sakhawat Hossain's 'Sultana's Dream'.

Ques : Which country chose the name for cyclone 'Remale'?
Ans : Oman (Remale means Sand).

Ques : First person to receive 'War Children' recognition-
Ans : Merina Khatun from Sirajganj's Tarash upazila.

Ques : Which movie has won the Special Jury Award at the 46th Moscow International Film Festival on 26 April 2024?
Ans : 'Nirvana' (directed Asif Islam).

## International

Ques : On what date Vladimir Putin was sworn in for a new six-year term?
Ans : 7 May 2024.

Ques : Which book won the Pulitzer Prize 2024 for fiction?
Ans : Jayne Anne Phillips' Night Watch.

Ques : Recently which company announced worldwide withdrawal of its Covid-19 vaccine production?
Ans : AstraZeneca.

Ques : On 5 May 2024 Israel closed which crossing, entry point of most humanitarian aid?
Ans : Kerem Shalom crossing.

Ques : On 10 May 2024 which country declared state of emergency after a flash flood that killed more than 300 people?
Ans : Afganistan.

Ques : 'SMART' Weapon is made by—
Ans : India.

Ques : Which province of France saw state of emergency for riots over electoral reform?
Ans : New Caledonia.

Ques : China's third aircraft carrier that made its maiden sea trials on 1 May 2024—
Ans : The Fujian.

Ques : Who became interim president of Iran following the death of Ebrahim Raisi?
Ans : Mohammad Mokhber.

Ques : New Prime Minister of Singapore elected on 15 May 2024—
Ans : Lawrence Wong.

Ques : Winner of Palme d'Or, the Cannes Film Festival's top honor—
Ans : Sean Baker's 'Anora'.

## Science and Technology

Ques : What is the bandwidth of world's first high-speed 6G prototype device made by Japan?
Ans : 100 gigabits per second (Gbps) (upto 20x improvement over the current 5G technology).

Ques : Which launch vehicle was used to send Pakistan's first lunar satellite iCube-Qamar?
Ans : China's Chang'e-6 rocket.

Ques : The aim of 'Chang'e 6' a robotic lunar exploration mission by the China—
Ans : To obtain a sample of soil and rock from the far side of the Moon.

Ques : Which one is the Bangladesh's first cloud data centre?
Ans : 'Meghna Cloud' at Bangabandhu Hi-Tech City in Kaliakoir, Gazipur.

## Sports

Ques : Who Wins Award for France's Player of the Year 2024?
Ans : Kylian Mbappe.

Ques : In domestic league, which team clinched BPL title for a record 5th times in Federation Cup Football 2024?
Ans : Bashundhara Kings.

Ques : Which country will host the 2026 Women's T20 World Cup?
Ans : England and Wales.

Ques : First criketer to bag 700 wickets and garner 14,000 runs in international turnement—
Ans : Sakib al Hasan.

Ques : Who is first-ever ITF White Badge referee from Bangladesh?
Ans : Masfia Afrin.

সুইজারল্যান্ডের রাজধানী বার্ন

www.boimate.com

# দৃষ্টিজুড়ে বাংলাদেশ ও বিশ্ব

## নব-নিযুক্ত

### বাংলাদেশ

**সচিব**

- আর্থিক প্রতিষ্ঠান বিভাগ : মো. আবদুর রহমান খান; নিয়োগ ১৬ মে ২০২৪।
- বাণিজ্য মন্ত্রণালয় : মোহাং সেলিম উদ্দিন; নিয়োগ ১৬ মে ২০২৪।
- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় : সাঈদ মাহমুদ বেলাল হায়দার; নিয়োগ ১৬ মে ২০২৪।
- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ : মোসাম্মৎ শাহানারা খাতুন; নিয়োগ ২১ এপ্রিল ২০২৪।

**মহাপরিচালক**

- পরিবার পরিকল্পনা অধিদপ্তর : আব্দুন নূর মুহাম্মদ আল-ফিরোজ; নিয়োগ ১৪ মে ২০২৪।
- আরডিএ, বগুড়া : মো. আবদুল মালেক; নিয়োগ ১৪ মে ২০২৪।
- সরকারি কর্মচারী হাসপাতাল : মো. আব্দুর রাজ্জাক সরকার; নিয়োগ ১৪ মে ২০২৪।
- চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর : আকতার হোসেন; নিয়োগ ১৪ মে ২০২৪।
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : খন্দকার মোস্তাফিজুর রহমান; নিয়োগ ১৫ মে ২০২৪।

**চেয়ারম্যান**

- চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড : রেজাউল করিম; নিয়োগ ১৪ মে ২০২৪।
- বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি : অধ্যাপক ডা. মো. উবায়দুল কবীর চৌধুরী; দায়িত্ব গ্রহণ ২৮ এপ্রিল ২০২৪।
- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (CDA) : বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ ইউনুছ; নিয়োগ ২৪ এপ্রিল ২০২৪।

**বিবিধ**

- সিনিয়র সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় : মো. মশিউর রহমান; নিয়োগ ৩০ এপ্রিল ২০২৪।
- সংসদ সদস্য, ঝিনাইদহ-১ : নায়েব আলী জোয়াদ্দার।
- রাষ্ট্রদূত, কুয়েত : মেজর জেনারেল সৈয়দ তারেক হোসেন; নিয়োগ ১৭ মে ২০২৪।

### আন্তর্জাতিক

**প্রেসিডেন্ট**

- ভিয়েতনাম : তো লাম; দায়িত্ব গ্রহণ ২২ মে ২০২৪
- উত্তর মেসিডোনিয়া : গোর্দানা সিলজানভস্কা-দাভকোভা; দায়িত্ব গ্রহণ ১২ মে ২০২৪। তিনি দেশটির প্রথম নারী প্রেসিডেন্ট।

**প্রধানমন্ত্রী**

- সার্বিয়া : মিলোস ভুচেভিচ; দায়িত্ব গ্রহণ ২ মে ২০২৪।
- সলোমান দ্বীপপুঞ্জ : জেরেমিয়া মানেলে; দায়িত্ব গ্রহণ ২ মে ২০২৪।
- সিঙ্গাপুর : লরেন্স ওং; দায়িত্ব গ্রহণ ১৫ মে ২০২৪।

## সম্মেলন-বৈঠক

**ইসলামি উন্নয়ন ব্যাংকের বার্ষিক বৈঠক**

আয়োজন : ৪৯তম | সময়কাল : ২৭-৩০ এপ্রিল ২০২৪ | স্থান : রিয়াদ, সৌদি আরব।

**এশীয় উন্নয়ন ব্যাংকের বার্ষিক বৈঠক**

আয়োজন : ৫৭তম | সময়কাল : ২-৫ মে ২০২৪ | স্থান : তিবিলিসি, জর্জিয়া | ৫৮তম বার্ষিক সভা : ৪-৭ মে ২০২৫; মিলান, ইতালি।

**বিশ্বব্যাংক ভূমি সম্মেলন**

সময়কাল : ১৩-১৭ মে ২০২৪ | স্থান : ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র | সম্মেলনের প্রতিপাদ্য : ভূমির দখলিস্বত্ব ও জলবায়ু কার্যক্রমে প্রবেশাধিকার নিশ্চিতকরণ।

**কাতার ইকোনমিক ফোরাম**

আয়োজন : চতুর্থ | সময়কাল : ১৪-১৬ মে ২০২৪ | স্থান : দোহা, কাতার।

**আরব লীগ সম্মেলন**


আয়োজন : ৩৩তম | সময়কাল : ১৬ মে ২০২৪ | স্থান : মানামা, বাহরাইন।

**বিশ্ব স্বাস্থ্য সভা (WHA)**

আয়োজন : ৭৭ তম | সময়কাল : ২৭ মে-১ জুন ২০২৪ | স্থান : জেনেভা, সুইজারল্যান্ড | সম্মেলনের প্রতিপাদ্য : All for Health, Health for All.


**OIC'র শীর্ষ সম্মেলন**

আয়োজন : ১৫তম | সময়কাল : ৪-৫ মে ২০২৪ | স্থান : বানজুল, গাম্বিয়া।
- OIC'র প্রেসিডেন্ট অ্যাডাম ব্যারো (গাম্বিয়া)।



### ঢাকায় নতুন মার্কিন রাষ্ট্রদূত

৯ মে ২০২৪ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বাংলাদেশে যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত হিসেবে ডেভিড স্লেটন মিলকে মনোনয়ন দেন। নিয়ম অনুযায়ী, প্রথমে কাউকে রাষ্ট্রদূত হিসেবে মনোনয়ন দেন মার্কিন প্রেসিডেন্ট। মনোনয়ন অনুমোদনের জন্য সিনেটে পাঠানো হয়। সিনেট অনুমোদন দিলে নতুন রাষ্ট্রদূতের নিয়োগ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়।



### দুদকের প্রথম নারী মহাপরিচালক

দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রথম নারী মহাপরিচালক শিরীন পারভীন। ৩০ এপ্রিল ২০২৪ তাকে পদোন্নতির মাধ্যমে মহাপরিচালক করা হয়। দুদকে প্রেষণে বা পদোন্নতি পেয়ে আটজন মহাপরিচালকের দায়িত্ব পালন করেন। দুদকের প্রথম প্রথম নারী কমিশনার (অনুসন্ধান) মোছা. আছিয়া খাতুন ও প্রথম নারী সচিব খোরশেদা ইয়াসমিন।

সুইজারল্যান্ডের জাতীয় ভাষা ৪টি — জার্মান, ফরাসি, ইতালীয় ও রোমান

www.boimate.com

# রিপোর্ট-সমীক্ষা

## GDP'র সাময়িক হিসাব : ২০২৩-২৪

প্রকাশ : ২০ মে ২০২৪

### GDP ও মাথাপিছু আয়

| ক্যাটাগরি | ২০২২-২৩ | ২০২৩-২৪ (সা.) |
|---|---|---|
| GDP (মিলিয়ন টাকা) | ৪৪,৯০৮,৪১৭ | ৫০,৪৮০,২৭৪ |
| GDP (মিলিয়ন ডলার) | ৪৫১,৫৩৪ | ৪৫৯,০৪৬ |
| GNI (মিলিয়ন টাকা) | ৪৬,৭০০,৮০২ | ৫২,৫৩১,৩৩২ |
| GNI (মিলিয়ন ডলার) | ৪৬৯,৫৫৬ | ৪৭৭,৬৯৭ |
| জনসংখ্যা (মিলিয়ন) | ১৭০.৮৪ | ১৭১.৫৯ |
| মাথাপিছু GDP (টাকা) | ২৬২,৮৬৮ | ২৯৪,১৯১ |
| মাথাপিছু GDP (ডলার) | ২,৬৪৩ | ২,৬৭৫ |
| মাথাপিছু GNI (টাকা) | ২৭৩,৩৬০ | ৩০৬,১৪৪ |
| মাথাপিছু GNI (ডলার) | ২,৭৪৯ | ২,৭৮৪ |

### স্থির মূল্যে অবদান ও প্রবৃদ্ধির হার (ভিত্তিবছর ২০১৫-১৬)


| খাত | অবদানের হার (%) | | প্রবৃদ্ধির হার (%) | |
|---|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ (সা.) | ২০২২-২৩ | ২০২৩-২৪ (সা.) |
| কৃষি | ১১.৩০ | ১১.০২ | ৩.৩৭ | ৩.২১ |
| শিল্প | ৩৭.৬৫ | ৩৭.৯৫ | ৮.৩৭ | ৬.৬৬ |
| সেবা | ৫১.০৫ | ৫১.০৪ | ৫.৩৭ | ৫.৮০ |
| সার্বিক GDP (উৎপাদন মূল্যে) | ১০০.০০ | ১০০.০০ | ৫.৭৮ | ৫.৮২ |

## ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪

১ম কোয়ার্টার (জানুয়ারি-মার্চ)

| | ক্যাটাগরি | পুরুষ | নারী | মোট |
|---|---|---|---|---|
| মিলিয়ন | শ্রমশক্তি | ৪৮.৪৫ | ২৫.৩০ | ৭৩.৭৫ |
| মিলিয়ন | কর্মে নিয়োজিত | ৪৬.৭১ | ২৪.৪৫ | ৭১.১৬ |
| মিলিয়ন | বেকার | ১.৭৪ | ০.৮৫ | ২.৫৯ |
| মিলিয়ন | শ্রমশক্তির বাহিরে | ১১.৬৮ | ৩৬.৫৮ | ৪৮.২৬ |
| মিলিয়ন | যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর) | ১৩.০৫ | ১২.৮৭ | ২৫.৯২ |
| বেকারত্বের হার (%) | | ৩.৫৯ | ৩.৩৬ | ৩.৫১ |
| শ্রমশক্তিতে অংশগ্রহণকারী (%) | | ৮০.৫৮ | ৪০.৮৯ | ৬০.৪৫ |

- খাতভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী (মিলিয়ন) : ৭১.১৬ ➢ কৃষি : ৩১.৮৩ • শিল্প : ১২.৭৫ • সেবা : ২৬.৫৮
- মোট প্রাক্কলিত জনসংখ্যা ১৭২.৯৪ মিলিয়ন
- ১৫ ও তদূর্ধ্ব বয়সি কর্মক্ষম জনসংখ্যা : ১২২.০১ মিলিয়ন ➢ পুরুষ ৬০.১৩ মিলিয়ন • মহিলা ৬১.৮৮ মিলিয়ন।




## বাংলাদেশে বিদেশি বিনিয়োগ

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুসারে ২০২৩ সালে মোট বিদেশি বিনিয়োগ ৩,০০৪.৪০ মিলিয়ন মার্কিন ডলার।

### বিনিয়োগে শীর্ষ ১০ দেশ

| দেশ | বিনিয়োগ (মি.মা.ড.) | দেশ | বিনিয়োগ (মি.মা.ড.) |
|---|---|---|---|
| যুক্তরাজ্য | ৬১৩.৯৩ | নরওয়ে | ১৭৬.৮৭ |
| নেদারল্যান্ডস | ৩৬৬.৯৬ | সিঙ্গাপুর | ১৬৯.৮১ |
| যুক্তরাষ্ট্র | ৩১৪.৯০ | হংকং | ১৫৩.১৮ |
| চীন | ২৫৯.৫৪ | ভারত | ১৩৩.২৪ |
| দক্ষিণ কোরিয়া | ১৮১.৪৩ | জাপান | ৮২.০৩ |

## বিশ্ব অভিবাসন প্রতিবেদন

প্রকাশ : ৭ মে ২০২৪ ▎প্রকাশক : আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) ▎প্রতিবেদনের শিরোনাম : World Migration Report 2024 ▎প্রতিবেদনের ধরণ : দ্বিবার্ষিক।

প্রতিবেদন অনুযায়ী— ২০২২ সালে রেমিটেন্স প্রাপ্তিতে ও উৎসে শীর্ষ ৮ দেশ (বিলিয়ন মার্কিন ডলার)।

| অবস্থান | প্রাপ্তিতে | | উৎসে | |
|---|---|---|---|---|
| | দেশ | রেমিটেন্স | দেশ | রেমিটেন্স |
| ১. | ভারত | ১১১.২২ | যুক্তরাষ্ট্র | ৭৯.১৫ |
| ২. | মেক্সিকো | ৬১.১০ | সৌদি আরব | ৩৯.৩৫ |
| ৩. | চীন | ৫১.০০ | সুইজারল্যান্ড | ৩১.৯১ |
| ৪. | ফিলিপাইন | ৩৮.০৫ | জার্মানি | ২৫.৬০ |
| ৫. | ফ্রান্স | ৩০.০৪ | চীন | ১৮.২৬ |
| ৬. | পাকিস্তান | ২৯.৮৭ | কুয়েত | ১৭.৭৪ |
| ৭. | মিসর | ২৮.৩৩ | লুক্সেমবার্গ | ১৫.৫১ |
| ৮. | বাংলাদেশ | ২১.৫০ | নেদারল্যান্ডস | ১৫.৪১ |

- অভিবাসীদের গন্তব্যে শীর্ষ দেশ : যুক্তরাষ্ট্র।
- অভিবাসী পাঠানোয় শীর্ষ দেশ : ভারত। বাংলাদেশের অবস্থান ৬ষ্ঠ।

## অর্থনৈতিক স্বাধীনতা সূচক

প্রকাশ : ফেব্রুয়ারি ২০২৪ ▎প্রকাশক : The Heritage Foundation, যুক্তরাষ্ট্র ▎অন্তর্ভুক্ত দেশ : ১৭৬ ▎সূচকের শিরোনাম : 2024 Index of Economic Freedom

সূচক অনুযায়ী— শীর্ষ দেশ : সিঙ্গাপুর ▎সর্বনিম্ন দেশ : উত্তর কোরিয়া ▎সার্কভুক্ত দেশের অবস্থান : ১০৮. ভুটান, ১১৬. বাংলাদেশ, ১২৬. ভারত, ১৩০. নেপাল, ১৪৭. পাকিস্তান, ১৪৯. শ্রীলংকা ও ১৫৮. মালদ্বীপ।

## সংকুচিত গণমাধ্যম, ক্রমবর্ধমান সহিংসতা প্রতিবেদন

প্রকাশ : ১৫ মে ২০২৪ ▎প্রকাশক : Access Now and KeepIton Coalition যৌথভাবে ▎অন্তর্ভুক্ত দেশ : ৩৯টি। প্রতিবেদন অনুযায়ী—

- ইন্টারনেট পরিষেবা বন্ধে শীর্ষ দেশ ভারত
- তালিকায় বাংলাদেশের অবস্থান ১১তম।

সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংকের নাম সুইস ন্যাশনাল ব্যাংক (SNB)

www.boimate.com

## মুক্ত গণমাধ্যম সূচক

প্রকাশ : ৩ মে ২০২৪ | প্রকাশক : ফ্রান্সভিত্তিক অলাভজনক সংস্থা Reporters Without Borders (RSF) | অন্তর্ভুক্ত দেশ : ১৮০টি | প্রতিবেদনের শিরোনাম : World Press Freedom Index 2024।

সূচক অনুযায়ী— সংবাদ মাধ্যমের স্বাধীনতা নিশ্চিতে শীর্ষ দেশ : নরওয়ে। সর্বনিম্ন দেশ : ইরিত্রিয়া | সার্কভুক্ত দেশের অবস্থান : ৭৪. নেপাল, ১০৬. মালদ্বীপ, ১৪৭. ভুটান, ১৫০. শ্রীলংকা, ১৫২. পাকিস্তান, ১৫৯. ভারত ১৬৫. বাংলাদেশ ও ১৭৮. আফগানিস্তান।

## বৈশ্বিক বাস্তুচ্যুত

প্রকাশ : ১৪ মে ২০২৪ | প্রকাশক : Internal Displacement Monitoring Centre (IDMC) | প্রতিবেদনের শিরোনাম : Global Report on Internal Displacement 2024।

প্রতিবেদন অনুযায়ী— ২০২৩ সালে উদ্বাস্তুর সংখ্যা ৭.৫৯ কোটি।
– দুর্যোগের কারণে ৭৭ লাখ ও সংঘাত-সহিংসতার কারণে ৬.৮৩ কোটি মানুষ উদ্বাস্তু হয়।

বাস্তুচ্যুত (মিলিয়ন)

| সংঘাত ও সহিংসতায় | | দুর্যোগে | |
|---|---|---|---|
| দেশ | সংখ্যা | দেশ | সংখ্যা |
| সুদান | ৯.১ মিলিয়ন | আফগানিস্তান | ১,৫০০,০০০ |
| সিরিয়া | ৭.২ মিলিয়ন | পাকিস্তান | ১,২০০,০০০ |
| গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র | ৬.৭ মিলিয়ন | ইথিওপিয়া | ৮৮১,০০৩ |
| কঙ্গো | ৫.১ মিলিয়ন | তুর্কি | ৮৮২,০০০ |
| ইয়েমেন | ৪.৫ মিলিয়ন | চীন | ৬৩৯,০০০ |
| অন্যান্য দেশ | ৩৫.৭ মিলিয়ন | অন্যান্য দেশ | ২,৬০০,০০০ |

## ডিজিটাল লেনদেনের বৈশ্বিক চিত্র

প্রকাশক : বিশ্বব্যাংক | অন্তর্ভুক্ত দেশ : ১৫৭টি।
প্রতিবেদন অনুযায়ী—

- ডিজিটাল লেনদেনের তালিকায় শীর্ষে ডেনমার্ক ও আইসল্যান্ড। দেশ দু'টির সব মানুষ ডিজিটাল লেনদেনের আওতায় রয়েছে।
- ডিজিটাল লেনদেনের তালিকায় সর্বনিম্নে জিবুতি; দেশটিতে এখনো ডিজিটাল লেনদেন ব্যবস্থা চালু হয়নি।
- ডিজিটাল লেনদেনে বাংলাদেশের অবস্থান ১০২তম।
- শতভাগ জনগোষ্ঠী ইন্টারনেট ব্যবহার করেন, এমন দেশ— সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কাতার, কুয়েত, আইসল্যান্ড ও বাহরাইন।
- বাংলাদেশের ১৫ বছরের বেশি বয়সি জনগোষ্ঠীর ৪৫ শতাংশ ডিজিটাল লেনদেনের সঙ্গে যুক্ত।
- বাংলাদেশের ৫.৩৫ লাখ মানুষ ডিজিটাল লেনদেন করেন।
- বাংলাদেশে প্রাপ্তবয়স্ক ৩৯% মানুষ ইন্টারনেট ব্যবহার করেন। এর মধ্যে মোবাইলে ইন্টারনেট ৩২% বাকি ৭% ব্রডব্যান্ড।

## বেস্ট কান্ট্রিস ফর হায়ারিং ফ্রিল্যান্সার ২০২৪

প্রকাশ : ১৯ এপ্রিল ২০২৪ | প্রকাশক : CEOWORLD magazine | অন্তর্ভুক্ত দেশ : ৩০টি
প্রতিবেদন অনুযায়ী— শীর্ষ দেশ : যুক্তরাষ্ট্র ♦ সর্বনিম্ন দেশ : নাইজেরিয়া ♦ বাংলাদেশের অবস্থান ২৯ তম।

## মতপ্রকাশের স্বাধীনতা সূচক

প্রকাশ : ২১ মে ২০২৪ | প্রকাশক : ব্রিটিশ আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা Article 19 | অন্তর্ভুক্ত দেশ : ১৬১টি
প্রতিবেদন অনুযায়ী— শীর্ষ দেশ : ডেনমার্ক ♦ সর্বনিম্ন দেশ : উত্তর কোরিয়া ♦ বাংলাদেশের অবস্থান ১২৮তম।

# পুলিৎজার পুরস্কার



পুলিৎজার পুরস্কারের মাধ্যমে যুক্তরাষ্ট্রভিত্তিক সাংবাদিক ও লেখকদের সম্মাননা দেওয়া হয়। ৬ মে ২০২৪ ঘোষণা করা হয় ২০২৪ সালের পুলিৎজার পুরস্কার প্রাপ্তদের নাম। ২০২৪ সালের বিজয়ী—

### সাংবাদিকতা

- পাবলিক সার্ভিস : ProPublica
- ব্রেকিং নিউজ রিপোর্টিং : Lookout Santa Cruz
- অনুসন্ধানমূলক প্রতিবেদন : The New York Times
- ব্যাখ্যামূলক প্রতিবেদন : The New Yorker
- স্থানীয় প্রতিবেদন : City Bureau & Invisible Institute
- জাতীয় প্রতিবেদন : Reuters
- আন্তর্জাতিক প্রতিবেদন : The New York Times
- ফিচার রচনা : The New York Times
- ভাষ্য : The Washington Post
- সমালোচনা : Los Angeles Times
- সম্পাদকীয় রচনা : The Washington Post
- সচিত্র প্রতিবেদন এবং মন্তব্য: The New Yorker
- ব্রেকিং নিউজ আলোকচিত্র : Reuters
- ফিচার আলোকচিত্র : Associated Press (AP)
- অডিও রিপোর্টিং : Invisible Institute & USG Audio

### সাহিত্য

- কল্পকাহিনী : Night Watch (জায়ান এন ফিলিপস)
- নাটক : Primary Trust (ইবোনি বুথ)
- ইতিহাস : No Right to an Honest Living: The Struggles of Boston's Black Workers in the Civil War Era (Jacqueline Jones)
- জীবনী : King: A Life (জোনাথান ইগ)
- আত্মজীবনী : Liliana's Invincible Summer : A Sister's Search for Justice (ক্রিস্টিনা রিভেরা গার্জা)
- কবিতা : Tripas: Poems (ব্রান্ডন সম)
- সাধারণ নন-ফিকশন : A Day in the Life of Abed Salama: Anatomy of a Jerusalem Tragedy (নাথান থ্রল)

সংগীত : Adagio (For Wadada Leo Smith), [Tyshawn Sorey]।

সুইজারল্যান্ডের সকল ব্যাংককে একসাথে সুইচ ব্যাংক বলা হয়

www.boimate.com

# পদক-পুরস্কার

## আরব বুকার পুরস্কার

সংযুক্ত আরব আমিরাতের আবুধাবির সংস্কৃতি ও পর্যটন মন্ত্রণালয়ের অর্থায়নে ২০০৭ সাল থেকে International Prize for Arabic Fiction (IPAF) দেওয়া শুরু হয়। আরব বিশ্বে এটিই সাহিত্যের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার। ইসরায়েলি কারাগারে বসে লেখা A Mask, the Color of the Sky শীর্ষক বইয়ের জন্য ২০২৪ সালের আরব বুকার পুরস্কার লাভ করেন ফিলিস্তিনি বন্দি বাসিম খানদাকজি। এ পুরস্কারের অর্থমূল্য ৫০,০০০ মার্কিন ডলার।

## আন্তর্জাতিক বুকার পুরস্কার

২৩ মে ২০২৪ ঘোষণা করা হয় ২০২৪ সালের আন্তর্জাতিক বুকার পুরস্কার। Kairos উপন্যাসের জন্য ২০২৪ সালের আন্তর্জাতিক বুকার পুরস্কার লাভ করেন লেখক জেনি এরপেনবেক (জার্মানি) ও অনুবাদক মাইকেল হফম্যান। এবারই প্রথম জার্মানির কোনো ব্যক্তি এ পুরস্কার লাভ করে। ২০০৫ সাল থেকে ইন্টারন্যাশনাল বুকার পুরস্কার দেওয়া হয়। পুরস্কারের অর্থমূল্য ৫০,০০০ পাউন্ড, যা লেখক ও অনুবাদক উভয়ের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হয়।



## দ্য শেখ হাসিনা ইনিশিয়েটিভ স্বর্ণপদক

কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা ও অধিকতর উন্নয়নে বিশেষ অবদান রাখায় ৩০ এপ্রিল ২০২৪ তিনজন বিশিষ্ট ব্যক্তিকে 'দ্য শেখ হাসিনা ইনিশিয়েটিভ' স্বর্ণপদক প্রদান করা হয়। তারা হলেন— প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত চিকিৎসক ইমেরিটাস অধ্যাপক ডা. এবিএম আবদুল্লাহ, জন হপকিনস ইউনিভার্সিটির গেস্ট লেকচারার বীর মুক্তিযোদ্ধা ড. আহমদ আল কবির এবং গোপালগঞ্জের শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ কেন্দ্রের পরিচালক অধ্যাপক ডা. নাহিদ ফেরদৌস।

## পোয়েট অব বঙ্গবন্ধু

১৮ মে ২০২৪ সাহিত্যবিষয়ক পত্রিকা 'লোক' কবি নির্মলেন্দু গুণকে 'পোয়েট অব বঙ্গবন্ধু' খেতাবে ভূষিত করে। বঙ্গবন্ধুকে নিয়ে সর্বাধিক সংখ্যক কবিতা লিখে 'পোয়েট অব বঙ্গবন্ধু' খেতাব ও সম্মাননা পান তিনি।

## অ্যাস্পেন ওয়ার্ডস লিটারারি প্রাইজ

ফিলিস্তিনি বংশোদ্ভূত ব্রিটিশ লেখক ইসাবেলা হাম্মাদ ২০২৪ সালের সম্মানজনক 'অ্যাস্পেন ওয়ার্ডস লিটারারি প্রাইজ' লাভ করেন। Enter Ghost উপন্যাসের জন্য তাকে এ পুরস্কার দেওয়া হয়। এ পুরস্কারের আর্থিক মূল্য ৩৫,০০০ মার্কিন ডলার।

## ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম প্রাইজ

২০২৪ সালের 'ইউনেস্কো/গিলেরমো ক্যানো ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম প্রাইজ' লাভ করেন গাজা যুদ্ধের সংবাদ সংগ্রহকারী ফিলিস্তিনি সাংবাদিকগণ। এ পুরস্কারের অর্থমূল্য হিসেবে বিজয়ী বা বিজয়ীদের ২৫,০০০ মার্কিন ডলার ও পদক প্রদান করা হয়।

## রবীন্দ্র ও নজরুল পুরস্কার


রবীন্দ্র-সাহিত্যের গবেষণায় অবদানের জন্য অধ্যাপক ভীষ্মদেব চৌধুরী ও রবীন্দ্রসংগীত-চর্চায় অবদানের জন্য অধ্যাপক লাইসা আহমদ লিসাকে রবীন্দ্র পুরস্কার ২০২৪-এ ভূষিত করে বাংলা একাডেমি। অন্যদিকে নজরুল-সাহিত্যে গবেষণায় অবদানের জন্য অধ্যাপক রাজিয়া সুলতানাকে নজরুল পুরস্কার ২০২৪-এ ভূষিত করা হয়।

## কালি ও কলম তরুণ কবি ও লেখক পুরস্কার

২০২৩ সালের কালি ও কলম তরুণ কবি ও লেখক পুরস্কার লাভ করেন চার তরুণ। পুরস্কারপ্রাপ্তদের প্রত্যেকে দুই লাখ টাকা, একটি ক্রেস্ট, সনদ ও মানপত্র প্রদান করা হয়।

| বিভাগ | বিজয়ী | গ্রন্থ |
|---|---|---|
| কথাসাহিত্য | কামরুন্নাহার দিপা | ভাতের কেচ্ছা |
| প্রবন্ধ-গবেষণা | শারফিন শাহ | জনসংস্কৃতির রূপ ও রূপান্তর |
| মুক্তিযুদ্ধবিষয়ক গবেষণা ও সাহিত্য | ফারজানা হক | ফাড়াবাড়ি হাট গণহত্যা-আদর্শ বাজার গণহত্যা |
| শিশু-কিশোর সাহিত্য | রহমান বর্ণিল | আলোয় রাঙা ভোর |

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শান্তি পদক



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে শান্তি পদক দেওয়ার সিদ্ধান্ত নেয় সরকার। এ লক্ষ্যে ২০ মে ২০২৪ মন্ত্রিসভার বৈঠকে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শান্তি পদক নীতিমালা, ২০২৪'-এর খসড়া অনুমোদন দেওয়া হয়। নীতিমালা অনুযায়ী এ পদকের অর্থমূল্য হবে এক লাখ মার্কিন ডলার। এর সঙ্গে থাকবে ১৮ ক্যারেটের ৫০ গ্রাম ওজনের একটি স্বর্ণপদক ও একটি সনদ। প্রতি দুই বছর পরপর শান্তি প্রতিষ্ঠায় কয়েকটি ক্ষেত্রে অবদানের জন্য দেশিয় বা আন্তর্জাতিক পর্যায়ের ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এ পদক দেওয়া হবে। প্রতিবার ১৭ মার্চ জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে এ পদকের জন্য মনোনীত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ঘোষণা করা হবে এবং ২৩ মে বা কাছাকাছি সময়ে এই পুরস্কার দেওয়া হবে। কারণ ২৩ মে ১৯৭৩ বঙ্গবন্ধু বিশ্ব শান্তি পরিষদ কর্তৃক 'জুলিও কুরি' শান্তি পদকে ভূষিত হন।



www.boimate.com

# বিশ্বমঞ্চে বাংলাদেশ

## Forbes ৩০ অনূর্ধ্ব ৩০

যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত বিখ্যাত বিজনেস ম্যাগাজিন Forbes ২০১১ সাল থেকে Forbes 30 Under 30 তালিকা প্রকাশ করে। ব্যবসা ক্ষেত্রে বিশেষ অবদান রাখা ৩০ বছরের কম বয়সি ৩০ জনকে নিয়ে তালিকাটি তৈরি করা হয়। ২০২৪ সালের এশিয়ার নবম সংস্করণের তালিকায় স্থান পায় বাংলাদেশি ৯ তরুণ-তরুণী। এরা হলেন— আনুশা আলমগীর, মেহেদি স্মরণ (হ্যালো টাস্ক), রেদোয়ান আহমেদ, মো. শহিদুল ইসলাম, আব্দুল গাফফার সাদী এবং এমডি তুষার (দ্রুত লোন), সুলতান মনি, মুমতাহিনা আনিকা (যাতিক), ফাহাদ আহমেদ (উইভ অ্যাপ)।

## এশিয়ান প্রভাবশালীর তালিকায় ৩ বাংলাদেশি

১৭ মে ২০২৪ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটি অ্যান্ড স্টেট পরিচালিত 'এশিয়ান প্রভাবশালী-১০০' তালিকায় স্থান পায় ৩ বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক। তারা হলেন— প্রথম নিউইয়র্ক সিটি কাউন্সিল সদস্য শাহানা হানিফ, অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান-আমেরিকা লেবার এ্যাসাল'র ন্যাশনাল প্রেসিডেন্ট মাফ মিসবাহউদ্দিন এবং দে সি ক্লু এনওয়াই'র প্রেসিডেন্ট তানবির চৌধুরী।

## MIT'র ভিজিটিং প্রফেসর জাহিদ হাসান



যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজিতে (MIT) পদার্থবিজ্ঞানের ভিজিটিং প্রফেসর পদে যোগ দেন বাংলাদেশি বিজ্ঞানী এম. জাহিদ হাসান। ২০২৪ সালের মে থেকে তিনি MIT-তে ক্লাস নেন। কোয়ান্টাম ম্যাটার ও কোয়ান্টাম টপোলজি নিয়ে শিক্ষার্থীদের পড়াবেন তিনি। তিনি প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ে পদার্থবিজ্ঞানের অধ্যাপক হিসেবে কর্মরত। সেখানেই একদল বিজ্ঞানীকে সঙ্গে নিয়ে খুঁজে পান ভাইল ফার্মিয়ন কণা। তার নেতৃত্বে এ আবিষ্কার ছিল সাম্প্রতিক পদার্থবিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। ১৯২৯ সালে প্রথম এ কণার কথা জানায় জার্মান পদার্থবিদ হারম্যান ভাইল।

## টাইম ম্যাগাজিনে জাহিদ মালেক

জনপ্রিয় মার্কিন পত্রিকা টাইম ম্যাগাজিনের 'স্বাস্থ্যক্ষেত্রে অবদান রাখা ১০০ প্রভাবশালীর' তালিকায় স্থান পায় মানিকগঞ্জ-৩ (মানিকগঞ্জ সদর এবং সাটুরিয়া) আসনের সংসদ সদস্য এবং সাবেক স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। ২ মে ২০২৪ প্রকাশিত তালিকায় বলা হয়, জাহিদ মালেক করোনা নিয়ন্ত্রণ টিকাদান কর্মসূচি এবং কালাজ্বর ও ফাইলেরিয়া নির্মূলসহ শিশুমৃত্যুহার কমাতে বিশেষ ভূমিকা রাখেন।

## ব্রিটেনে বাংলাদেশিদের জয়

- ৪ মে ২০২৪ টানা তৃতীয় মেয়াদের জন্য লন্ডনের মেয়র নির্বাচিত হন লেবার পার্টির নেতা সাদিক খান। কনজারভেটিভ প্রতিদ্বন্দ্বী সুসান হলকে ভোটে হারান তিনি। সাদিক খান প্রথমবার ২০১৬ সালে লন্ডনের মেয়র নির্বাচিন হন।
- ৩ মে ২০২৪ ব্রিটেনের স্থানীয় সরকার নির্বাচনে স্বতন্ত্র কাউন্সিলর নির্বাচিত হন বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ তরুণ ইসমাইল উদ্দীন। তার বয়স মাত্র ১৯ বছর এবং তিনি দেশটির ইতিহাসে সর্বপ্রথম কনিষ্ঠ কাউন্সিলর হিসেবে নির্বাচিত হন। ইসমাইল সিলেটের বিশ্বনাথ উপজেলার বাসিন্দা। তিনি ২০০৪ সালের জুলাইতে জন্মগ্রহণ করেন।
- ১৬ মে ২০২৪ অনুষ্ঠিত যুক্তরাজ্যের হ্যারো কাউন্সিলের মেয়র নির্বাচনে জয়ী হন সিলেটের ওসমানীনগরের সেলিম চৌধুরী। তিনি সিলেটের ওসমানীনগরের গোয়ালাবাজার ইউপির নগরীকাপন গ্রামের বাসিন্দা।
- যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম ডিপ্লোম্যাট ম্যাগাজিন থেকে 'ডিপ্লোম্যাট অব দ্য ইয়ার অ্যাওয়ার্ড ২০২৪' লাভ করেন। যুক্তরাজ্যের কূটনীতিকদের অসাধারণ অবদান রাখার জন্য প্রতিবছর এ পুরস্কার দেয় ডিপ্লোম্যাট ম্যাগাজিন।

## জাতিসংঘ দুর্নীতি প্রতিরোধী সংস্থার সদস্য

১ মার্চ ২০২৪ বিদেশে অর্থ পাচারকারীদের সহজে চিহ্নিত করে তাদের বিচারের আওতায় আনতে ও অর্থ পাচার প্রতিরোধে বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন (দুদক) গ্লোব-ই নেটওয়ার্কের সদস্য হয়। পুরো নাম দ্য গ্লোবাল অপারেশনাল নেটওয়ার্ক অব অ্যান্টিকরাপশন ল এনফোর্সমেন্ট অথরিটিজ। জাতিসংঘের ড্রাগ ও অপরাধবিষয়ক অফিসের (UNODC) মাধ্যমে ২০২১ সালে গ্লোব-ই নেটওয়ার্ক চালুর সিদ্ধান্ত নেওয়া হয়। এ প্ল্যাটফর্মে ইতোমধ্যে বিশ্বের ১১৩টি দেশ ও ২০৩টি সংস্থা সদস্য হয়। এর আগে দুদক ইউনাইটেড নেশনস কনভেনশন অ্যাগেইনস্ট করাপশনের (UNCAC) মাধ্যমে পাচার অর্থের তথ্য সংগ্রহ করতো।

## কলম্বো সিকিউরিটি কনক্লেভের সদস্য বাংলাদেশ

৯ মে ২০২৪ বাংলাদেশের পররাষ্ট্র সচিব জানান যে বাংলাদেশ কলম্বো সিকিউরিটি কনক্লেভের সদস্য হবে। বৃহত্তর ভারত মহাসাগরীয় অঞ্চলে সামুদ্রিক সীমানায় প্রতিবেশী দেশগুলোর কৌশলগত সহযোগিতা জোরদারে ২০১১ সালে শ্রীলংকার উদ্যোগে গঠিত হয় 'কলম্বো সিকিউরিটি কনক্লেভ'। তবে এটি কার্যকর হয় ২০২০ সালে। শ্রীলংকা, মালদ্বীপ, মরিশাস ও ভারত এর সদস্য। 'কলম্বো সিকিউরিটি কনক্লেভ'কে এ অঞ্চলের ভূরাজনীতিতে চীনবিরোধী জোট হিসেবে দেখা হয়।


সুইজারল্যান্ডের জাতীয় গুরুত্বপূর্ণ প্রশ্নে গণভোটের আয়োজন করা হয়
www.boimate.com



# দে শ জু ড়ে

## দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন

শুরু : ২ মে ২০২৪ • সমাপ্ত : ৯ মে ২০২৪ • মোট কার্যদিবস : ৬ দিন • বিল পাস : ১ টি।

■ **গ্রাম আদালত :** ৭ মে ২০২৪ গ্রাম আদালতের জরিমানার সীমা ৭৫,০০০ টাকা থেকে বাড়িয়ে তিন লাখ টাকা পর্যন্ত করার বিধান রেখে গ্রাম আদালত (সংশোধন) বিল-২০২৪ জাতীয় সংসদে পাস হয়। বিলে বলা হয়, একজন চেয়ারম্যান এবং উভয়পক্ষ মনোনীত দু'জন করে মোট পাঁচজন সদস্য নিয়ে গ্রাম আদালত গঠন করা হবে। প্রত্যেক পক্ষের মনোনীত দুজন সদস্যের মধ্যে একজন সদস্যকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য হতে হবে। ফৌজদারি ও দেওয়ানি মামলার সঙ্গে কোনো নারীর স্বার্থ জড়িত থাকলে সংশ্লিষ্ট পক্ষ, সদস্য মনোনয়নের ক্ষেত্রে একজন নারীকে সদস্য হিসেবে মনোনয়ন দেবে। চারজন সদস্যের উপস্থিতিতে গ্রাম আদালতের সিদ্ধান্ত দুই-দুই ভোটে অমীমাংসিত হলে চেয়ারম্যান নির্ণায়ক ভোট দিয়ে সিদ্ধান্ত দেবেন।

## গবাদিপশুর জন্য বারকোড

বাংলাদেশে উন্নত বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে গবাদিপশু শনাক্তকরণে শুরু হয় নিবন্ধন কার্যক্রম। এতে বারকোডের মাধ্যমে জানা যাবে নিবন্ধিত পশুর বিস্তারিত তথ্য। প্রাণিসম্পদ অধিদপ্তরের 'প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন (LDDP)' প্রকল্পের আওতায় গবাদিপশু নিবন্ধনের বিশেষ এ উদ্যোগ নেওয়া হয়। কর্মসূচিটির নাম Bangladesh Integrated Network for Livestock Information (BINLI)'। এ উদ্যোগের আওতায় ২০২৫ সালের মধ্যে দেশে ৫০,০০০ গবাদিপশুকে অনলাইন নিবন্ধনের আওতায় আনা হবে। নিবন্ধিত পশুর কানে ট্যাগ লাগানো হবে, তাতে থাকবে বারকোড। এছাড়াও নিবন্ধিত গবাদিপশুর মধ্যে ৪,৮০০ পশুকে বিমার আওতায় আনা হবে। এরই মধ্যে সিরাজগঞ্জের শাহজাদপুরে কয়েকটি খামারে শতাধিক গরুর নিবন্ধন কার্যক্রম শেষ হয়।



## পদ্মা সেতু পরিচালনায় কোম্পানি

পদ্মা সেতু পরিচালনায় পৃথক কোম্পানি গঠন ক সরকার। শতভাগ সরকারি মালিকানার কোম্পানির নাম হবে পদ্মা ব্রিজ অপারেশন অ্যা মেইনটেন্যান্স কোম্পানি পিএলসি। ৩০ জুন ২০ পদ্মা সেতু প্রকল্পের মেয়াদ শেষে সেতুটি কোম্পানি অধীনে চলে যাবে। এ কোম্পানি সেতু কর্তৃপক্ষে আওতাধীনে থাকবে ১১ মে ২০২২ কোম্পা গঠনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেয় সেতু কর্তৃপক্ষ

## উজবেকিস্তানের সঙ্গে বিমান চলাচল

৬ মে ২০২৪ বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে আবারও সরাসরি বিমান চলাচল-সংক্রান্ত চুক্তি খসড়া অনুমোদন দেয় মন্ত্রিসভা। এ চুক্তির আওত উজবেকিস্তানের সঙ্গে সরাসরি বিমান চলাচ কার্যক্রম শুরু হবে। দ্বিপক্ষীয় বিমান চলাচলের ক্ষে সর্বশেষ আন্তর্জাতিক মান অনুযায়ী এটি করা হয় ১৯৯৩ সালে একটি চুক্তির মাধ্যমে এটি চালু হয় তারপর ২০০৫ সালে এসে এটি বন্ধ হয়ে যায়।

## ইথিওপিয়া ও এয়ার চায়নার কার্যক্রম

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে (বেবিচক) চূড়ান্ত অনুমোদন পেলে ফ্লাইট শু করবে ইথিওপিয়ান এয়ারলাইন্স ও এয়ার চায়না ২০২৪ সালের মে থেকে ইথিওপিয়ান এয়ারলাই আদ্দিস আবাবা এবং ঢাকার মধ্যে ফ্লাইট শুরু করা প্রস্তুতি নেওয়া হয়। আর চীনের রাষ্ট্রীয় মালিকানাধী এয়ার চায়না প্রথমবারের মতো সরাসরি বেইজিং ঢাকা-বেইজিং ফ্লাইট চালু করবে। ৬ ডিসেম্ব ২০২৩ সৌদি আরবের রিয়াদে ইথিওপিয়া বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এ এয়ার সার্ভিস চুক্তি স্বাক্ষর করে।

## 'যুদ্ধশিশু'র রাষ্ট্রীয় স্বীকৃতি



মেরিনা খাতুন

৫ মে ২০২৪ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৮৯তম বৈঠকে সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলার মেরিনা খাতুনকে 'যুদ্ধশিশু' হিসেবে রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি দেওয়া হয়। বীরাঙ্গনা মুক্তিযোদ্ধা প্রয়াত পচি বেগমের সন্তান মেরিনা খাতুন ৮ সেপ্টেম্বর ২০২২ জেলা প্রশাসকের মাধ্যমে যুদ্ধশিশু হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতি চেয়ে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ে আবেদন করেন। পরবর্তীতে ২০২২ সালে জামুকার ৮২তম বৈঠকে মেরিনা খাতুনের আবেদনের পরিপ্রেক্ষিতে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সামরিক বাহিনী ও তাদের এ দেশীয় দোসরদের হাতে নির্যাতিত বীরাঙ্গনার সন্তানদের 'যুদ্ধশিশু' হিসেবে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নেয়। গত ৫৩ বছরে যুদ্ধশিশু হিসেবে বাংলাদেশে কোনো শিশু রাষ্ট্রীয় স্বীকৃতি পায়নি। বীরাঙ্গনার সন্তানেরাই এখন থেকে যুদ্ধশিশু হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতি পাবেন। যুদ্ধশিশু মেরিনার কোথাও পিতার নাম লেখার প্রয়োজন হবে না পিতার নাম ছাড়াই তিনি রাষ্ট্রের সকল সুবিধা বা অধিকার ভোগ করতে পারবেন। উল্লেখ্য, ৪ জুলাই ২০১৮ বীরাঙ্গনা মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি পান সিরাজগঞ্জের তাড়াশ উপজেলার প্রয়াত পচি বেগম, যার গেজেট নম্বর ২০৫।


www.boimate.com

## মানোন্নয়নে পান গবেষণাগার

নিরাপদ পান উৎপাদন একটি গুরুত্বপূর্ণ বিষয়। পানে কোনো প্রকার কীটনাশক বা রাসায়নিক সারের ব্যবহার করা হলে সেই পান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এসব বিষয়ে কৃষককে নিয়মিত পরামর্শ দিয়ে থাকে কৃষি অধিদপ্তর। কৃষকও এসব বিষয়ে এখন দারুণ সচেতন। এছাড়াও পানের বরজে নানা রোগ বালাই দেখা দেয়। পানের জাত ও মান উন্নয়নে রাজশাহীতে পান গবেষণা কেন্দ্র নির্মাণ করছে সরকার। ২০২৪ সালের মে মাসে রাজশাহীর মোহনপুর উপজেলায় একটি পান গবেষণাগার নির্মাণের জন্য জমি নির্ধারণ করে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI)।

## দেশে নদীবন্দর এখন ৪৮টি

৯ সেপ্টেম্বর ১৯৬০ তৎকালীন পূর্ব পাকিস্তানে (বর্তমান বাংলাদেশে) প্রথম ৬টি স্থানকে নদীবন্দর ঘোষণা করা হয়। এরপর বিভিন্ন সময়ে আরও ৪৬টি স্থান নদীবন্দর ঘোষিত হয়। আর সর্বশেষ ২৮ এপ্রিল ২০২৪ বাগেরহাটের মোংলা ঘষিয়াখালী নদীবন্দরকে ৪৭তম এবং রাজশাহী নদীবন্দরকে দেশের ৪৮তম নদীবন্দর ঘোষণা করা হয়।

### সর্বশেষ ঘোষিত ৫টি নদীবন্দর

| তম | নাম | ঘোষণা | গেজেট প্রকাশ |
|---|---|---|---|
| ৪৪তম | নরসিংহপুর নদীবন্দর, শরীয়তপুর | ২৮ ডিসেম্বর ২০২৩ | ৩১ ডিসেম্বর ২০২৩ |
| ৪৫তম | বাঞ্ছারামপুর নদীবন্দর, ব্রাহ্মণবাড়িয়া | ২৮ ডিসেম্বর ২০২৩ | ৩১ ডিসেম্বর ২০২৩ |
| ৪৬তম | সুলতানগঞ্জ নদীবন্দর, রাজশাহী | ২৮ ডিসেম্বর ২০২৩ | ৩১ ডিসেম্বর ২০২৩ |
| ৪৭তম | মোংলা ঘষিয়াখালী নদীবন্দর, বাগেরহাট | ২৮ এপ্রিল ২০২৪ | ২৯ এপ্রিল ২০২৪ |
| ৪৮তম | রাজশাহী নদীবন্দর, রাজশাহী | ২৯ এপ্রিল ২০২৪ | ৩০ এপ্রিল ২০২৪ |

## এভারেস্টের চূড়ায় ৬ বাংলাদেশি



**মুসা ইব্রাহীম**
২৩ মে ২০১০
এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশি



**এম এ মুহিত**
২১ মে ২০১১
১৯ মে ২০১২
দু'বার এভারেস্ট জয়ী



**নিশাত মজুমদার**
১৯ মে ২০১২
প্রথম বাংলাদেশি নারী এভারেস্ট জয়ী



**ওয়াসফিয়া নাজরীন**
২৬ মে ২০১২
দ্বিতীয় বাংলাদেশি নারী এভারেস্ট জয়ী



**মো: খালেদ হোসাইন**
২০ মে ২০১৩
তিনি নেমে আসার পথে মারা যান



**বাবর আলী**
১৯ মে ২০২৪
ষষ্ঠ এভারেস্ট জয়ী বাংলাদেশি

## রূপপুর বিদ্যুৎ সঞ্চালন লাইন চালু


ঈশ্বরদীর রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহের জন্য জাতীয় গ্রিডের বগুড়া উপকেন্দ্র পর্যন্ত সঞ্চালন লাইনের নির্মাণ কাজ শেষ হয়। ৩০ এপ্রিল ২০২৪ উচ্চ ক্ষমতাসম্পন্ন এ লাইনে পরীক্ষামূলক বিদ্যুৎ সঞ্চালন করা হয়। চালুর পর সফলভাবে বিদ্যুৎ সঞ্চালিত হয় বলে জানায় পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (PGCB) কর্তৃপক্ষ। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রথম ইউনিটের বিদ্যুৎ সরবরাহের জন্য কয়েকটি উচ্চ ক্ষমতাসম্পন্ন গ্রিড লাইনের প্রয়োজন। ইতোমধ্যে কয়েকটি গ্রিডের কাজ শেষ হয়েছে। গ্রিড লাইন নির্মাণের বাকি কাজ শেষ হলে ২০২৪ সালের অক্টোবরের মধ্যে তিনটি লাইন পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের কাছে হস্তান্তর করা হবে। প্রথম ইউনিটের বিদ্যুৎ উৎপাদন শুরু হলে রূপপুর-বাঘাবাড়ি লাইনের মাধ্যমে সঞ্চালন শুরু করা হবে। রূপপুর-বগুড়া লাইন তখন কার্যকর রাখা হবে। এ ২টি লাইনের বাইরেও রূপপুর থেকে গোপালগঞ্জ ১৪৪ কিলোমিটারের গ্রিড লাইনের নির্মাণকাজ চলমান রয়েছে।

## তাপপ্রবাহে ৭৬ বছরের রেকর্ড

২০২৪ সালে টানা ২৭ দিন তাপপ্রবাহ চলে। ১৯৪৮ সালের পর এ ভূখণ্ডে এটিই সর্বোচ্চ টানা তাপপ্রবাহ। এর আগে সবচেয়ে বেশি দিন তাপপ্রবাহ ছিল ২০২৩ সালে। সে সময় ১৩ এপ্রিল-৫ মে পর্যন্ত টানা ২৩ দিন তাপপ্রবাহ ছিল। ৩১ মার্চ-১১ এপ্রিল ২০২৪ পর্যন্ত দেশের নির্দিষ্ট কিছু এলাকায় মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বয়ে যায়। সে সময় তা খুব বেশি এলাকায় ছড়ায়নি। এরপর ১৫ এপ্রিল ২০২৪ পর্যন্ত আরও কয়েকটি অঞ্চলে তাপপ্রবাহ ছড়িয়ে পড়ে। ১৬ এপ্রিল থেকে প্রচণ্ড তাপপ্রবাহ শুরু হয়। ১৬ এপ্রিল-৩ মে ২০২৪ পর্যন্ত আবহাওয়া অধিদপ্তর তিন দফায় হিট অ্যালার্ট বা তাপপ্রবাহের সতর্কবার্তা জারি করে। সর্বশেষ হিট অ্যালার্ট ৪ মে পর্যন্ত ছিল। এর মধ্যে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গায় ৪২.৭° সেলসিয়াস। এটি এ বছর সর্বোচ্চ তাপমাত্রার নতুন রেকর্ড। তবে দেশের ইতিহাসে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯৭২ সালে রাজশাহীতে; তাপমাত্রা ছিল ৪৫.১° সেলসিয়াস।

সুইজারল্যান্ড জাতিসংঘের প্রথম অ-সদস্য পর্যবেক্ষক রাষ্ট্রের মর্যাদা পায় ১৯৪৮ সালে

www.boimate.com



# ৩১তম GI পণ্য টাঙ্গাইল শাড়ি

৬ ফেব্রুয়ারি ২০২৪ টাঙ্গাইল জেলা প্রশাসক টাঙ্গাইল শাড়িকে GI পণ্যের জন্য আবেদন করে। এরপর ৭ ফেব্রুয়ারি ২০২৪ পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (DPDT) তা GI জার্নালে প্রকাশ করে। নিয়ম অনুযায়ী জার্নালে প্রকাশের দু'মাসের মধ্যে কেউ আপত্তি না করায় ৯ এপ্রিল ২০২৪ টাঙ্গাইল শাড়িকে ৩১তম GI পণ্যের স্বীকৃতি দিয়ে সনদ ইস্যু করা হয়। ২৫ এপ্রিল ২০২৪ একটি অনুষ্ঠানের মাধ্যমে টাঙ্গাইল শাড়িসহ আরও ১৩টি GI সনদ আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়।

## টাঙ্গাইল শাড়ির ইতিহাস

সনাতন ধর্মের বসাক সম্প্রদায়কে টাঙ্গাইল শাড়ির মূল কারিগর বলা হয়। মুঘল আমলে যখন বিশ্ব জুড়ে আমাদের মসলিনের জয়জয়কার ঠিক তখন টাঙ্গাইলের বিভিন্ন অঞ্চলের বসাক তাঁতিদের মাধ্যমে টাঙ্গাইল শাড়ির বিকাশ ঘটে। এ তাঁতিগোষ্ঠীর একটি দল সিন্ধু অববাহিকা হয়ে ভারতের মুর্শিদাবাদ থেকে বাংলাদেশের রাজশাহী অঞ্চলে প্রবেশ করে। সেখানকার আবহাওয়া ততটা কার্যকরি না থাকার কারণে কিছু অংশ চলে আসে ঢাকার ধামরাইয়ে। তাদের নিজেদের মধ্যে মতবিরোধ দেখা দিলে ভাগ হয়ে একদল চৌহাট্টা চলে আসে। এরপর ধামরাই ও চৌহাট্টা থেকে কিছু তাঁতি আরও ভালো ও উপযুক্ত স্থান খুঁজতে খুঁজতে টাঙ্গাইলে চলে আসে। তারা সেখানে স্থায়ীভাবে টাঙ্গাইল শাড়ি বুনন শুরু করে। সে হিসেবে টাঙ্গাইলের তাঁত শিল্পের ইতিহাস শতশত বছরের পুরোনো। টাঙ্গাইলের বিভিন্ন জমিদারদের পৃষ্ঠপোষকতায় ও আনুকুল্যে তাঁতশিল্পের বিকাশ ঘটে। মূলত সূক্ষ্ম বুনন পদ্ধতি এবং মিহি হওয়ার কারণে টাঙ্গাইল শাড়ি খ্যাতি লাভ করে।

১৯২৩-২৪ সালে কাপড়ে নকশার প্রচলন শুরু হয়। ১৯৩১-৩২ সালে নকশার জন্য জ্যাকার্ড পদ্ধতি উদ্ভাবনের পর শাড়ির পাড় ও জমিনের নকশায় অনেক বেশি বৈচিত্র্য আসে। মূলত পাড়ের নকশা আগে তোলা হয় এবং এর সাথে মিল রেখে জমিনের নকশা তোলা হয়। শুরুতে টাঙ্গাইল শাড়ি ছিল ১০ হাত, পরবর্তীতে ১২/১৩/১৪ হাত শাড়ি তৈরির প্রচলন শুরু হয়। ১৯৪৭ সালের দেশ ভাগের পর টাঙ্গাইল শাড়ির প্রধান হাট হিসেবে সুপরিচিতি লাভ করে টাঙ্গাইল সদরের বাজিতপুর।

বিখ্যাত পর্যটক ইবনে বতুতা ও হিউয়েন সাং এর ভ্রমণকাহিনীতে টাঙ্গাইলের তাঁত শিল্পের কথা উল্লেখ রয়েছে। টাঙ্গাইল জেলার তাঁতবহুল গ্রাম গুলো হলো— বাজিতপুর, সুরুজ, বার্থা, বামনকুশিয়া, পাথরাইল, ঘারিন্দা, গোসাই, তন্দ্রি, নলুয়া, তারটিয়া, জোয়ার, এনায়েতপুর, দেওজান, বেলতা, গড়াসিন, সন্তোষ, নলসুন্দা, কাগমারি, বল্লা, রামপুর, বাংরো, সহদেবপুর, ভুক্তা, আকুয়া, ছাতিহাটি, আইসরা, রতনগঞ্জ, বিষ্ণুপুর ইত্যাদি।

*[GI পণ্যের আপডেট : ২৩ মে ২০২৪ পর্যন্ত]*

## সনদপ্রাপ্ত ৩১টি GI পণ্য

| ক্রম | নাম | নিবন্ধিত |
|---|---|---|
| ১ | জামদানি শাড়ি | ১ সেপ্টেম্বর ২০১৫ |
| ২ | বাংলাদেশ ইলিশ | ১৩ নভেম্বর ২০১৬ |
| ৩ | চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম | ২ ফেব্রুয়ারি ২০১৭ |
| ৪ | বিজয়পুরের সাদা মাটি | ৬ ফেব্রুয়ারি ২০১৭ |
| ৫ | দিনাজপুর কাটারীভোগ | ৬ ফেব্রুয়ারি ২০১৭ |
| ৬ | বাংলাদেশ কালিজিরা | ৭ ফেব্রুয়ারি ২০১৭ |
| ৭ | রংপুরের শতরঞ্জি | ১১ জুলাই ২০১৯ |
| ৮ | রাজশাহী সিল্ক | ২৪ সেপ্টেম্বর ২০১৭ |
| ৯ | ঢাকাই মসলিন | ২ জানুয়ারি ২০১৮ |
| ১০ | রাজশাহী-চাঁপাইনবাবগঞ্জের ফজলী আম | ৯ মার্চ ২০১৭ |
| ১১ | বাংলাদেশের বাগদা চিংড়ি | ৪ জুলাই ২০১৯ |
| ১২ | বাংলাদেশের শীতলপাটি | ১৬ মার্চ ২০২১ |
| ১৩ | বগুড়ার দই | ১ জানুয়ারি ২০১৮ |
| ১৪ | শেরপুরের তুলশীমালা ধান | ১১ এপ্রিল ২০১৮ |
| ১৫ | চাঁপাইনবাবগঞ্জের ল্যাংড়া আম | ১৯ ফেব্রুয়ারি ২০১৭ |
| ১৬ | চাঁপাইনবাবগঞ্জের আশ্বিনা আম | ১৯ ফেব্রুয়ারি ২০১৭ |
| ১৭ | নাটোরের কাঁচাগোল্লা | ৩০ মার্চ ২০২৩ |
| ১৮ | বাংলাদেশ ব্ল্যাক বেঙ্গল ছাগল | ২৫ অক্টোবর ২০১৭ |
| ১৯ | টাঙ্গাইলের পোড়াবাড়ির চমচম | ৩০ মার্চ ২০২৩ |
| ২০ | কুমিল্লার রসমালাই | ১৬ এপ্রিল ২০২৩ |
| ২১ | কুষ্টিয়ার তিলের খাজা | ১৭ এপ্রিল ২০২৩ |
| ২২ | রংপুরের হাঁড়িভাঙ্গা আম | ১৫ ফেব্রুয়ারি ২০১৭ |
| ২৩ | মৌলভীবাজারের আগর | ১২ এপ্রিল ২০১৭ |
| ২৪ | মৌলভীবাজারের আগর আতর | ১১ জুলাই ২০১৯ |
| ২৫ | মুক্তাগাছার মণ্ডা | ২ মে ২০২৩ |
| ২৬ | যশোরের খেজুরের গুড় | ২৩ মে ২০২৩ |
| ২৭ | নরসিংদীর অমৃত সাগর কলা | ২৯ আগস্ট ২০২৩ |
| ২৮ | রাজশাহীর মিষ্টি পান | ৩১ আগস্ট ২০২৩ |
| ২৯ | গোপালগঞ্জের রসগোল্লা | ২২ আগষ্ট ২০২৩ |
| ৩০ | জামালপুরের নকশিকাঁথা | ১৭ জুলাই ২০১৯ |
| ৩১ | টাঙ্গাইল শাড়ি | ৬ ফেব্রুয়ারি ২০২৪ |

প্রথম সুইস প্রেসিডেন্ট হিসেবে বাংলাদেশ সফর করেন অ্যালেই বারসেট; ২০১৮ সালে

www.boimate.com

# অর্থ-বাণিজ্য

## অত্যাবশ্যকীয় পণ্যের নতুন তালিকা

দ্রব্যমূল্য ও বাজার নিয়ন্ত্রণে অত্যাবশ্যকীয় পণ্যের তালিকা হালনাগাদ করার পাশাপাশি চিহ্নিত অপরাধের শাস্তি বাড়িয়ে নতুন আইন করছে সরকার। এ জন্য বিদ্যমান 'অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬' যুগোপযোগী করে সংশোধন করা হবে। এর অংশ হিসেবে ৭ মে ২০২৪ 'অত্যাবশ্যকীয় পণ্য আইন-২০২৪' এর খসড়া বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। খসড়ায় অপরাধ প্রমাণিত হলে তিন বছরের কারাদণ্ডসহ সর্বোচ্চ ১০ লাখ টাকা জরিমানার প্রস্তাব করা হয়।

**অত্যাবশ্যকীয় পণ্যের তালিকা :** খাদ্যদ্রব্য যার মধ্যে ধান, চাল, গম, আটা, আলু, বীজ ও চারা, মশুর ডাল, ছোলা, ভোজ্য তেল ও তৈলবীজ, পেঁয়াজ, রসুন, শুকনা মরিচ, দারুচিনি, লবঙ্গ, এলাচ, ধনে, জিরা, আদা, হলুদ, চিনি, খাবার লবণ (বিট লবণ ব্যতীত), চিনি, গুড়, মাছ, মৎস্যজাত খাদ্য, মাংস, ডিম অন্তর্ভুক্ত হবে • শিশু এবং রোগীর খাবার এবং অনুরূপ দ্রব্যাদি • ঔষধপত্র, সেইসাথে যা ইনজেকশন এর মাধ্যমে করা হয় • চিকিৎসা এবং শৈল্য চিকিৎসার যন্ত্রপাতি এবং চিকিৎসা সংশ্লিষ্ট যন্ত্রপাতি • কাগজ, নিউজ প্রিন্ট • সার • জ্বালানি তেল (পেট্রোল, ডিজেল, কেরোসিন, ফার্নেস অয়েল) • গ্যাস (পাইপলাইনের সরবরাহকৃত গ্যাস ও এলপিজি) ও রাসায়নিক দ্রব্যাদি • বিদ্যুৎ (সৌর বিদ্যুৎসহ) • লোহা ও ইস্পাত • সিমেন্ট • অন্যান্য পণ্য।

## সোনালী ব্যাংক ও BDBL একীভূতকরণ


১২ মে ২০২৪ রাষ্ট্রীয় মালিকানাধীন সোনালী ব্যাংকের সঙ্গে 'স্বেচ্ছায় একীভূত' হতে সমঝোতা চুক্তি করে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি। বাংলাদেশ শিল্প ব্যাংক (BSB) ও বাংলাদেশ শিল্প ঋণ সংস্থাকে (BSRS) একীভূত করে ২০১০ সালে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (BDBL) প্রতিষ্ঠা করা হয়। অন্যদিকে, সোনালী ব্যাংক পিএলসি বাংলাদেশের বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। 'বাংলাদেশ ব্যাংক (ন্যাশনালাইজেশন) অর্ডার ১৯৭২' অনুসারে ব্যাংকটি প্রতিষ্ঠিত হয়।

১৬ মে ২০২৪ জাতীয় অর্থনৈতিক পরিষদের (NEC) সভায় ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (ADP) জন্য ২,৬৫,০০০ কোটি টাকার বরাদ্দ অনুমোদন করা হয়। সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ৫টি প্রকল্প এবং ১০টি খাত নিম্নে দেওয়া হলো—

**সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০ খাত**

| খাত | বরাদ্দ (কোটি টাকা) | মোট ADP'র % |
|---|---|---|
| পরিবহন ও যোগাযোগ | ৭০,৬৮৭ | ২৬.৬৭ |
| বিদ্যুৎ-জ্বালানি | ৪০,৭৫১ | ১৫.৩৮ |
| শিক্ষা | ৩১,৫২৮ | ১১.৩৬ |
| গৃহায়ণ ও কমিউনিটি সুবিধা | ২৪,৮৬৮ | ৯.৩৮ |
| স্বাস্থ্য | ২০,৬৮৩ | ৭.৮০ |
| স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন | ১৭,৯৮৬ | ৬.৭৯ |
| কৃষি খাত | ১৩,২১৯ | ৪.৯৯ |
| পরিবেশ, জলবায়ু ও পানিসম্পদ | ১১,০৮৯ | ৪.১৮ |
| শিল্প ও অর্থনৈতিক সেবা | ৬,৪৯২ | ২.৪৫ |
| বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি | ৪,৭৮৬ | ১.২৫ |

সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ৫ প্রকল্প (কোটি টাকা)




## রপ্তানি নীতিমালা ২০২৪-২[illegible]

১৫ মে ২০২৪ অর্থনৈতিক বিষয়সংক্রা[illegible] মন্ত্রিসভা কমিটি রপ্তানি নীতিমা[illegible] ২০২৪-২৫ নীতিগত অনুমোদন দেয়[illegible] বর্তমান রপ্তানি নীতি ২০২১-২০২[illegible] এর মেয়াদ ৩০ জুন ২০২৪ শে[illegible] হবে। এ ধারাবাহিকতায় রপ্তানি নী[illegible] ২০২৪-২৭ এর খসড়া প্রণয়ন ক[illegible] হয়। অর্থনৈতিক উন্নয়নে সরকারে[illegible] পঞ্চবার্ষিকী পরিকল্পনা, রপ্তানি খাতে[illegible] চাহিদা এবং বিশ্ব বাণিজ্য পরিস্থি[illegible] ও প্রেক্ষাপটের সঙ্গে সামঞ্জস্যপূ[illegible] নীতি প্রণয়নের লক্ষ্যে প্রতি ৩ বছ[illegible] অন্তর রপ্তানি নীতি প্রণয়ন করা হয়[illegible]

## দেশীয় বহরে ১০০তম জাহাজ

মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ (MGI[illegible] 'এমভি নিউ চাম্প' নিবন্ধিত হ[illegible] শতকের ঘরে উন্নীত হবে সমুদ্রগা[illegible] দেশীয় জাহাজের বহর। অস্ট্রেলিয়া[illegible] বন্দরে নোঙর করে রাখা 'এমভি নি[illegible] চাম্প' জাহাজে শেষবারের মতে[illegible] উড়ছে লাইবেরিয়ার পতাকা। দেশী[illegible] বহরে সমুদ্রগামী জাহাজের শত[illegible] উপলক্ষে 'এমভি নিউ চাম্প' জাহাজটি[illegible] নতুন নামকরণ করা হয় 'এমভি মেঘন[illegible] সেঞ্চুরি'। এছাড়া দেশীয় বহরে[illegible] ৯৯তম জাহাজটিও MGI'র নামকর[illegible] করা হয় এমভি মেঘনা পাইওনিয়ার[illegible] উল্লেখ্য, ১৯৭৮ সালে 'এমভি আ[illegible] সালমা' নামের জাহাজের মাধ্যমে[illegible] বেসরকারি খাতে প্রথম জাহাজ আসে[illegible]

## ২৫০০ বছর আগের বাণিজ্যকেন্দ্র

১১ মে ২০২৪ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে[illegible] প্রত্নতত্ত্ব বিভাগের এক দল শিক্ষ[illegible] ঘোষণা দেন চাঁপাইনবাবগঞ্জে[illegible] রহনপুরে ২৫০০ বছরের পুরোনো[illegible] একটি বাণিজ্যকেন্দ্র ও বসতি এলাকা[illegible] আবিষ্কৃত হয়েছে। এখানে হাজা[illegible] বছরের পুরোনো ছাপাঙ্কিত রৌপ্যমুদ্রা[illegible] ছাঁচে ঢালা তাম্রমুদ্রাসহ প্রাচীন না[illegible] প্রত্ননিদর্শন পাওয়া যায়। এছাড়া [illegible] প্রত্নাঞ্চলে কেন্দ্রীয় শাসনব্যবস্থা[illegible] পরিকল্পিত পানি ব্যবস্থাপনা [illegible] বসতির প্রমাণ পান। এর মাধ্যমে[illegible] গবেষকরা মনে করেন মহাস্থানগড় [illegible] উয়ারী বটেশ্বরের সমসাময়িক কালে[illegible] একটি প্রাচীন বাণিজ্যকেন্দ্র হিসেবে[illegible] ওই এলাকা গড়ে উঠে।



www.boimate.com



# বিনিময় হার নির্ধারণে ক্রলিং পেগ

৮ মে ২০২৪ বাংলাদেশ ব্যাংক ডলারের বিনিময় হার নির্ধারণে 'ক্রলিং পেগ' পদ্ধতি চালু করে। ক্রলিং পেগ চালু করে কেন্দ্রীয় ব্যাংক ডলারের বিপরীতে টাকার বড় ধরনের অবমূল্যায়ন করে। প্রথম দিনেই ডলারের দাম ৭ টাকা বা ৬.৩৬% বাড়িয়ে মধ্যবর্তী এ দর নির্ধারণ করা হয় ১১৭ টাকা। বিনিময় হার-পদ্ধতি এবং ক্রলিং পেগ নিয়ে এবারের আয়োজন।

## বিনিময় হারের ইতিহাস

মানুষ যখন ব্যবসা-বাণিজ্য শুরু করে, তখন থেকেই বৈদেশিক মুদ্রার বিনিময় হার ব্যবস্থা চালু হয়। ৫০০ বছর আগে বিশ্বের প্রথম বৈদেশিক মুদ্রার বিনিময় বাজার চালু হয় আমস্টারডামে। ১৮৭৫ সালে বিনিময় হার নির্ধারণে স্বর্ণ মান ব্যবস্থা চালু হয়। অর্থাৎ একটি দেশের মজুতে যত সোনা রয়েছে, ঠিক ততো মুদ্রাই তারা ছাপতে পারবে। এ ব্যবস্থা ভেঙে যায় প্রথম বিশ্বযুদ্ধের পর। ১৯৩১ সালে গোল্ড স্ট্যান্ডার্ড প্রথম পরিত্যাগ করে গ্রেট ব্রিটেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১-১২ জুলাই ১৯৪৪ যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যের ব্রেটন উডস শহরের অর্থনৈতিক সম্মেলন থেকে উদ্ভব হয় ব্রেটন উডস ব্যবস্থার। এর লক্ষ্য ছিল স্থিতিশীল বিনিময় হার ব্যবস্থার প্রবর্তন। ১৫ আগস্ট ১৯৭১ তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন ব্রেটন উডস ব্যবস্থা বাতিল করে দেন। মার্কিন ডলার সোনায় রূপান্তরের ক্ষমতা বাতিল করার এ পদক্ষেপকে বলা হয় 'গোল্ডেন উইন্ডো' বন্ধ করা, যাকে অনেকে 'নিক্সন শক' বলে থাকেন। এরপর ১ মার্চ ১৯৭৩ থেকে যে যার মতো করে বিনিময় ব্যবস্থা অনুসরণ করা শুরু করে। আর এভাবেই বিশ্বে যাত্রা শুরু হয় ভাসমান বা ফ্লোটিং বিনিময় হারের। আর যারা দুর্বল, তারা বেছে নেয় স্থির বিনিময় হারকে। সেই বিনিময় হারের আরেক সংস্করণ 'ক্রলিং পেগ'।

## বাংলাদেশ প্রেক্ষাপট

স্বাধীনতার পূর্বে বাংলাদেশের মধ্যবর্তী মুদ্রা ছিল ব্রিটিশ পাউন্ড স্টার্লিং। ১ জানুয়ারি ১৯৭২ পাকিস্তানি রুপির পরিবর্তে বাংলাদেশি মুদ্রা হিসেবে টাকাকে জাতীয় মুদ্রা করা হয়। একই সাথে বিনিময় হার নির্ধারণ করা হয় পাউন্ড প্রতি ১৮.৯৬৭৭ টাকা। তবে মধ্যবর্তী মুদ্রা হিসেবে ব্রিটিশ পাউন্ড স্টার্লিংকেই ধরে রাখে। ২৩ জানুয়ারি ১৯৭২ পাউন্ডের বিনিময় হার ডলারের সঙ্গে ভাসমান বা ফ্লোটিং করা হয়। তখন দেশে ডলারের বিনিময় হার ছিল ৭.২৭০২৭ টাকা। স্বাধীনতার পর প্রথম ১৭ মে ১৯৭৫ টাকার বিপরীতে পাউন্ডের মূল্য নির্ধারণ করা হয় ৩০ টাকা। বাংলাদেশের ইতিহাসে এখন পর্যন্ত এটিই সর্বোচ্চ অবমূল্যায়ন। বিনিময় হার ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন আসে ১১ জানুয়ারি ১৯৮৩। এ সময় পাউন্ডের পরিবর্তে মার্কিন ডলারকে মধ্যবর্তী মুদ্রা হিসেবে বেছে নেওয়া হয়। ২৪ মার্চ ১৯৯৪ IMF চুক্তির অনুচ্ছেদ ৮ অনুসারে চলতি হিসাব লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশি টাকা রূপান্তরযোগ্য ঘোষণা করা হয়। এক্সচেঞ্জ রেট সার্কুলার নম্বর ১ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক ৩১ মে ২০০৩ থেকে আন্তর্জাতিক বাজারে বাংলাদেশ টাকা-ডলার বিনিময়হারকে সম্পূর্ণরূপে বাজারভিত্তিক (Floating Regime) করার ঘোষণা করে। সর্বশেষ ৮ মে ২০২৪ বাংলাদেশ ব্যাংক টাকা-ডলারের বিনিময় হার নির্ধারণে 'ক্রলিং পেগ' পদ্ধতি চালু করে। উল্লেখ্য, স্বাধীনতার পর থেকে মুদ্রা ভাসমান করার পূর্ব পর্যন্ত বাংলাদেশে মোট ৮৬ বার টাকার অবমূল্যায়ন এবং ২ বার অতিমূল্যায়ন করা হয়।

## মুদ্রা বিনিময়ের পদ্ধতি

সাধারণত ডলার বা অন্যান্য বৈদেশিক মুদ্রা বিনিময়ের ক্ষেত্রে দুই ধরনের পদ্ধতি ব্যবহার করা হয়— হার্ড পেগ (Hard Peg) এবং সফট পেগ (Soft Peg)।

- হার্ড পেগ পদ্ধতিতে সরকার বৈদেশিক মুদ্রার মান নিজে ঠিক করে দেয়।
- সফট পেগ পদ্ধতিতে বাজারের ওপরে মুদ্রার মান ছেড়ে দেওয়া হয়। তবে সরকার বা ব্যাংক চাইলে সফট পেগ পদ্ধতিতে ডলারের একটি সম্ভাব্য দাম ধরে দিতে পারে।
- এছাড়া অনেক দেশে ডলারের মান সম্পূর্ণ বাজারমুখী রাখতে এবং হস্তক্ষেপবিহীন মান নির্ধারণে ভাসমান বিনিময় হার ব্যবহার করা হয়।

■ **ক্রলিং পেগ**: ইংরেজি শব্দ 'ক্রলিং' (Crawling)-এর বাংলা অর্থ 'হামাগুড়ি দেওয়া', আর 'পেগ' (Peg) শব্দটির নানা অর্থ হলেও অর্থনীতির মুদ্রা ব্যবস্থায় এর অর্থ 'নির্দিষ্ট সীমা'। অর্থাৎ হামাগুড়ি দেওয়ার সুযোগ থাকবে, তবে নির্দিষ্ট একটি সীমার মধ্যে। এ দৃষ্টিতে বলা যায়, 'ক্রলিং পেগ' হলো বিনিময় হার সমন্বয়ের একটি পদ্ধতি, যেখানে একটি নির্দিষ্ট সীমার মধ্যে বিদেশী মুদ্রার দাম ওঠানামা করার অনুমতি দেওয়া হয়। নিয়ন্ত্রিত বা বেঁধে দেওয়া বিনিময় হার থেকে উন্মুক্ত বাজার দরে প্রবেশের আগের ধাপটিই মূলত 'ক্রলিং পেগ'। অর্থনীতিতে নিজ দেশের মুদ্রার অবমূল্যায়ন প্রকট আকার ধারণ করলে 'ক্রলিং পেগ' পদ্ধতিতে বৈদেশিক মুদ্রার মান নির্ণয় করা হয়। কোনো দেশে ডলারের সর্বোচ্চ ও সর্বনিম্ন মূল্য কত হবে সেটির একটি সীমা ঠিক করে দেওয়া।

■ **ক্রলিং পেগের কাজ**: মুদ্রার গতিবিধি নিয়ন্ত্রণ করার জন্য মুদ্রা কর্তৃপক্ষ ক্রলিং পেগ গ্রহণ করে, প্রধানত যখন মুদ্রাস্ফীতি বা অর্থনৈতিক অস্থিতিশীলতার কারণে অবমূল্যায়নের হুমকি দেখা দেয়। কেন্দ্রীয় ব্যাংক সমন্বিত পদ্ধতিতে মুদ্রা বিক্রি ও ক্রয় করে হস্তক্ষেপ করে, সমমূল্যকে ব্যান্ডে থাকার অনুমতি দেয়।

ইউরোপীয় অর্থনৈতিক কমিশনের (ECE) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

# বি শ্ব জু ড়ে



## রাশিয়ার প্রধানমন্ত্রী

১০ মে ২০২৪ রাশিয়ার নতুন প্রধানমন্ত্রী হিসেবে মিখাইল মিশুস্তিনের নাম ঘোষণা করেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। দেশটির ক্ষমতাসীন 'ইউনাইটেড রাশিয়া পার্টি' সর্বসম্মতিক্রমে



মিশুস্তিনকে প্রধানমন্ত্রী পদের জন্য মনোনয়ন দেওয়ার পর পার্লামেন্টের নিম্নকক্ষ ডুমায় ৪২৪ ভোটের মধ্যে ৩৮৩ ভোট পান তিনি। এর আগে ৭ মে ২০২৪ রাশিয়ার প্রেসিডেন্ট হিসেবে পঞ্চমবারের মতো শপথ নেন ভ্লাদিমির পুতিন। মিখাইল মিশুস্তিন এর আগে রাশিয়ার কর বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ৫৩ বছর বয়সি মিশুস্তিন ১৯৯৯ সাল থেকে আমলা হিসেবে দায়িত্বরত আছেন।

## ফার্স্ট মিনিস্টার হামজার পদত্যাগ

২৯ এপ্রিল ২০২৪ স্কটিশ ন্যাশনাল পার্টির (SNP) নেতা ও স্কটল্যান্ডের ফার্স্ট মিনিস্টার



হামজা ইউসুফ পদত্যাগ করার ঘোষণা দেন। ৭ মে ২০২৪ আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেন তিনি। ২০২৪ সালের এপ্রিলে স্কটিস ন্যাশনাল পার্টির (SNP) সঙ্গে স্কটিস গ্রিন পার্টির জোট ভাঙার পরই এ পদক্ষেপ নেন ইউসুফ। ২৯ মার্চ ২০২৩ প্রথম মুসলিম হিসেবে স্কটল্যান্ডের ৬ষ্ঠ ফার্স্ট মিনিস্টার নির্বাচিত হন হামজা ইউসুফ।


## EU পার্লামেন্টে নতুন বিল

২৪ এপ্রিল ২০২৪ পোশাক খাতের শ্রমিকদের অধিকার নিশ্চিত করতে ইউরোপীয় ইউনিয়নের (BBD) পার্লামেন্ট ভবন ফ্রান্সের স্ট্রাসবার্গে Corporate Sustainability Due Diligence Directive (CSDDD) আইনটি পাস হয়। সাভারের রানা প্লাজা ধসের ১১ বছর পূর্তিতে আইনটি নিয়ে ভোট হয়। ফলে প্রথমবারের মতো সরবরাহ ব্যবস্থায় কমপ্লায়েন্স না মানার দায় আমদানিকারকদের নিতে হবে এবং এখন থেকে সরবরাহ লাইনে নিরাপদ কর্মপরিবেশ, মানবাধিকার এবং নায্য মজুরি নিশ্চিত করবেন ক্রেতারা। ইইউ পার্লামেন্টে এ আইনের পক্ষে ভোট পড়ে ৩৭৪টি, ভোট দানে বিরত ছিল ১৯টি আর বিপক্ষে ভোট পড়েছে ২৩৫টি। দেশে-বিদেশে ইইউর যেসব প্রতিষ্ঠানের বার্ষিক ন্যূনতম বিক্রি ৪৫০ মিলিয়ন ইউরো এবং কর্মীর সংখ্যা ১০০০ এর উপরে তারা নতুন এ আইনের আওতায় পরবে। যেসব করপোরেট এ আইন মানবে না তাদের বার্ষিক মুনাফার ৫% জরিমানা গুনতে হবে। নতুন আইনটি পাস হলেও সদস্য রাষ্ট্রের সাথে আলোচনা শেষে আইনটি কার্যকর হতে আরও দুই বছর সময় লাগবে।

## ১৫০ বছর পর ধনরত্ন ফেরত

১৫০ বছরের বেশি সময় আগে আসান্তে সাম্রাজ্য (বর্তমান ঘানা) থেকে লুট করা স্বর্ণ-রৌপ্যের ৩২টি দামি নিদর্শন ফেরত দেয় যুক্তরাজ্য। নিদর্শনগুলো দুটি পৃথক তিন বছর-মেয়াদি চুক্তির অধীনে ধার হিসেবে পায় ঘানা। নিদর্শনগুলোর মধ্যে ১৫টি রাখা ছিল ব্রিটিশ মিউজিয়ামে। আর ১৭টি ভিক্টোরিয়া অ্যান্ড অ্যালবার্ট মিউজিয়ামে। ১৯ শতকে ব্রিটিশ ও আসান্তেদের মধ্যে সংঘাতকালে আসান্তে রাজার দরবার থেকে নিদর্শনগুলো লুট করা হয়। যুক্তরাজ্যের সঙ্গে ঘানার কর্তৃপক্ষের চুক্তি অনুযায়ী, এ নিদর্শনগুলো জাদুঘরের প্রদর্শনীতে রাখা হবে। এ প্রদর্শনী ১ মে ২০২৪ থেকে শুরু হয়। ২০ এপ্রিল ২০২৪ ঘানার প্রধান মধ্যস্থতাকারী এ নিদর্শনগুলো ফেরত পাওয়ার বিষয়টি নিশ্চিত করেন।

## ৩শ' বছরের পুরোনো শহর



ফিলিপাইনে প্রায় ৩০০ বছরের পুরোনো শহরের ধ্বংসাবশেষ পুনরায় দেখা যায়। একটি কৃত্রিম হ্রদের পানি শুকিয়ে যাওয়ায় শহরটি এখন দৃশ্যমান। তীব্র তাপপ্রবাহে একটি বড় বাঁধের ভেতরের জলাধার শুকিয়ে যায়। এ বাঁধ নির্মাণের ফলে ১৯৭০-এর দশকে প্রাচীন পান্তাবঙ্গন শহরটি নিমজ্জিত হয়। কিন্তু সম্প্রতি শুষ্ক আবহাওয়া, গরম ও খরায় হঠাৎ শহরটি দৃশ্যমান হয়। ১৬৪৫ সালে স্প্যানিশ মিশনের এক পুরোহিত পান্তাবঙ্গনে বসতি স্থাপন করেন। ধীরে ধীরে এটি গ্রামে পরিণত হয়। এরপর ১৭৪৭ সালে এলাকাটি আনুষ্ঠানিকভাবে ফিলিপাইনের মানচিত্রে অন্তর্ভুক্ত হয়। ১৯০০ সালে পান্তাবঙ্গন আনুষ্ঠানিকভাবে শহরের মর্যাদা পায়।



www.boimate.com



## যুক্তরাষ্ট্রে ইহুদি বিদ্বেষ সংক্রান্ত বিল পাস

১ মে ২০২৪ ইহুদি বিদ্বেষ সংক্রান্ত একটি বিতর্কিত বিল পাস করে ইউনাইটেড স্টেটস হাউস অব রিপ্রেজেন্টেটিভস বা নিম্নকক্ষ প্রতিনিধি



পরিষদ। পাস হওয়া বিলটি এখন অনুমোদনের জন্য কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে পাঠানো হবে। বিলটির পক্ষে ৩২০ জন আর বিপক্ষে ৯১ জন ভোট দেয়। বিলটিকে মূলত মার্কিন যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলোর ক্যাম্পাসে চলমান যুদ্ধবিরোধী বিক্ষোভের প্রতিক্রিয়া হিসেবে দেখা হচ্ছে। যদি বিলটি আইনে পরিণত হয় তবে এর মধ্য দিয়ে ১৯৬৪ সালের International Holocaust Remembrance Alliance (IHR) এর দেওয়া ইহুদি বিদ্বেষের সংজ্ঞাকে বিধিবদ্ধ করা হবে। IHR'র সংজ্ঞা অনুযায়ী, ইহুদি বিদ্বেষ হলো ইহুদিদের নিয়ে একটি নির্দিষ্ট ধারণা, যা ইহুদিদের প্রতি ঘৃণা প্রকাশে ব্যবহার করা হতে পারে।

## টিকটক নিষিদ্ধ করার বিল পাস

২০ এপ্রিল ২০২৪ মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেন্টেটিভে টিকটক নিষিদ্ধের বিল পাসের পর ২৩ এপ্রিল ২০২৪ দেশটির উচ্চকক্ষ সিনেটেও বিলটি পাস হয়। এর আওতায় টিকটকের চীনা মালিক প্রতিষ্ঠান বাইটড্যান্সকে যুক্তরাষ্ট্রে তাদের শেয়ার আগামী ছয় মাসের মধ্যে বিক্রি করে দিতে হবে। অন্যথায় যুক্তরাষ্ট্রে এই অ্যাপটি ব্লক করে দেওয়া হবে। ২৪ এপ্রিল ২০২৪ বিলটিতে প্রেসিডেন্ট জো বাইডেন স্বাক্ষরের পর এটি আইনে পরিণত হয়। এটির ফলে বাধ্যতামূলকভাবে টিকটক বিক্রির বিষয়ে চীনা কর্তৃপক্ষের অনুমোদন চাইতে হবে বাইটড্যান্সকে।

## ইসরায়েলের সঙ্গে সম্পর্ক ছিন্ন কলম্বিয়ার

ফিলিস্তিনের গাজায় হামলার কারণে ২ মে ২০২৪ ইসরায়েলের সঙ্গে সকল ধরনের কূটনৈতিক সম্পর্ক আনুষ্ঠানিকভাবে ছিন্ন করে কলম্বিয়া। আন্তর্জাতিক বিচার আদালতে (ICJ) ইসরায়েলের বিরুদ্ধে গণহত্যার অভিযোগ আনা দক্ষিণ আফ্রিকার পক্ষে যোগ দেয় দেশটি। গাজায় নির্বিচারে মানুষ হত্যার পরিপ্রেক্ষিতে ইসরায়েলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে দক্ষিণ আমেরিকার আরেক দেশ বলিভিয়া। সেসময় কলম্বিয়া, চিলি ও হন্ডুরাসসহ দক্ষিণ আমেরিকার আরও কয়েকটি দেশ ইসরায়েল থেকে তাদের রাষ্ট্রদূতদের প্রত্যাহার করে নেয়।

## ইসরায়েলের সাথে বাণিজ্যিক সম্পর্ক স্থগিত

২ মে ২০২৪ গাজায় নির্বিচার আগ্রাসন ও মানবাধিকারের আন্তর্জাতিক আইন লঙ্ঘন করার অভিযোগ তুলে ইসরাইলের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থগিত করে তুরস্ক। তুরস্কের বাণিজ্য মন্ত্রণালয় জানায় ইসরায়েল সরকার গাজায় পর্যাপ্ত



মানবিক সাহায্য প্রবাহের অনুমতি না দেওয়া পর্যন্ত তুরস্ক কঠোর এবং সিদ্ধান্তমূলকভাবে এই নতুন পদক্ষেপ বাস্তবায়ন করবে। এর আগে গত ৯ এপ্রিল ২০২৪ তুরস্ক ইসরায়েলে ৫৪টি পণ্যের রপ্তানি বন্ধ ঘোষণা করে। ১৬ মে ২০২৪ এ প্রেক্ষাপটে আঙ্কারার সাথে মুক্তবাণিজ্য চুক্তি বাতিল ও তুর্কি পণ্যে শতভাগ আমদানি শুল্ক আরোপের ঘোষণা দেয় ইসরায়েলের বাণিজ্য মন্ত্রণালয়। প্রথম মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হিসেবে ১৯৪৯ সালে ইসরায়েলকে স্বীকৃতি দেয় তুরস্ক।

## ইউরোপীয় পার্লামেন্ট নির্বাচন ২০২৪

৬-৯ জুন ২০২৪ অনুষ্ঠিত হবে ২০২৪ সালের ইউরোপীয় পার্লামেন্টের দশম নির্বাচন। ইউরোপের ২৮টি দেশের প্রায় ৪০ কোটি জনগণ পাঁচ বছরের জন্য তাদের ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধিদের নির্বাচিত করবেন। ১৯৫২ সালে গঠিত ইউরোপীয় পার্লামেন্ট ১৯৭৯ সালে প্রথম সরাসরি নির্বাচন অনুষ্ঠিত হয়। এটি বিশ্বের বৃহত্তম আন্তঃরাষ্ট্রীয় গণতান্ত্রিক প্রতিনিধিত্বমূলক আইনসভা। ইউরোপীয় ইউনিয়নের তিনটি প্রধান ইনস্টিটিউটের মধ্যে ইউরোপীয় পার্লামেন্ট অন্যতম। এ ছাড়া বাকি দুটি হলো— ইউরোপীয় কমিশন এবং ইউরোপীয় কাউন্সিল। ইউরোপীয় পার্লামেন্ট বা পার্লামেন্টের সদস্যরা মূলত জোটভুক্ত দেশগুলোর জনগণের প্রতিনিধিত্ব করে।

### আসন বন্টন

ইউরোপীয় পার্লামেন্টের আসন ভাগ করা হয় ভোটারের আনুপাতিক নীতির উপর ভিত্তি করে, যাতে প্রতিটি দেশের জনসংখ্যার আকার বিবেচনায় নেওয়া হয়। ২০২৪ সালে ইউরোপীয় পার্লামেন্ট নির্বাচনে ১২টি দেশের মধ্যে ১৫টি অতিরিক্ত আসন ভাগ করা হয়। এ নিয়ে সর্বমোট আসন হবে ৭২০টি। তবে ইউরোপীয় পার্লামেন্টের সদস্য সংখ্যা ৭৫০ এর বেশি হতে পারে না। বর্তমানে ইউরোপীয় পার্লামেন্ট সদস্য ৭০৫ জন। একটি দেশের সর্বনিম্ন ৬ জন থেকে সর্বোচ্চ ৯৬ জন পর্যন্ত সদস্য হতে পারে।

### ইউরোপীয় পার্লামেন্ট তথ্য কণিকা

- ইউরোপীয় পার্লামেন্টের সদস্যরা বিভিন্ন রাজনৈতিক দলে বসেন— তারা জাতীয়তার দ্বারা নয়, রাজনৈতিক আনুগত্যের দ্বারা সংগঠিত। বর্তমানে ইউরোপীয় পার্লামেন্টে ৭টি রাজনৈতিক দল রয়েছে।
- একটি রাজনৈতিক দল গঠনের জন্য ২৩ জন সদস্যের প্রয়োজন হয় এবং অন্তত এক-চতুর্থাংশ সদস্য রাষ্ট্রকে দলের মধ্যে প্রতিনিধিত্ব করতে হবে।

# দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট রাইসি নিহত

মধ্যপ্রাচ্যের চলমান চরম উত্তেজনার মধ্যেই আকস্মিক এক হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি, পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির আব্দোল্লাহিয়ানসহ ৯ জনের মর্মান্তিক মৃত্যু হয়। রাইসির মৃত্যু ইরানের জন্য বিরাট এক ধাক্কা। ইব্রাহিম রাইসি ক্ষমতায় আসার পর ইসরায়েলের বৈরিতা ও যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা মোকাবিলায় প্রতিবেশীদের পাশাপাশি চীন ও রাশিয়ার সঙ্গে সম্পর্ক উন্নয়নে বিশেষভাবে মনোযোগ দেন।

## হেলিকপ্টার দুর্ঘটনার প্রেক্ষাপট

১৯ মে ২০২৪ আজারবাইজানের সীমান্তবর্তী এলাকায় দুই দেশের যৌথভাবে নির্মিত একটি বাঁধ উদ্বোধন করতে যান ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি। সেখান থেকে ১৭০ কিলোমিটার দূরে ইরানের পূর্ব আজারবাইজান প্রদেশের রাজধানী তাবরিজের উদ্দেশে যাত্রা করেন ইব্রাহিম রাইসি, পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির আব্দোল্লাহিয়ান ও তাদের সঙ্গে থাকা অন্য কর্মকর্তারা। ৫৮ কিলোমিটার যাওয়ার পর ভারজাগান এলাকায় দুর্গম পাহাড়ে প্রেসিডেন্টকে বহনকারী হেলিকপ্টারটি বিধ্বস্ত হলে সকলেই মারা যান। তবে এই বহরের অন্য দুটি হেলিকপ্টার নিরাপদে অবতরণ করে। প্রেসিডেন্ট রাইসি যে হেলিকপ্টারে ফিরছিলেন, সেটি যুক্তরাষ্ট্রের তৈরি 'বেল-২১২' মডেলের। ভিয়েতনাম যুদ্ধের সময় ব্যাপকভাবে ব্যবহার করা 'ইউএইচ-১এন' হেলিকপ্টারের বেসামরিক সংস্করণ এটি। ফ্লাইট গ্লোবালের হিসাবে, দেশটির বিমানবাহিনী ও নৌবাহিনীর কাছে এ মডেলের ১০টি হেলিকপ্টার রয়েছে।

## দুর্ঘটনা নাকি নাশকতা

ইরানের প্রেসিডেন্টকে বহনকারী হেলিকপ্টার সত্যিই দুর্ঘটনার কবলে পড়েছিল, নাকি এটি দেশটির প্রধান শত্রু ইসরায়েলের নাশকতা– তা নিয়ে জোরালো প্রশ্ন উঠতে শুরু করে। ১ এপ্রিল ২০২৪ সিরিয়ার রাজধানী দামেস্কে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালায় ইসরায়েল। জবাবে ১৩-১৪ এপ্রিল ২০২৪ রাইসির নেতৃত্বেই ইরান ইসরায়েলের ভূখণ্ডে প্রথমবার সরাসরি হামলা চালায়। ইসরায়েলের বিরুদ্ধে ছায়াযুদ্ধ চালাতে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ ও সংগঠনের বড় পৃষ্ঠপোষক ইরান। ফলে ইরানকে সব সময়ই ঘায়েল করতে সচেষ্ট থাকে ইসরায়েল। এসব কারণে রাইসির হেলিকপ্টার দুর্ঘটনার জন্য ইসরায়েলকে দায়ী করেন ইসরায়েলবিরোধী কর্মী ও ভাষ্যকাররা।




## বিপ্লবী থেকে প্রেসিডেন্ট

ইরানের প্রভাবশালী নেতাদের একজন ছিলেন ইব্রাহিম রাইসি। বর্ণাঢ্যময় কর্মজীবন ছিল তার। রাইসি রাজনৈতিক দিক থেকে শিয়া ইসলামি কট্টরপন্থার সমর্থক। বিশ্ব নবীর রক্তসম্পর্কিত উত্তরাধিকার দাবি জানিয়ে সবসময় কালো রঙের পাগড়ি পরিধান করতেন তিনি। ধারণা করা হতো, তিনি একদিন দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ খামেনির উত্তরসূরি হবেন।

■ **জন্ম ও কর্মজীবন :** ১৪ ডিসেম্বর ১৯৬০ উত্তর-পূর্ব ইরানের পবিত্র শহর মাশহাদে তার জন্ম। ছোটবেলা থেকেই তিনি ধর্মীয় অনুশাসনের মধ্যে বড় হন। তিনি মোতাহারি বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রি অর্জন করেন। তিনি মাত্র ২০ বছর বয়সে তেহরানের পার্শ্ববর্তী শহর কারাজের প্রসিকিউটর-জেনারেল নিযুক্ত হন। এরপর ২৫ বছর বয়সে তেহরানে ডেপুটি প্রসিকিউটর হিসেবে নিয়োগ পান। ১৯৮৯-১৯৯৪ সাল পর্যন্ত তেহরানের প্রসিকিউটর-জেনারেলের দায়িত্ব পালন করেন। ২০০৪ সাল থেকে তিনি জুডিশিয়াল অথরিটির উপপ্রধানের দায়িত্ব পালন করেন। ২০১৪ সালে যুক্তরাষ্ট্র তার বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে নিষেধাজ্ঞা দেয়। ৭ মার্চ ২০১৯ ইরানের প্রধান বিচারপতির দায়িত্ব গ্রহণ করেন।

■ **প্রেসিডেন্ট :** ২০১৭ সালে প্রেসিডেন্ট পদে নির্বাচন করেন ইব্রাহিম রাইসি। কিন্তু রাইসিকে হারিয়ে নির্বাচনে জয়ী হন তৎকালীন প্রেসিডেন্ট হাসান রুহানি। তবে ২০২১ সালে দ্বিতীয় দফায় নির্বাচন করে ইরানের প্রেসিডেন্ট নির্বাচিত হন। ৩ আগস্ট ২০২১ তিনি প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

## অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট



ইসলামিক প্রজাতন্ত্র ইরানের সংবিধানের ১৩১ অনুচ্ছেদ অনুযায়ী, দায়িত্বরত কোনো প্রেসিডেন্ট মারা গেলে বা কোনো কারণে দায়িত্ব পালনে সক্ষম না হলে সর্বোচ্চ ধর্মীয় নেতার অনুমোদনক্রমে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নেন দেশটির প্রথম ভাইস প্রেসিডেন্ট। ১৯ মে ২০২৪ বর্তমান প্রথম ভাইস প্রেসিডেন্ট মোহাম্মাদ মোখবারকে অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্টের দায়িত্ব দেওয়া হয়।

## পরবর্তী প্রেসিডেন্ট নির্বাচন

দেশটির সংবিধান অনুসারে, প্রেসিডেন্টের পদ শূন্য হওয়ার পরবর্তী ৫০ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হতে হবে। এখন বিধান অনুসারে ইরানে তিন সদস্যের একটি কাউন্সিল গঠন করা হবে। সেই কাউন্সিলের প্রধান হবেন মোহাম্মদ মোখবার। কাউন্সিলের অন্য দুই সদস্য ইরানের পার্লামেন্টের স্পিকার এবং বিচার বিভাগের প্রধান। ২৮ জুন ২০২৪ পরবর্তী প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

# মহাকাশ ও বিজ্ঞান-প্রযুক্তি

## পাকিস্তানের প্রথম চন্দ্র-স্যাটেলাইট

পাকিস্তান নিজেদের ইতিহাসে প্রথমবারের মতো চাঁদে স্যাটেলাইট পাঠায়। চাঁদের কক্ষপথে পৌঁছেও গেছে দেশটির প্রথম চন্দ্র-উপগ্রহ আই-কিউব কামার 'iCube-Qamar'। সেখান থেকে চাঁদের ছবি তুলে পাঠায় উপগ্রহটি। শুধু চাঁদ নয়, কক্ষপথে সূর্যের ছবিও তুলে পাঠায় আই-কিউব কামার। ৩ মে ২০২৪ চাঁদের উদ্দেশে যাত্রা শুরু করে চীনের তৈরি চ্যাং ই-৬। ৮ মে ২০২৪ এ উপগ্রহকে চাঁদের কক্ষপথে নামিয়ে দেয় চ্যাং ই-৬।

## সবচেয়ে শক্তিশালী সৌরঝড়

১০ মে ২০২৪ পৃথিবীতে দুই দশকের বেশি সময়ের মধ্যে 'সবচেয়ে শক্তিশালী' সৌরঝড় আঘাত হানে। এতে তাসমানিয়া থেকে শুরু করে যুক্তরাজ্যের আকাশে বর্ণিল আলো বা মেরুজ্যোতি (অরোরা) দেখা যায়। সূর্য থেকে প্লাজমা এবং চৌম্বক ক্ষেত্র বেরিয়ে আসার ঘটনাকে করোনাল ম্যাস ইজেকশন CME বলা হয়। এ নির্গমন পরে পরিণত হয় 'প্রচণ্ড' ভূ-চৌম্বকীয় ঝড়ে। ২০০৩ সালের অক্টোবরে কথিত 'হ্যালোইন স্টর্ম'-এর পরে পৃথিবীতে এত শক্তিশালী সৌরঝড় আঘাত হানার ঘটনা এটিই প্রথম।



## দেখা মিলবে তারার বিস্ফোরণ

২০২৪ সালের সেপ্টেম্বরের মধ্যে কোনো একদিন আকাশে ঘটতে চলেছে বিরাট এক বিস্ফোরণ। পৃথিবী থেকে ৩,০০০ আলোকবর্ষ দূরে ঘটবে এ তারার বিস্ফোরণ। মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা বলছে, 'ওই বিস্ফোরণের ফলে যে আলোর ছটা ছড়াবে, সেটি দৃশ্যমান হবে একটি নতুন তারার মতো। আর তা হবে ধ্রুবতারার মতোই উজ্জ্বল। এ নিয়ে অন্তত তিনবার এমন ঘটনার সাক্ষী হবে মানবজাতি। এ বিস্ফারণের কয়েক সেকেন্ডের মধ্যে তাপমাত্রা ১০-২০ কোটি ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত উঠে যায়।

## ইতিহাসের সবচেয়ে উষ্ণতম এপ্রিল

বিশ্বের তাপমাত্রা রেকর্ডের ইতিহাসে এবার সবচেয়ে উষ্ণতম মাস ছিল এপ্রিল। একটি মাসিক বুলেটিনে কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিস (C3S) এর ডেটাসেটে থাকা ১৯৪০ সালের অন্যান্য ডেটার সঙ্গে ক্রস-চেক করে ২০২৪ সালের এপ্রিল মাসকে প্রাক-শিল্প সময়ের থেকে এখন পর্যন্ত সবচেয়ে উষ্ণ এপ্রিল বলে ঘোষণা করেন বিজ্ঞানীরা। ৮ মে ২০২৪ এ তথ্য জানায় ইউরোপীয় ইউনিয়নের জলবায়ু পরিবর্তন মনিটরিং পরিষেবা।

## স্যাটেলাইটের মাধ্যমে ব্লুটুথ সংযোগ

প্রথমবারের মতো সরাসরি স্যাটেলাইটের মাধ্যমে ব্লুটুথ সংযোগ দেবে হাবল নেটওয়ার্ক। বিশ্বের যেকোনো জায়গা থেকে লক্ষাধিক ডিভাইসকে সংযুক্ত করার নতুন একটি উপায় উন্মোচন করে কোম্পানিটি। স্পেসএক্সের ট্রান্সপোর্টার-১০ রাইড-শেয়ার মিশনের মাধ্যমে ২০২৪ সালের মার্চে পৃথিবীর কক্ষপথে দুটি স্যাটেলাইট চালু করে যুক্তরাষ্ট্রের সিয়াটলভিত্তিক স্টার্টআপটি। সেই সময় থেকেই ৬০০ কিলোমিটারেরও বেশি দূরত্ব থাকা ৩.৫ এমএম ব্লুটুথ চিপ থেকে সংকেত সংগ্রহ করছে স্যাটেলাইটটি। এ প্রযুক্তি বিভিন্নভাবে ব্যবহার করা যেতে পারে। লজিস্টিক, গবাদি পশু ট্র্যাকিং, পোষা প্রাণীদের জন্য স্মার্ট কলার, বাচ্চাদের জন্য জিপিএস ঘড়ি, গাড়ি শনাক্ত, নির্মাণ সাইট ও মাটির তাপমাত্রা পর্যবেক্ষণে এ প্রযুক্তি ব্যবহার করা যাবে।

## 6G'র যুগে বিশ্ব

বিশ্বে ফাইভজি প্রযুক্তি বিশ্বব্যাপী সংযোগের জন্য সবচেয়ে উন্নত হলেও এবার বিশ্বের প্রথম 6G ডিভাইস তৈরি করে জাপান। এটি একটি প্রোটোটাইপ, যা ৩০০ ফুটেরও বেশি দূরত্বে প্রতি সেকেন্ডে ১০০ জিবিপিএস গতিতে ডেটা প্রেরণ করতে পারে। এটি বর্তমান 5G প্রযুক্তির তুলনায় ২০ গুণ উন্নত বলে দাবি করা হয়। 6G প্রোটোটাইপ ১০০ গিগাহার্জ ব্যান্ড ব্যবহার করে ১০০ জিবিপিএস পর্যন্ত গতি অর্জন করতে পারে।




## বাংলাদেশে AI প্রযুক্তির ল্যাপটপ

২৮ এপ্রিল ২০২৪ প্রথমবারের মতো দেশে ২টি কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) সম্পন্ন প্রযুক্তির ল্যাপটপ অবমুক্ত করে গিগাবাইট বাংলাদেশ। গেমার, ভিডিও এডিটর, কন্টেন্ট ক্রিয়েটরসহ ভারি কাজের জন্য এ দুই ল্যাপটপ ব্যবহার করা যাবে। নতুন এ দুই ল্যাপটপ হলো ইন্টেল ১৪ প্রজন্মের অরাস গেমিং ১৬ এক্স একেজি এবং অরাস গেমিং ১৬ এক্স এএসজি। পারফরমেন্স বিবেচনায় ল্যাপটপগুলো বিএমডব্লিউ মানের।

## বাংলাদেশ সরকারের ক্লাউড সেবা

যুক্তরাষ্ট্রভিত্তিক প্রযুক্তি প্রতিষ্ঠান ওরাকলের ক্লাউড সেবা এখন বাংলাদেশ থেকেই পাওয়া যাবে। সরকারের ১৪টি মন্ত্রণালয়ের ডেটা সংরক্ষণের সেবা দিয়ে 'বাংলাদেশ গভর্নমেন্ট ক্লাউড' নামে শুরু হয় ওরাকলের এ ক্লাউড সেবা। ৬ মে ২০২৪ যুক্তরাষ্ট্রভিত্তিক প্রযুক্তি কোম্পানি ওরাকলের সহায়তায় দেশের সরকারি ক্লাউড সেবা 'বাংলাদেশ গভর্নমেন্ট ক্লাউড' আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে।

বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

# আবিষ্কার ও চিকিৎসা বিজ্ঞান

## শিমের নতুন দুই জাত

গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগ তলোয়ার শিম-১ ও তলোয়ার শিম-২ নামে শিমের নতুন দুটি জাত উদ্ভাবন করে। জাতীয় বীজ বোর্ড ২০২৪ সালে মে মাসে নতুন এ জাত দুটির অনুমোদন দেয়। জাত দুটির অন্যতম বৈশিষ্ট্য শারীরবৃত্তীয় ও অধিক পুষ্টিগুণসম্পন্ন এবং গ্রীষ্ম মৌসুমে মার্চ থেকে জুলাই মাসে অধিক ফলন দিতে সক্ষম। স্থানীয় জনগোষ্ঠীর কাছে জাত দুটি সবজি এবং বড় মোটা বীজ ডাল হিসেবে অধিক পরিচিত।

## নতুন জাতের পাটবীজ


পাটবীজের নতুন জাত উদ্ভাবন করে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI)। ভারতের জেআরও-৫২৪-এর সঙ্গে দেশীয় আগাম পরিপক্ক জার্মপ্লাজমের (এক্সেশন-১৭৪৯) মধ্যে সংকরায়ণ (হাইব্রিডাইজেশন) ঘটিয়ে নতুন একটি জাত উদ্ভাবন করা হয়। এটি বিভিন্ন পরীক্ষণে জমিতে ভালো ফলন দিয়েছে। সেইসঙ্গে দেশের ভূমি ও আবহাওয়া উপযোগী বলেও প্রমাণ হয়েছে। স্বল্পকালীন অর্থাৎ ১১০ দিনে কর্তন করলে প্রতি হেক্টর জমিতে ৩-৩.৫ টন আঁশ পাওয়া যায়। ২ মার্চ ২০২৪ জাতীয় বীজ বোর্ডের ১০৯তম সভায় জাতটির অনুমোদন দেয়। নাম দেওয়া হয় বিজেআরআই তোষা পাট-৯ (সবুজ সোনা)।

## বাউ সরিষা-৯

স্বল্পমেয়াদি, উচ্চ ফলনশীল, রোগবালাই প্রতিরোধী এবং লবণাক্ত সহিষ্ণু নতুন সরিষার জাত উদ্ভাবন করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) একদল গবেষক। ৩১ মার্চ ২০২৪ এটি জাতীয় বীজ বোর্ড থেকে নিবন্ধন পায়। নতুন উদ্ভাবিত জাতটির নামকরণ করা হয় বাউ সরিষা-৯ নামে।

## শিং মাছের জীবনরহস্য উন্মোচন

দেশি শিং মাছের জীবনরহস্য বা জিন-নকশা উন্মোচন এবং পুরুষ ও স্ত্রী মাছ নির্ধারণকারী সম্ভাব্য জিন শনাক্ত করার সফলতা পেয়েছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ফিশারিজ বায়োলজি ও



জেনেটিকস বিভাগের একদল গবেষক। গবেষণার ফলাফল ব্যবহার করে মনোসেক্স শিং মাছ উৎপাদন করা সম্ভব হবে, যা শিং মাছের বাণিজ্যিক চাষে বিপ্লব ঘটাবে বলে মনে করেন গবেষক দল। ১৫ মে ২০২৪ এ বিষয়ে বিস্তারিত তুলে ধরা হয়। সর্বাধুনিক জিনোম সিকোয়েন্সিং প্রযুক্তি ও সুপার কম্পিউটার ব্যবহার করে বায়োইনফরমেটিকস অ্যানালাইসিসের মাধ্যমে ওই জিনোম সিকুয়েন্স সম্পন্ন করা হয়।

## তুলাগাছ থেকে প্যারাসিটামল

দেড় শতাব্দী ধরে রাসায়নিক প্রক্রিয়ায় বিভিন্ন ওষুধ তৈরি হলেও এবার গাছের যৌগ থেকে প্যারাসিটামল ওষুধ তৈরির কৌশল আবিষ্কার করেছেন যুক্তরাষ্ট্রের উইসকনসিন-ম্যাডিসন বিশ্ববিদ্যালয়ের একদল বিজ্ঞানী তারা গোত্রের গাছের বায়োমাস দিয়ে প্যারাসিটামল ওষুধ তৈরির কৌশল আবিষ্কার করেন। ২০১৯ সালে বিজ্ঞানী কার্লেন ও জন রালফ প্যারাসিটামল তৈরির নতুন এক ধারণা দেন।

## বাংলাদেশি বিজ্ঞানীর জৈব যৌগ আবিষ্কার

প্রাণঘাতী কোলন ক্যান্সার শনাক্তকরণের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন বিভাগের শিক্ষক ও চিকিৎসাবিজ্ঞানী ড. জসিম উদ্দিন 'ফ্লোরকক্সিব' নামে একটি জৈব যৌগ আবিষ্কার করেন। প্রাণঘাতী কোলন ক্যান্সারের প্রাথমিক পর্যায়ের নাম কোলনিক অ্যাডেনোমা। এ পর্যন্ত হোয়াইট-লাইট কোলনোস্কোপি কোলন ক্যান্সার শনাক্তকরণে একমাত্র ক্লিনিকাল পদ্ধতি হিসেবে ব্যবহার হয়ে আসছে। কিন্তু এতে ৩০% অ্যাডেনোমা অদৃশ্য বা নির্ণয়ের বাইরে থেকে যায়। ড. জসিম উদ্দিন ফ্লোরকক্সিবভিত্তিক যে নতুন ন্যানোপ্রযুক্তিটি আবিষ্কার করেন, এটি কোলনিক অ্যাডেনোমায় কক্স-২ এনজাইমকে খুব সহজেই শনাক্ত করতে সক্ষম।



## নিজের উদ্ভাবিত চিকিৎসায় ক্যান্সারমুক্ত

নিজের উদ্ভাবিত পদ্ধতি দিয়ে চিকিৎসা করিয়ে ক্যান্সারমুক্ত হন অস্ট্রেলিয়ার চিকিৎসক প্রফেসর রিচার্ড স্কোলায়ার। তিনি স্কোলিয়ার গ্লায়োব্লাস্টোমার নামে ক্যানসারের এক ধরনে আক্রান্ত হন আক্রান্ত রোগীদের বেশির ভাগই এক বছরের কম বাঁচেন। তবে নতুন চিকিৎসাপদ্ধতি ব্যবহার করে রিচার্ড স্কোলিয়ার নামের ওই আক্রান্ত চিকিৎসক এক বছরের বেশি সময় ধরে ক্যানসারমুক্ত আছেন। ১৪ মে ২০২৪ তিনি এ তথ্য জানান।

## মেলানোমা টিকার প্রথম পরীক্ষা

সবচেয়ে মারাত্মক ধরনের ত্বকের ক্যান্সার 'মেলানোমা'র বিরুদ্ধে বিশ্বের প্রথম 'ব্যক্তিকেন্দ্রিক' এমআরএনএ টিকার গুরুত্বপূর্ণ পরীক্ষা শুরু করেন যুক্তরাজ্যের চিকিৎসাবিদরা। এমআরএনএ-৪১৫৭ (ভি৯৪০) নামে পরিচিত টিকাটি বর্তমানে প্রচলিত কিছু কভিড টিকার মতো একই প্রযুক্তি ব্যবহার করে তৈরি। এটির এখন চূড়ান্ত পর্যায়ে তৃতীয় ধাপের পরীক্ষা চলছে। টিকাটি ব্যক্তিকেন্দ্রিক, যার অর্থ পৃথক রোগীর প্রয়োজন অনুযায়ী এটির গঠন পরিবর্তন করা হয়।



www.boimate.com




সাম্প্রতিক নিয়োগ পরীক্ষায় টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) নিয়ে বিভিন্ন আঙ্গিকে প্রশ্ন আসছে। চাকরি প্রত্যাশীদের SDG সম্পর্কিত ধারণা আরও বৃদ্ধি করতে এ বিষয় নিয়ে আমাদের ধারাবাহিক আয়োজন। প্রথম পর্বে থাকছে SDG সম্পর্কিত সার্বিক ধারণা। পরবর্তী পর্বগুলোতে থাকবে SDG'র লক্ষ্যগুলোর বিস্তারিত আলোচনা।

## টেকসই উন্নয়ন

উন্নয়নমূলক কর্মকাণ্ডের মাধ্যমে বর্তমান প্রজন্মের চাহিদা মেটানোর পাশাপাশি সেসব উন্নয়ন কর্মকাণ্ড যাতে ভবিষ্যৎ প্রজন্মের চাহিদা মেটানোর ক্ষেত্রে ঘাটতি বা বাঁধার কোনো কারণ হয়ে না দাঁড়ায়, সেদিকে বিশেষভাবে লক্ষ্য রেখে পরিকল্পিত উন্নয়নই হলো টেকসই উন্নয়ন বা Sustainable Development। টেকসই উন্নয়ন মূলত ভবিষ্যৎ প্রজন্মের কথা ভেবে গৃহীত একটি উন্নয়ন পরিকল্পনা।

## টেকসই উন্নয়নের ধারণা

টেকসই উন্নয়ন ধারণাটি প্রথম পাওয়া যায় Club of Rome নামের একটি সংস্থার প্রতিবেদন থেকে। ১৯৬৮ সালে ইতালীয় শিল্পপতি আরেলিয়া পিচ্চাই ও ব্রিটিশ বিজ্ঞানী আলেকজান্ডার কিং সংস্থাটি গড়ে তোলেন। ১৯৭২ সালে তারা বৈশ্বিক প্রবৃদ্ধি এবং এর প্রভাব সম্পর্কে আলোড়ন সৃষ্টিকারী একটি প্রতিবেদন প্রকাশ করেন, যা পরে The Limits to Growth নামে গ্রন্থাকারে প্রকাশিত হয়। প্রতিবেদনটি বৈশ্বিক চিন্তাবিদদের মধ্যে ব্যাপক প্রভাব ফেলে। এর ধারাবাহিকতায় পরিবেশগত ও উন্নয়নমূলক সমস্যা চিহ্নিত করা এবং সেসব সমস্যার সমাধান খুঁজে বের করার জন্য ১৯৮৩ সালে জাতিসংঘ নরওয়ের ২৯তম প্রধানমন্ত্রী গ্রো হারলেম ব্রুন্ডল্যান্ডকে প্রধান করে World Commission on Environment and Development গঠন করে। যা Brundtland Commission নামে পরিচিত। এ কমিশনের মূল লক্ষ্য ছিল টেকসই উন্নয়নের বিষয়ে বিশ্বের সবগুলো স্বাধীন দেশকে একত্রিত করা। ১৯৮৭ সালে এ কমিশন Our Common Future নামের একটি প্রতিবেদন প্রকাশ ক[রে] যা Brundtland Report নামে পরিচিত। এ প্রতিবে[দনে] সর্বপ্রথম টেকসই উন্নয়ন বা Sustainable developm[ent] ধারণাকে সংজ্ঞায়িত করা হয়। প্রতিবেদনটিতে ব[লা] হয়েছে— মূলত টেকসই উন্নয়ন হচ্ছে এমন এ[ক] অর্থনৈতিক উন্নয়ন, যা বর্তমান প্রজন্মের চাহিদা পূ[রণ] করতে এবং ভবিষ্যৎ প্রজন্মের চাহিদা মেটাতে সক্ষম (Development that meets the needs of t[he] present without compromising the ability [of] future generations to meet their own needs)

## SDG'র প্রেক্ষাপট

৩-১৪ জুন ১৯৯২ ব্রাজিলের রিও ডি জেনেরিওতে অনু[ষ্ঠিত] ধরিত্রী সম্মেলনের পর টেকসই উন্নয়নের ধারণা বিশ্বব্যা[পী] ব্যাপকভাবে প্রচার লাভ করে। এ পরিপ্রেক্ষিতে বিশ্বসম[াজ] ৬ সেপ্টেম্বর ২০০০ জাতিসংঘের মাধ্যমে সহস্রাব্দ উন্ন[য়ন] লক্ষ্যমাত্রা (Millennium Development Goals-MDG[s]) প্রণয়ন করে। সে সময় MDG-তে টেকসই উন্নয়নে[র] দিকেই নজর দেওয়া হয় বেশি, যাতে পরিবেশকে বি[শেষ] গুরুত্ব দেওয়া হয়। MDG-তে জাতিসংঘের তৎকালীন সদ[স্য] দেশগুলোর জন্য আটটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেও[য়া] হয়। লক্ষ্যমাত্রাগুলো ২০১৫ সালের মধ্যে পূরণ করতে ব[লা] হয়। এর মধ্য দিয়ে বিশ্বজুড়ে স্থায়ী বা টেকসই উন্ন[য়নে] তৎপরতায় একটা গতি আসে। সেই গতি ধরে রাখতে ২৫ সেপ্টেম্বর ২০১৫ জাতিসংঘ ১৫ বছরের জন্য আর এক গুচ্ছ লক্ষ্য নির্ধারণ করে, যার নাম দেওয়া হয় টেক[সই] উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goal[s-] SDGs)। Transforming Our World : The 20[30] Agenda for Sustainable Development শীর্ষক কর্মসূচিতে কতগুলো বিস্তারিত, সুদূরপ্রসারী ও গণকেন্দ্রি[ক] বিশ্বজনীন ও রূপান্তর সৃষ্টিকারী লক্ষ্য ও টার্গেট অন্তর্ভুক্ত, Global Goals বা 2030 Agenda হিসেবে অভিহিত এতে ১৭টি অভীষ্ট বা Goal নির্ধারণ করা হয়, যা সদ[স্য] দেশগুলোকে ২০৩০ সালের মধ্যে পূরণ করতে বলা হয়। ১ জানুয়ারি ২০১৬ SDG'র বাস্তবায়ন শুরু হয়।

**তুলনামূলক চিত্র MDGs ও SDGs**

| | MDGs | SDGs |
|---|---|---|
| পূর্ণরূপ | Millennium Development Goals | Sustainable Development Goal[s] |
| গৃহীত হয় | ৬ সেপ্টেম্বর ২০০০ | ২৫ সেপ্টেম্বর ২০১[৫] |
| স্থান | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| UNGA'র অধিবেশন | ৫৫তম | ৭০তম |
| অভীষ্ট | ৮টি | ১৭টি |
| লক্ষ্যমাত্রা | ১৮টি | ১৬৯টি |
| মেয়াদকাল | ২০০১-২০১৫ সাল | ২০১৬-২০৩০ সা[ল] |
| বাস্তবায়ন শুরু | ১ জানুয়ারি ২০০১ | ১ জানুয়ারি ২০১৬ |
| মেয়াদ শেষ | ৩১ ডিসেম্বর ২০১৫ | ৩১ ডিসেম্বর ২০৩[০] |

জাতিসংঘ প্রশিক্ষণ ও গবেষণা ইনস্টিটিউটের (UNITAR) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

## SDG'র অভীষ্ট, লক্ষ্যমাত্রা ও সূচক

| অভীষ্ট | বাংলা | ইংরেজি | লক্ষ্যমাত্রা | সূচক |
|---|---|---|---|---|
| ১ | দারিদ্র্য বিমোচন | End poverty | ৭ | ১৩ |
| ২ | ক্ষুধামুক্তি | Zero Hunger | ৮ | ১৪ |
| ৩ | সুস্বাস্থ্য ও কল্যাণ | Good health and well-being | ১৩ | ২৮ |
| ৪ | মানসম্মত শিক্ষা | Quality education | ১০ | ১২ |
| ৫ | লিঙ্গ সমতা | Gender equality | ৯ | ১৪ |
| ৬ | বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশন | Clean water and sanitation | ৮ | ১১ |
| ৭ | সাশ্রয়ী ও পরিচ্ছন্ন জ্বালানি | Affordable and clean energy | ৫ | ৬ |
| ৮ | সম্মানজনক কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি | Decent work and economic growth | ১২ | ১৬ |
| ৯ | শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো | Industry, Innovation and Infrastructure | ৮ | ১২ |
| ১০ | বৈষম্য হ্রাস | Reduced Inequalities | ১০ | ১৪ |
| ১১ | টেকসই নগরায়ন ও সমাজ | Sustainable cities and communities | ১০ | ১৫ |
| ১২ | পরিমিত ভোগ ও উৎপাদন | Responsible consumption and production | ১১ | ১৩ |
| ১৩ | জলবায়ুবিষয়ক পদক্ষেপ | Climate action | ৫ | ৮ |
| ১৪ | জলজ জীবন | Life below water | ১০ | ১০ |
| ১৫ | স্থলজ জীবন | Life on land | ১২ | ১৪ |
| ১৬ | শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান | Peace, justice and strong institutions | ১২ | ২৪ |
| ১৭ | লক্ষ্যমাত্রা অর্জনে অংশীদারিত্ব | Partnerships for the goals | ১৯ | ২৪ |

## বিভিন্ন পরীক্ষায় SDG

**১. ২০১৫ সালে জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত টেকসই উন্নয়নের জন্য গৃহীত কর্মসূচি কোনটি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার ২০১৬]
ⓐ এমডিজি ⓑ এসডিজি
ⓒ সিপিডি ⓓ এনএলজি

**২. SDGs-এর পূর্ণরূপ হলো—** [ঢাবি 'খ' ইউনিট ২০১৯-২০]
ⓐ Successive Developmental Goals
ⓑ Successful Development Goals
ⓒ Substantial Developmental Goals
ⓓ Sustainable Development Goals

**৩. Sustainable Development Goals (SDGs)-এর উদ্ভাবক প্রতিষ্ঠান—** [রাবি, ইউনিট এ (গ্রুপ-২) ২০২২-২৩]
ⓐ UNDP ⓑ UN ⓒ WB ⓓ IMF

**৪. টেকসই উন্নয়ন অভীষ্ট কবে গৃহীত হয়?** [১৬তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ২০১৯]
ⓐ ২০১৫ সালের ২৩ সেপ্টেম্বর
ⓑ ২০১৬ সালের ২৩ সেপ্টেম্বর
ⓒ ২০১৫ সালের ২৫ সেপ্টেম্বর
ⓓ ২০১৫ সালের ২৪ সেপ্টেম্বর

**৫. Whose initiative SDG is?** [BREB'র উপ-সহকারী প্রকৌশলী ২০২০]
ⓐ Bangladesh ⓑ UN ⓒ USA ⓓ None

**৬. SDG-এর Goal মোট কয়টি এবং Target কয়টি?** [BREB'র সহকারী সচিব/সহকারী পরিচালক ২০২৩]
ⓐ ১৫টি এবং ১৫৫টি ⓑ ১৭টি এবং ১৬৯টি
ⓒ ১৮টি এবং ১৬৫টি ⓓ ১৯টি এবং ১৭১টি

**৭. জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে কত বছর নির্ধারণ করা হয়েছে?** [প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৯]
ⓐ ৮ ⓑ ১৫ ⓒ ১৭ ⓓ ২৪

**৮. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের সময়কাল কোনটি?** [রাবি, ইউনিট সি ২০২২-২৩]
ⓐ 2015-2025 ⓑ 2017-2027
ⓒ 2016-2030 ⓓ 2016-2025


**৯. Sustainable Development Goals (SDGs) বাস্তবায়ন শুরু হয়েছে—** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে সহকারী প্রকৌশলী ২০১৭]
ⓐ ১ জুলাই ২০১৫ ⓑ ৩১ ডিসেম্বর ২০১৫
ⓒ ১ জানুয়ারি ২০১৬ ⓓ ২১ জুলাই ২০১৬

**১০. জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট এর উদ্দেশ্য হলো—** [প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৯]
ⓐ বিশ্বের পরিবেশ উন্নয়ন
ⓑ বিশ্বের ক্রীড়াজগতের উন্নয়ন
ⓒ বিশ্বের সর্বত্র সার্বিক ও সার্বজনীন কল্যাণ
ⓓ বিশ্বের আবহাওয়ার উন্নয়ন

**উত্তর**
১. b
২. d
৩. b
৪. c
৫. b
৬. b
৭. b
৮. c
৯. c
১০. c

জাতিসংঘ সমাজ উন্নয়ন গবেষণা ইনস্টিটিউট (UNRISD)-এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com



# বাজেট কড়চা

বাংলাদেশের বাজেট প্রণয়ন করা হয় ১২ মাসের জন্য যা চলতি বছরের ১ জু
থেকে পরবর্তী বছরের ৩০ জুন পর্যন্ত কার্যকর থাকে। প্রতি বছর জুন মাসে বাংলাদে
জাতীয় সংসদের বাজেট অধিবেশনে সরকারের পক্ষে অর্থমন্ত্রী বাজেট বিল পে
করেন। তাই বাজেটের খুটিনাটি বিষয় নিয়ে আমাদের এবারের আয়োজন।

## বাজেট

'বাজেট' (Budget) ইংরেজি শব্দ। ফরাসি শব্দ bougette থেকে Budget শব্দটি এসেছে। যার বাংলা অর্থ চামড়ার থলে বা ব্যাগ। অতীতে থলেতে ভরে দেশের আয়-ব্যয়ের হিসাব আইনসভা বা সংসদে আনা হতো বলে একে 'বাজেট' নামে অভিহিত করা হয়।

## ইতিহাস

১৪ মার্চ ১৭৩৩ যুক্তরাজ্যের তথা বিশ্বের প্রথম প্রধানমন্ত্রী স্যার রবার্ট ওয়ার্লপোল ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষ বা হাউস অব কমন্সে প্রথম জাতীয় বাজেট ও রাজস্বনীতি 'পুস্তিকা' বা প্যাম্ফলেট আকারে উত্থাপন করেন। এ পুস্তিকা ছিল অনেকটা চিঠির মতো। তবে ১৭৬০ সালে বাজেট আনুষ্ঠানিক রূপ পায়। ১৭৬৪ সালে গ্রেট ব্রিটেনের হাউস অব কমন্সে বাজেট অধিবেশনে জর্জ গ্রিনভিল স্ট্যাম্প আইনের কথা বলেন। যুক্তরাজ্যে শুরুতে বসন্তকালে বাজেট দিবস অনুষ্ঠিত হতো। কারণ জনগণের কাছ থেকে ভূমি রাজস্ব আদায় করা হতো এপ্রিল মাসে এবং এর বেশিরভাগ অর্থ আসতো কৃষিখাত থেকে। আধুনিক শিল্প অর্থনীতিতে সরকারের অর্থনৈতিক প্রক্রিয়া পরিচালনায় মুখ্য ভূমিকা পালন করে এ বাজেট। ২৯ নভেম্বর ১৮৫৯ ব্রিটিশ প্রধানমন্ত্রী লর্ড পামারস্টন কর্তৃক নিযুক্ত হয়ে জেমস উইলসন ভারতে ভাইসরয়ের কাউন্সিলে অর্থ সদস্য (মন্ত্রী সমতুল্য) হিসেবে নিয়োগ পান। ৭ এপ্রিল ১৮৬০ জেমস উইলসন ভারতে ব্রিটিশ সরকারের প্রথম বাজেট আনুষ্ঠানিকভাবে আইনসভায় পেশ করেন। তিনিই প্রথম বাজেটে আধুনিক আয়কর ব্যবস্থা প্রবর্তন করেন। উপমহাদেশে উইলসনই প্রথম গণতান্ত্রিক ওয়েস্ট মিনস্টার টাইপের সরকার পদ্ধতির আওতায় সরকারের আয়-ব্যয় ব্যবস্থাপনার বাজেট পেশ করেন, যা আজও বাংলাদেশে বিদ্যমান।

## বাজেট কেন

উৎপাদন, উন্নয়ন ও কল্যাণ— একটি দেশের বাজেটের মূ
এই তিনটি প্রধান লক্ষ্য থাকে। যেকোনো বাজেটের দুটি দি
থাকে। এর প্রথমটি ফিস্ক্যাল দিক আর একটি মনিটারি দি
বাজেটের মূল লক্ষ্য— জিডিপি প্রবৃদ্ধি কতটা অর্জিত হ
মূল্যস্ফীতি কীভাবে সহনীয় পর্যায়ে রাখা যাবে, ঘাটতি কীভা
কমিয়ে আনা যাবে এবং দারিদ্র্য বিমোচন কীভাবে সম্ভব হবে

## প্রকারভেদ

বাজেটের ২টি অংশ— (ক) রাজস্ব বাজেট ও (খ) উন্নয়ন বাজে
বা মূলধন বাজেট। রাজস্ব বাজেটে আয়ের উৎস হিসেবে ব্য
পর্যায়ে আয়কর, দান-কর, উত্তরাধিকার কর, ধন-সম্পত্তির ও
কর, আমদানি-রপ্তানি শুল্ক, আবগারি শুল্ক, ভ্যাট বা মূল্য সংযো
কর, প্রমোদ কর আরোপ করা হয়। বাজেটের প্রসারিত শ্রেণীবি
হিসেবে বাজেট ২ প্রকার— (ক) ভারসাম্য বা সমতাপ্রাপ্ত বাজে
ও (খ) ভারসাম্যহীন বা সমতাহীন বাজেট। ভারসাম্যহীন বাজে
আবার ২ প্রকার— (১) উদ্বৃত্ত বাজেট এবং (২) ঘাটতি বাজে
অন্যভাবে বললে বাজেট ৩ প্রকার— উদ্বৃত্ত বাজেট, ভারসা
বাজেট ও ঘাটতি বাজেট। বাজেটের কিছু সংজ্ঞা—

- **উদ্বৃত্ত বাজেট :** কোনো আর্থিক বছরে সরকারের প্রত্যাশি আয় অপেক্ষা সম্ভাব্য ব্যয়ের পরিমাণ কম হলে, সেটাই উ বাজেট। অর্থাৎ, এ বাজেটে ব্যয় অপেক্ষা আয়ের পরিমাণ বেশি
- **ঘাটতি বাজেট :** কোনো আর্থিক বছরে সরকারের প্রত্যাশি আয় অপেক্ষা ব্যয়ের পরিমাণ বেশি হলে তাই ঘাটতি বাজেট
- **সম্পূরক বাজেট :** বরাদ্দকৃত ব্যয়ের চাইতে কোনো মন্ত্রণা বা সংশ্লিষ্ট খাতের ব্যয় বৃদ্ধি হলে তা অনুমোদন করতে বিল পাস করা হয় বা নতুন যে বরাদ্দ দেওয়া হয় তাই মূ সম্পূরক বাজেট।
- **উন্নয়ন বা মূলধনী বাজেট :** এ বাজেটে সরকার গৃহীত বার্ষি উন্নয়ন কর্মসূচির জন্য আয় ও ব্যয়ের হিসাব দেখানো হয়

## মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF)

এটি হলো এমন একটি পদ্ধতি, যার মাধ্যমে এক বছরের বাজে
বরাদ্দ এবং তার পরবর্তী বছরের বাজেটে কী ধরনের বরা
থাকবে তা নির্ধারণ করা হয়।

## জাতীয় রাজস্ব বোর্ড

জাতীয় রাজস্ব বোর্ড (NBR) অর্থ মন্ত্রণালয়ের (Ministry of Finance-MoF) অন্তর্গত অভ্যন্তরীণ সম্পদ বিভাগে (Internal Resource Division-IRD) নিয়ন্ত্রণাধীন। ১৯৭২ সালে NBR প্রতিষ্ঠা করা হয়। NBR'র পূর্নরূপ হলে National Board of Revenue। NBR এর গঠনগত বিভাগ ৩টি— আয় কর, ভ্যাট (আবগারি শুল্কসহ) এবং কাস্টমা ডিউটি (আমদানি শুল্ক)। NBR'র মূল কাজ রাজস্ব সংগ্রহ, কর সংগ্রহের নীতমালা প্রণয়ন, রাজস্ব সংগ্রহে প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ড পরিচালনা, সরকারের রাজস্ব বাজেট প্রণয়নে তথ্য-উপাত্ত সরবরাহে সহায়তা প্রদান ইত্যাদি

জাতিসংঘ নিরস্ত্রীকরণ গবেষণা ইনস্টিটিউটের (UNIDIR) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

# কর (Tax)

কর এর ইংরেজি প্রতিশব্দ Tax এসেছে ল্যাটিন শব্দ Taxo বা 'ট্যাক্সো' থেকে। এর অর্থ একটি আজ্ঞাধীন আর্থিক মূল্য। Tax বা কর হলো সরকারের কাছে নাগরিকদের অর্থ প্রদানের একটি বাধ্যতামূলক ব্যবস্থা, এর মাধ্যমে সরকার দেশের উন্নতির জন্য নাগরিকদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে। এটি একটি আর্থিক দায় যা নাগরিকদের সরকারি আয়ের একটি গুরুত্বপূর্ণ উৎস হিসাবে কাজ করে। কর ব্যবস্থা দুটি প্রধান বিভাগে বিভক্ত—প্রত্যক্ষ কর এবং পরোক্ষ কর। ব্যক্তি এবং কর্পোরেশনের আয় বা সম্পদের উপর প্রত্যক্ষ কর ধার্য করা হয়।

## প্রত্যক্ষ কর

**আয়কর (Income Tax) :** এটি একটি প্রত্যক্ষ কর যা একটি অর্থ বছরে ব্যক্তি এবং কর্পোরেশন দ্বারা অর্জিত আয়ের ওপর আরোপ করা হয়। আয়করের হার আয়ের স্তর এবং করদাতার প্রকারের ওপর নির্ভর করে পরিবর্তিত হয়।

**ক্যাপিটাল গেইন ট্যাক্স (CGT) :** এটি একটি প্রত্যক্ষ কর যা মূলধন সম্পদ যেমন শেয়ার, সম্পত্তি, বন্ড ইত্যাদি স্থানান্তর থেকে উদ্ভূত লাভ বা ক্ষতির উপর আরোপ করা হয়। মূলধন লাভ করের হার সম্পদের ধরন এবং ধারণকালের উপর নির্ভর করে।

**কর্পোরেট ট্যাক্স :** এটি একটি প্রত্যক্ষ কর যা একটি আর্থিক বছরে কোম্পানি দ্বারা অর্জিত লাভের উপর আরোপ করা হয়। উল্লেখিত আয়কর, ক্যাপিটাল গেইন ট্যাক্স ও কর্পোরেট ট্যাক্স, আয়কর আইন, ১৯৬১ অনুযায়ী সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্স দ্বারা পরিচালিত হয়।

**সম্পত্তি কর (Wealth Tax) :** যদি কোনো ব্যক্তির সম্পত্তির মূল্য ৩০ লক্ষ টাকা ছাড়িয়ে যায়, তবে অতিরিক্ত অংশের ১% কর হিসাবে প্রদান করতে হয়। ২০১৫ সালে ঘোষিত বাজেটে এ করব্যবস্থার অবসান ঘটে। তারপরে, এটি প্রতি বছর ১ কোটি টাকার বেশি আয় করা ব্যক্তিদের উপর ১২% শুল্ক দিয়ে প্রতিস্থাপিত হয়। এটি সেই সব সংস্থার উপরও প্রযোজ্য যারা প্রতি বছর ১০ কোটি টাকার বেশি আয় করে থাকে।

**উপহার কর (Gift Tax) :** ১৯৯৮ সালের নিয়ম অনুযায়ী, পরিবারের সদস্যদের এবং স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে পাওয়া উপহারগুলো করমুক্ত। অন্যদের কাছ থেকে পাওয়া ৫০,০০০ টাকার বেশি উপহারগুলি সম্পূর্ণরূপে করযোগ্য।

**সিকিউরিটিজ ট্রানজেকশন ট্যাক্স (STT) :** এটি হলো ভারতে স্বীকৃত স্টক এক্সচেঞ্জগুলোতে স্টক, মিউচুয়াল ফান্ড এবং ডেরিভেটিভগুলির মতো সিকিউরিটি ক্রয়-বিক্রয়ের উপর আরোপিত একটি কর।

## পরোক্ষ কর

**কাস্টমস ডিউটি :** এটি একটি পরোক্ষ কর যা জাতীয় সীমানা জুড়ে পণ্য আমদানি ও রপ্তানির উপর আরোপ করা হয়। শুল্ক কাস্টমস অ্যাক্ট, ১৯৬২ দ্বারা পরিচালিত হয় এবং সেন্ট্রাল বোর্ড অব ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস (CBIC) দ্বারা পরিচালিত হয়।

**এক্সাইজ ডিউটি :** এটি হলো ভারতে উৎপাদিত পণ্যের উপর আরোপিত এক ধরনের কর। এটি কাস্টমস ডিউটি থেকে ভিন্ন, কারণ এটি শুধুমাত্র দেশীয়ভাবে উৎপাদিত পণ্যের ক্ষেত্রেই প্রযোজ্য।

**পণ্য ও পরিষেবা কর (GST) :** এটি একটি পরোক্ষ কর যা আগের অনেক পরোক্ষ কর যেমন বিক্রয় কর, পরিষেবা কর, মূল্য সংযোজন কর, ইত্যাদিকে প্রতিস্থাপন করেছে। GST হলো একটি ব্যাপক কর যা পণ্য ও পরিষেবার সরবরাহের উপর আরোপ করা হয়।

**বিক্রয়কর (Sales Tax) :** বিক্রয় কর হলো পণ্য ও সেবা বিক্রির উপর আরোপিত এক ধরনের খরচ। এটি সাধারণত কেনা পণ্যের খুচরা মূল্যের একটি শতাংশ হিসেবে নির্ধারিত হয়। বিক্রয়কর বিক্রেতারা সংগ্রহ করেন এবং সরকারকে জমা দেন।

**পরিষেবা কর (Service Tax) :** পরিষেবা কর ১৫% হারে ধার্য করা হয় এবং এটি কোম্পানিগুলি দ্বারা প্রদত্ত পরিষেবাগুলিতে প্রযোজ্য। অস্পষ্টতা এড়াতে রেস্তোরাঁগুলো মোট বিলের ৪০% এর ওপর পরিষেবা কর ধার্য করে।

**মূল্য সংযোজন কর (VAT) :** Value Added Taxes (VAT) বা মূল্য সংযোজন কর বা মূসক হচ্ছে একটি পরোক্ষ কর। সহজ ভাবে বলা যায় যে, কোন ক্রেতা যখন কোন পণ্য বা সেবা ক্রয় করেন, তার মূল্যের অতিরিক্ত যে কর তিনি দিয়ে থাকেন, সেটি হচ্ছে ভ্যাট বা মূসক। কোন পণ্য বা সেবার সর্বশেষ ভোক্তা বা ক্রেতাই সেই পণ্য বা সেবার মূসক দাতা। ১ জুলাই ১৯৯১ থেকে মূল্য সংযোজন কর বা ভ্যাট বা মূসক চালু করা হয়। বাংলাদেশে পণ্য বা সেবার উপর ১৫% মূসক আরোপের নিয়ম রয়েছে। তবে কিছু কিছু ক্ষেত্রে ১.৫%-১০% মূসকও নির্ধারণ করা হয়ে থাকে।

## রাজস্ব নীতি

প্রসারিত দৃষ্টিতে, রাজস্ব নীতি বলতে সরকারের আয়-ব্যয় সংক্রান্ত নীতিকে বোঝানো হলেও সংকীর্ণ দৃষ্টিতে, সরকারের ব্যয় এবং কর-এ দু'য়ের সমন্বিত বাজেট নীতিকে রাজস্ব নীতি (Fiscal Policy) বলে। রাজস্ব নীতির গুরুত্বপূর্ণ উদ্দেশ্য মূল্যস্তরের স্থিতিশীলতা ও নিয়োগ সম্প্রসারণ।

## TIN

Tax Identification Number (TIN) হলো একটি নয়-সংখ্যার নম্বর যা অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা (IRS) দ্বারা করদাতাদের শনাক্ত করতে ব্যবহৃত হয়। বর্তমানে ডিজিটাল বাংলাদেশে জমি ক্রয়-বিক্রয়, আয়কর, ব্যাংক থেকে ঋণ বা সঞ্চয়, ব্যবসায়িক লাইসেন্স বা টেন্ডার ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে TIN প্রযোজ্য।

জাতিসংঘের ইউরোপীয় কার্যালয়ের সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

# বিরূপ আবহাওয়ার সাতকাহন



পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধির ফলে জনবসতির ওপর প্রতিনিয়ত নানারকম প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানছে। বাংলাদেশেও স্বাভাবিক কারণেই আবহাওয়ার তথা পরিবেশের পরিবর্তন ঘটছে। ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস, এ প্রেক্ষাপটে বিরূপ আবহাওয়ার নানা কথা নিয়ে আমাদের এ আয়োজন।

## আবহাওয়া

আবহাওয়া কোনো স্থানের স্বল্প সময়ের বায়ুমণ্ডলীয় অবস্থা। সাধারণত এক দিনের এমন রেকর্ডকেই আবহাওয়া বলে। আবার কোনো একটি বৃহৎ অঞ্চল জুড়ে আবহাওয়ার উপাদানগুলো যেমন বায়ুর তাপ, চাপ, আদ্রতা, বৃষ্টিপাত ইত্যাদির অন্তত ৩০ থেকে ৩৫ বছরের যে সাধারণ অবস্থা (গড় অবস্থা) দেখা যায় তাকে জলবায়ু বলে।

## বিরূপ আবহাওয়ার কারণ

বৃক্ষনিধন, শিল্পকারখানা স্থাপন, দূষণ ও নগরায়ণের ফলে আবহাওয়ায় দীর্ঘস্থায়ী বৈরিতা সৃষ্টি হয়। এর ফলে বায়ুমণ্ডল তাপ আটকে রাখছে। বৃদ্ধি পাচ্ছে পৃথিবীর তাপমাত্রা। পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধির ফলে জনবসতির ওপর প্রতিনিয়ত নানারকম প্রাকৃতিক দুর্যোগ, যথা— দাবানল, তাপপ্রবাহ, অতিবৃষ্টি, আকস্মিক বন্যা ইত্যাদি আঘাত হানছে।

- **দাবানল :** দাবানল বা Wildfire হচ্ছে বনভূমি বা বনাঞ্চলে সংঘটিত অনিয়ন্ত্রিত আগুন। উত্তপ্ত বা শুষ্ক আবহাওয়ায় বনাঞ্চল সমৃদ্ধ যেকোনো স্থানেই দাবানল দেখা দিতে পারে। প্রাকৃতিকভাবে সাধারণত দুটি উপায়ে দাবানল শুরু হতে পারে। প্রথমত, যদি কোনো শুষ্ক বনভূমির ওপর বজ্রপাত এবং দ্বিতীয়ত, কোনো আগ্নেয়গিরি থেকে নির্গত লাভা অথবা বিভিন্ন পদার্থের জ্বলন্ত টুকরা থেকে। এছাড়া মানবসৃষ্ট বিভিন্ন কারণেও দাবানল সৃষ্টি হয়। তবে সাম্প্রতিককালে মানবসৃষ্ট কারণেই দাবানল বেশি ঘটে থাকে।
- **তাপপ্রবাহ :** কোনো জায়গার দৈনিক যে গড় তাপমাত্রা তা থেকে ৫° বেড়ে গেলে এবং পরপর ৫ দিন তা চলমান থাকলে তাকে Heat wave বা তাপপ্রবাহ বলা হয়। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, তাপমাত্রা ৩৬°-৩৭.৯° সেলসিয়াস হয়, তবে তাকে মৃদু তাপপ্রবাহ বলে। ৩৮°-৩৯.৯° তাপমাত্রাকে মাঝারি তাপপ্রবাহ বলা হয়। তীব্র তাপপ্রবাহ বলা হয় যখন তাপমাত্রা ৪০°-৪১.৯° মধ্যে থাকে। যে শহরে খোলা জায়গা ও গাছপালা যত বেশি থাকবে, সেই এলাকার মানুষ তাপপ্রবাহের ক্ষতিকর প্রভাব তত কম অনুভব করবে।
- **আকস্মিক বন্যা :** অল্প সময়ের মধ্যে ভারী বা অত্যধিক বৃষ্টিপাতের ফলে সৃষ্ট একটি বন্যাকে আকস্মিক বন্যা বলে।
- **অতিবৃষ্টি :** যখন বৃষ্টিপাতের হার প্রতি ঘণ্টায় > ৭.৬ মিমি (০.৩০ ইঞ্চি), বা ১০ মিমি (০.৩৯ ইঞ্চি) এবং ৫০ মিমি (২.০ ইঞ্চি) প্রতি ঘণ্টার মধ্যে হয় তখন তাকে অতিবৃষ্টি বা ভারী বৃষ্টি বলে।

## এল নিনো ও লা নিনা

স্প্যানিশ শব্দ 'এল নিনো' (El Niño) এর অর্থ Little Boy বা 'ছোট ছেলে'। পূর্ব ও মধ্যাঞ্চলীয় প্রশান্ত মহাসাগর এলাকায় সমুদ্রপৃষ্ঠের উষ্ণতা যখন স্বাভাবিকের চেয়ে বেশি উষ্ণ থাকে, তখন তাকে এল নিনো বলা হয়। আর এর বিপরীত অবস্থার নাম 'লা নিনা' (La Niña), যার অর্থ Little Girl বা 'ছোট মেয়ে'। পূর্ব ও মধ্যাঞ্চলীয় প্রশান্ত মহাসাগর এলাকায় সমুদ্রপৃষ্ঠের উষ্ণতা যখন স্বাভাবিকের চেয়ে কম থাকে, তখন তাকে লা নিনা বলা হয়। এল নিনো বন্যা, খরা এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সঙ্গে সম্পর্কযুক্ত। যে বছর এল নিনো দেখা দেয়, তার পরের বছরে বেড়ে যায় বিশ্বের উষ্ণতা। ১৬ শতকে দক্ষিণ আমেরিকার পশ্চিম উপকূলের এক দল জেলে প্রথম খেয়াল করেন এ উষ্ণ সমুদ্রজল। এরপর থেকে দুঃসংবাদের মতো পৃথিবীতে প্রায়ই ফিরে আসে এল নিনো।

## ক্লাউড সিডিং

কৃত্রিম বৃষ্টিপাত হলো প্রকৃতির ওপর বৈজ্ঞানিক প্রভাব খাটিয়ে জোর করে বৃষ্টি নামানো। এ জন্য প্রথমে মেঘ সৃষ্টি করতে হয়। দ্বিতীয় পর্যায়ে এ মেঘকে ঘনীভূত করে বৃষ্টিপাতের উপযোগী অবস্থায় নিয়ে আসতে হয় এবং পরিশেষে বৃষ্টি ঝরানো হয়। ক্লাউড সিডিংয়ে সাধারণ রাসায়নিক যেমন— সিলভার আয়োডাইড, পটাশিয়াম আয়োডাইড অথবা শুষ্ক বরফ বা কঠিন কার্বন ডাই-অক্সাইড ব্যবহার করা হয়। অতিরিক্ত ক্লাউড সিডিং অনেক সময় পরিবেশের উপর বিরূপ প্রভাবও ফেলতে পারে। ২০২৪ সালে এপ্রিল মাসে রেকর্ড পরিমাণ বৃষ্টিপাতের কারণে বন্যাকবলিত হয়ে পড়ে মরু শহর দুবাই। আর এই ভারী বৃষ্টির জন্য দায়ী করা হয় ক্লাউড সিডিংকে।

জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের (UNCHR) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

## হিট স্ট্রোক

হিট স্ট্রোক এক ধরনের হাইপারথার্মিয়া। হাইপার হচ্ছে অধিক মাত্রা, আর থার্মিয়া মানে তাপ। হিট স্ট্রোক হলো তাপজনিত সবচেয়ে গুরুতর অসুস্থতা। প্রচণ্ড গরমে বা গরম আবহাওয়ার কারণে মানুষের শরীরের অভ্যন্তরীণ তাপমাত্রা বেড়ে যায়। শরীরে ইলেকট্রোলাইটের ভারসাম্যহীনতা দেখা দেয়। মস্তিষ্কে রক্তক্ষরণ হয়ে বা রক্তনালিতে রক্ত জমাট বেঁধে মানুষ অজ্ঞান হয়, খিঁচুনি দেখা দেয়। একে বলা হয় হিটস্ট্রোক।

## হিটক্র্যাম্প

হিট ক্র্যাম্প একটি সাধারণ সমস্যা। এই অসুস্থতার ঝুঁকিতে রয়েছেন তারা, যারা গরমে কায়িক পরিশ্রম করেন বেশি। ঘাম শরীরের লবণ এবং আর্দ্রতার মাত্রা হ্রাস করে। পেশীতে লবণের কম মাত্রা বেদনাদায়ক ক্র্যাম্প সৃষ্টি করে। হিট ক্র্যাম্পও তাপক্লান্তির লক্ষণ হতে পারে। পেটে, বাহুতে বা পায়ে পেশীর ক্র্যাম্প, ব্যথা বা খিঁচুনি হিট ক্র্যাম্পের লক্ষণ।

## হিটর‍্যাশ

হিট র‍্যাশ হলো গরম, আর্দ্র আবহাওয়ায় অতিরিক্ত ঘামের কারণে ত্বকের জ্বালা। এতে শরীরে পিম্পল বা ছোট ফুসকুড়ি দেখা যায়।

## হিট অ্যালার্ট

হিট ওয়েভ বা তাপপ্রবাহ হলো অতিরিক্ত গরম আবহাওয়া। আর এই তাপপ্রবাহ সম্পর্কে যে সতর্কতা জারি করা হয় সেটাই মূলত হিট অ্যালার্ট (Heat alert) বা হিট ওয়েভ অ্যালার্ট। তাপপ্রবাহ চরম মাত্রায় বাড়লে আরও বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগ দেখা দেওয়ার শঙ্কাও তৈরি হয়। তাছাড়া মানুষের সহ্য ক্ষমতার বাইরে চলে গেলে হতে পারে মৃত্যুর কারণ।

## তাপক্লান্তি

শরীর অতিরিক্ত পরিমাণে পানি এবং লবণ হারিয়ে ফেলার কারণে নানা ধরনের প্রতিক্রিয়া দেখায়। এর মধ্যে একটি হচ্ছে অত্যধিক ক্লান্ত লাগা। বয়স্ক ব্যক্তি, যাদের উচ্চ রক্তচাপ রয়েছে, যারা গরম পরিবেশে কাজ করেন তাদের এমনটা হতে পারে।

### মহাদেশভিত্তিক সর্বোচ্চ তাপমাত্রা

| মহাদেশ | তাপমাত্রা (°C) | স্থান/দেশ | সাল |
|---|---|---|---|
| এশিয়া | ৫৪ | ইরান | ২০১৭ |
| ইউরোপ | ৪৮.৮ | ইতালি | ২০২১ |
| আফ্রিকা | ৫৫ | তিউনিশিয়া | ১৯৩১ |
| উত্তর আমেরিকা | ৫৬.৭ | যুক্তরাষ্ট্র | ১৯১৩ |
| দক্ষিণ আমেরিকা | ৪৮.৯ | আর্জেন্টিনা | ১৯০৫ |
| ওশেনিয়া | ৫০.৭ | অস্ট্রেলিয়া | ১৯৬০ |
| এন্টার্কটিকা | ২০.৭ | সেইমোর আইল্যান্ড | ২০২০ |

[আপডেট ৫ জুলাই ২০২৩ পর্যন্ত]

### জানেন কি

| বিষয় | বিশ্বে | বাংলাদেশে |
|---|---|---|
| উষ্ণতম স্থান | মৃত উপত্যাকা, যুক্তরাষ্ট্র | লালপুর, নাটোর |
| শীতলতম স্থান | ভারখয়ানস্ক, রাশিয়া | লালাখাল, সিলেট |
| সবচেয়ে বেশি বৃষ্টিপাত | মৌসিনরাম, মেঘালয়, ভারত | লালাখাল, সিলেট |
| সবচেয়ে কম বৃষ্টিপাত | আতাকামা মরুভূমি, চিলি | লালপুর, নাটোর |

## তাপমাত্রার যত রেকর্ড

■ সর্বোচ্চ তাপমাত্রা

- বিশ্বে : ৫৬.৭°C বা ১৩৪.১°F, ১০ জুলাই ১৯১৩; যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার ফার্নেস ক্রিক (গ্রিনল্যান্ড র‍্যাঞ্চ)।
- বাংলাদেশে : ৪৫.১°C বা ১১৩.২°F, ৩০ মে ১৯৭২; রাজশাহী।

■ সর্বনিম্ন তাপমাত্রা

- বিশ্বে : -৮৯.২°C বা -১২৮.৬°F, ২১ জুলাই ১৯৮৩; অ্যান্টার্কটিকায়।
- বাংলাদেশে : ২.৬°C বা ৩৬.৬৮°F, ৮ জানুয়ারি ২০১৮; তেঁতুলিয়া, পঞ্চগড়।

■ পৃথিবীর সর্বোচ্চ গড় তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭.০১°C বা ৬২.৬২°F), ৩ জুলাই ২০২৩।

■ বাংলাদেশে সবচেয়ে ভারী শিলার আকার ১.০২ কেজি বা ২.২৫ lb; গোপালগঞ্জ ১৪ এপ্রিল ১৯৮৬।

### অতিরিক্ত গরমের প্রভাব

- শরীরে অস্বস্তিবোধ
- পানিশূন্যতা
- প্রচণ্ড মাথা ব্যথা
- খাবারে অরুচি
- চামড়ায় ক্ষত
- কিডনি ও ফুসফুসে সমস্যা
- শ্বাসকষ্ট
- হার্টের সমস্যা
- হিট স্ট্রোক
- হিট ক্র্যাম্পস




মানবাধিকার বিষয়ক জাতিসংঘ হাইকমিশনারের কার্যালয়ের (OHCHR) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com



# টি-২০ বিশ্বকাপ ২০২৪

আয়োজন : নবম • সময়কাল : ১-২৯ জুন ২০২৪ • স্বাগতিক : যুক্তরাষ্ট্র এবং ওয়েস্ট ইন্ডিজ • ভেন্যু : ৯টি • অংশগ্রহণকারী দল : ২০টি • ম্যাচ : ৫৫টি • খেলার ফরম্যাট : গ্রুপ পর্ব, সুপার ৮ ও নকআউট • উদ্বোধনী ম্যাচ : যুক্তরাষ্ট্র-কানাডা (গ্র্যান্ড প্রেইরি স্টেডিয়াম, টেক্সাস, যুক্তরাষ্ট্র) • ফাইনাল ম্যাচ : কিংস্টন ওভাল, ব্রাইড টাউন, বার্বাডোস

## বিশ্বকাপের ২০ দল

আয়োজক দেশ হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজ স্বয়ংক্রিয়ভাবে বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করে। ২০২২ সালের টি-২০ বিশ্বকাপে শীর্ষ ৮ দল ও ১৪ নভেম্বর ২০২২ আইসিসির র‍্যাংকিং তালিকার আরও দুটি দল সরাসরি বিশ্বকাপের মূলপর্বে খেলবে। এছাড়া আইসিসির আঞ্চলিক বাছাইপর্ব থেকে বাকি আট দল বিশ্বকাপে খেলার সুযোগ পায়। মূলপর্বে উত্তীর্ণ ২০টি দলকে চারটি গ্রুপে ভাগ করা হবে, যেখানে প্রতি গ্রুপে পাঁচটি করে দল।

A : ভারত, পাকিস্তান, আয়ারল্যান্ড, কানাডা ও যুক্তরাষ্ট্র
B : ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, নামিবিয়া, স্কটল্যান্ড ও ওমান
C : ওয়েস্ট ইন্ডিজ, নিউজিল্যান্ড, পাপুয়া নিউগিনি, আফগানিস্তান ও উগান্ডা
D : দক্ষিণ আফ্রিকা, শ্রীলংকা, বাংলাদেশ, নেদারল্যান্ডস ও নেপাল।

প্রতিটি গ্রুপের শীর্ষ দুটি দল সুপার ৮ পর্বে উন্নীত হবে। এই পর্বে উন্নীত দলগুলিকে প্রতি গ্রুপে চারটি দল নিয়ে তৈরি দুটি গ্রুপে ভাগ করা হবে এবং প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ দুটি দল নকআউট পর্বে খেলার যোগ্যতা অর্জন করবে, যেখানে দু'টি সেমিফাইনাল এবং একটি ফাইনাল থাকবে।

## বিশ্বকাপের ভেন্যু

| | ভেন্যু | স্টেডিয়াম |
|---|---|---|
| ওয়েস্ট ইন্ডিজ | অ্যান্টিগুয়া অ্যান্ড বার্বুডা | স্যার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়াম |
| | বার্বাডোস | কেনসিংটন ওভাল |
| | গায়ানা | প্রাদেশিক স্টেডিয়াম |
| | সেন্ট লুসিয়া | ড্যারেন সামি ক্রিকেট গ্রাউন্ড |
| | সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রানাডাইন্স | আর্নোস ভালি স্টেডিয়াম |
| | ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো | ব্রায়ান লারা ক্রিকেট একাডেমি |
| যুক্তরাষ্ট্র | লডারহিল, ফ্লোরিডা | সেন্ট্রাল ব্রোওয়ার্ড পার্ক |
| | ইস্ট মিডায়, নিউইয়র্ক | নাসাউ কাউন্টি ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়াম |
| | গ্র্যান্ড প্রেইরি, টেক্সাস | গ্র্যান্ড প্রেইরি স্টেডিয়াম |

### গ্রুপ পর্বে বাংলাদেশের ৪ ম্যাচ

| তারিখ | প্রতিপক্ষ | ভেন্যু |
|---|---|---|
| ৮ জুন | শ্রীলংকা | টেক্সাস |
| ১০ জুন | দক্ষিণ আফ্রিকা | নিউইয়র্ক |
| ১৩ জুন | নেদারল্যান্ডস | সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রানাডাইন্স |
| ১৭ জুন | নেপাল | সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রানাডাইন্স |

- যুক্তরাষ্ট্র প্রথমবারের মতো টি-২০ বিশ্বকাপ আয়োজন করে।
- এবারের বিশ্বকাপে অভিষেক ৩ দেশ– যুক্তরাষ্ট্র, কানাডা ও উগান্ডা।
- এবারের আসরে সর্বশেষ ২০তম দল হিসেবে জায়গা করে নেয় উগান্ডা।
- এবার টি-২০ বিশ্বকাপে সর্বাধিক ২০টি দল অংশগ্রহণ করবে।
- কানাডা ৪ বার ওয়ানডে বিশ্বকাপে অংশগ্রহণ করলেও এবারই প্রথম টি-২০ বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করে।




ইন্টারন্যাশনাল রেডক্রস কমিটির (ICRC) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

# খেলাধুলা

## নারী টি-২০ বিশ্বকাপ

৫ মে ২০২৪ গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে স্বাগতিক বাংলাদেশ নারী ক্রিকেট দলের অধিনায়ক নিগার সুলতানা ও ভারতীয় নারী ক্রিকেট দলের অধিনায়ক হারমানপ্রীত কৌর নারী টি-২০ বিশ্বকাপের ট্রফি উন্মোচন করেন। এরপর সোনারগাঁও হোটেলে ICC'র উদ্যোগে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয় বাংলাদেশে অনুষ্ঠিতব্য বিশ্বকাপের ফিক্সচার।

আয়োজন : নবম। সময়কাল : ৩-২০ অক্টোবর ২০২৪। স্বাগতিক : বাংলাদেশ (দ্বিতীয়বারের মতো)। ভেন্যু : ২টি— শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম এবং সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম। অংশগ্রহণকারী দল : ১০টি। মোট ম্যাচ : ২৩টি। খেলার ফরম্যাট : টি-২০।

বাংলাদেশের গ্রুপ পর্বের ম্যাচ

| তারিখ | ম্যাচ | ভেন্যু |
|---|---|---|
| ৩ অক্টোবর | বাংলাদেশ-স্কটল্যান্ড | ঢাকা |
| ৫ অক্টোবর | বাংলাদেশ-ইংল্যান্ড | ঢাকা |
| ৯ অক্টোবর | বাংলাদেশ-ওয়েস্ট ইন্ডিজ | ঢাকা |
| ১২ অক্টোবর | বাংলাদেশ-দক্ষিণ আফ্রিকা | ঢাকা |

ICC WOMEN'S T20 WORLD CUP BANGLADESH 2024

- গ্রুপ 'এ' : অস্ট্রেলিয়া, ভারত, নিউজিল্যান্ড, পাকিস্তান ও কোয়ালিফায়ার-১
- গ্রুপ 'বি' : বাংলাদেশ, দক্ষিণ আফ্রিকা, ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ ও কোয়ালিফায়ার-২

## বাংলাদেশ প্রিমিয়ার ফুটবল লিগ

আয়োজন : ১৬তম। আয়োজক : বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)। সময়কাল : ২২ ডিসেম্বর ২০২৩-২৯ মে ২০২৪। ভেন্যু : ৫টি— ঢাকা, গোপালগঞ্জ, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ ও রাজশাহী। অংশগ্রহণকারী দল : ১০টি। ম্যাচ : ৭৫টি। চ্যাম্পিয়ন : বসুন্ধরা কিংস (পঞ্চমবার)। সর্বোচ্চ গোলদাতা : সোলেমান দিয়াবাতে (মোহামেডান) ও দোরিয়েলতন গোমস (বসুন্ধরা); ১৩টি।

- ১১ মে ২০২৪ ময়মনসিংহের রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে মোহামেডানের বিপক্ষে খেলতে নেমে (২-১ গোলে হারিয়ে) টানা পঞ্চম লিগ শিরোপা নিশ্চিত করে বসুন্ধরা কিংস। উল্লেখ্য, স্বাধীন বাংলাদেশের ফুটবলে টানা চারটি লিগ জিতে ২০২৩ সালে ইতিহাস গড়ে বসুন্ধরা কিংস।
- কে কতবার চ্যাম্পিয়ন ➤ আবাহনী লিমিটেড : ৬ • বসুন্ধরা কিংস : ৫ • শেখ জামাল : ৩ • শেখ রাসেল : ১।

## DPL 2023-24

আয়োজন : দশম। আয়োজক : বাংলাদে[শ] ক্রিকেট বোর্ড (BCB)। সময়কাল : ১[...] মার্চ-৬ মে ২০২৪। ভেন্যু : ৪টি— ঢাক[া,] নারায়ণগঞ্জ, সাভার-১ ও সাভার-২। মো[ট] অংশগ্রহণকারী দল : ১২টি। মোট ম্যাচ [:] ৮৪টি। খেলার ফরম্যাট : লিস্ট-এ (রাউন্ড রবিন)। চ্যাম্পিয়ন : আবাহনী লিমিটে[ড] (৩য় বার)। সর্বোচ্চ রান : মাহিদুল ইসলা[ম] অঙ্কন (৬৪৭); মোহামেডান। সর্বোচ্চ উইকেট[:] আবু হায়দার (৩১)। প্লেয়ার অব দ্য সিরিজ[:] সাইফ হাসান; শেখ জামাল ধানমন্ডি ক্লাব

## টেনিসে মাসফিয়ার ইতিহাস

অনূর্ধ্ব-১০, অনূর্ধ্ব-১২, অনূর্ধ্ব-১৪, অনূর্ধ্ব-১[...] টেনিসে জাতীয় চ্যাম্পিয়ন হন মাসফি[য়া] আফরিন। জাতীয় র‍্যাঙ্কিংয়ে দ্বিতীয় স্থানে উঠেন। এরপর ২০২৩ সালের ডিসেম্বরে ঢাকাতেই রেফারিং কোর্স করে ফেলে[ন] মাসফিয়া। ২৪-২৮ এপ্রিল ২০২৪ মালয়েশিয়া[র] কুয়ালালামপুরে ITF আয়োজিত 'হোয়াই[ট] ব্যাজ রেফারি স্কুল' কোর্সে মাসফিয়া দেশে[র]



প্রথম হোয়াইট ব্যা[জ] রেফারি হিসেবে স্বীকৃতি পান। এর আগে ২০০[...] সালে বাংলাদেশ থেকে সারোয়ার হোসেন মোস্তফ[া] জয় 'চেয়ার আম্পায়ার' হন। ITF স্বীকৃত 'হোয়াইট ব্যাজ' রেফারিরা জাতীয় পর্যায়ে সর্বোচ্চ টুর্নামেন্ট পরিচালনা করতে পারেন। এরপর রেফারিরা পর্যায়ক্রমে সিলভার ও গোল্ডে[ন] ব্যাজ অর্জন করেন। গোল্ড ব্যাজধারীর[া] উইম্বলডন, ইউএস ওপেন অলিম্পিকের মতো বড় ইভেন্টের খেলা পরিচালনা করা[র] সুযোগ পান। সিলভার ব্যাজধারীরা থাকে[ন] ডেভিস কাপের মতো প্রতিযোগিতায়।

## ইউরোপীয় ফুটবল লিগ ২০২৩-২৪

| লিগের নাম | দেশ | চ্যাম্পিয়ন | সর্বোচ্চ গোলদাতা | গোলদাতার ক্লাব |
|---|---|---|---|---|
| লা লিগা | স্পেন | রিয়াল মাদ্রিদ | আর্টেম ডোভাক | জিরোনা |
| সিরি 'এ' | ইতালি | ইন্টার মিলান | লটারো মার্টিনেজ | ইন্টার মিলান |
| লিগ ওয়ান | ফ্রান্স | পিএসজি | কিলিয়ান এমবাপ্পে | পিএসজি |
| বুন্দেসলিগা | জার্মানি | বায়ার লেভারকুসেন | হ্যারিকেন | বায়ার্ন মিউনিখ |
| ইপিএল | ইংল্যান্ড | Manchester City | আর্লিং হল্যান্ড | ম্যানচেস্টার সিটি |

ইন্টারন্যাশনাল রোড ট্রান্সপোর্ট ইউনিয়নের (IRU) সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়

www.boimate.com

## বাবরের রেকর্ড



২০১৯ সালে প্রথমবার পাকিস্তানকে টি-২০তে নেতৃত্ব দেওয়া অধিনায়ক হিসেবে বাবরের সবচেয়ে বেশি সেঞ্চুরি রয়েছে। আন্তর্জাতিক টি-২০তে বাবরের তিনটি শতকই আসে অধিনায়ক থাকা অবস্থায়। এবার অধিনায়ক হিসেবে নতুন রেকর্ডও গড়েন বাবর আজম। অধিনায়ক হিসেবে আন্তর্জাতিক টি-২০তে সর্বোচ্চ রানের তালিকায় অস্ট্রেলিয়ার সাবেক অধিনায়ক অ্যারন ফিঞ্চকে ছাড়িয়ে যান বাবর। ২১ এপ্রিল ২০২৪ রাওয়ালপিন্ডিতে নিউজিল্যান্ডের বিপক্ষে এ রেকর্ড করেন পাকিস্তান অধিনায়ক। বাবরের রান এখন ২,২৪৬, ফিঞ্চের ছিল ২,২৩৬।

## টি-২০ ইতিহাসে নতুন রেকর্ড

২৬ এপ্রিল ২০২৪ ইডেন গার্ডেন্সে কেকেআরের বিপক্ষে টি-২০ ক্রিকেট ইতিহাসে সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ড গড়ে পাঞ্জাব কিংস। KKR'র ২৬১ রানের বিশাল স্কোরের বিপক্ষে নেমে ৮ বল এবং ৮ উইকেট হাতে রেখেই জয় লাভ করে পাঞ্জাব কিংস।



## ICC'র প্যানেল আম্পায়ার মোর্শেদ

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (ICC) আম্পায়ারদের আন্তর্জাতিক প্যানেলে যুক্ত হয় বাংলাদেশি আম্পায়ার মোর্শেদ আলী খান। ২৩ এপ্রিল ২০২৪ এ প্যানেলে বাংলাদেশের নতুন সদস্য হিসেবে তার অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (BCB) আম্পায়ারস কমিটি।

## ১৭ বছর বয়সে দাবাড়ুর ইতিহাস

১৭ বছর বয়সি ভারতীয় কিশোর দাবাড়ু ডোম্মারাজু গুকেশ সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসেবে চ্যাম্পিয়ন হয় ফিদে ক্যান্ডিডেট টুর্নামেন্টে। দাবার কিংবদন্তি বিশ্বনাথন আনন্দের পর দ্বিতীয় ভারতীয় হিসেবে ক্যান্ডিডেট টুর্নামেন্ট জিতে গুকেশ। এক দশক আগে ভারতের হয়ে প্রথম এ কীর্তি গড়েন পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ন আনন্দ। চ্যাম্পিয়ন হওয়ায় পাশাপাশি আরও বড় এক কীর্তি গড়েন গুকেশ। সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসেবে বর্তমান বিশ্ব চ্যাম্পিয়ন চীনের ডিং লিরেনকে চ্যালেঞ্জ জানায় সে।

## Laureus World Sports Awards 2024

ক্রীড়াঙ্গনের অস্কারখ্যাত মর্যাদাসম্পন্ন পুরস্কার Laureus World Sports Awards। ২২ এপ্রিল ২০২৪ স্পেনের মাদ্রিদ শহরে অনাড়ম্বর আয়োজনের মাধ্যমে ক্রীড়াঙ্গনে ২০২৩ সালের শ্রেষ্ঠ খেলোয়াড়দের এ পুরস্কার প্রদান করা হয়। উল্লেখ্য, ২০০০ সাল থেকে এ পুরস্কার প্রদান করা হয়। এটি লরিয়াস অ্যাওয়ার্ডেসের ২৫তম আসর।

| পুরস্কারের ক্ষেত্র | জয়ী | দেশ | ক্রীড়াক্ষেত্র |
|---|---|---|---|
| বর্ষসেরা পুরুষ ক্রীড়াবিদ | নোভাক জোকোভিচ | সার্বিয়া | টেনিস |
| বর্ষসেরা নারী ক্রীড়াবিদ | আইতানা বোনমাতি | স্পেন | ফুটবল |
| প্রত্যাবর্তন | সিমোন বাইলস | যুক্তরাষ্ট্র | অ্যাথলেটিক্স |
| প্রতিবন্ধী ক্রীড়াবিদ | ডিয়েড ডি গ্রুট | নেদারল্যান্ডস | টেনিস |
| ব্রেক থ্রু অব দ্য ইয়ার | জুড বেলিংহাম | যুক্তরাজ্য | ফুটবল |
| অ্যাকশন স্পোর্টস পার্সন অব দ্য ইয়ার | আরিসা ট্রিউ | অস্ট্রেলিয়া | স্কেটবোর্ডিং |
| বর্ষসেরা দল | জাতীয় নারী দল | স্পেন | ফুটবল |
| স্পোর্টস ফর গুড অ্যাওয়ার্ড | রাফা নাদাল ফাউন্ডেশন | স্পেন | মাল্টি স্পোর্ট |


– পঞ্চমবার লরিয়াস পুরস্কার জিতে সার্বিয়ান টেনিস তারকা নোভাক জোকোভিচ। এর আগে পুরস্কার পাঁচবার পায় আরেক টেনিস তারকা রজার ফেদেরার।

## জাতিসংঘ ফুটবল দিবস

২৫ মে ১৯২৪ ফ্রান্সের প্যারিসে গ্রীষ্মকালীন অলিম্পিক গেমসে সব অঞ্চলের প্রতিনিধিত্বে প্রথম আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট হয়। তারই শতবার্ষিকী উদ্‌যাপনকে সামনে রেখে জাতিসংঘ এ দিনকে বিশ্ব ফুটবল দিবস ঘোষণা করে। ৭ মে ২০২৪ বিশ্ব ফুটবল দিবস পালনের জন্য জাতিসংঘের কাছে এ প্রস্তাব পেশ করেন জাতিসংঘের লিবিয়ার স্থায়ী প্রতিনিধি তাহের এল সনি। তার এমন প্রস্তাবে জাতিসংঘের সাধারণ পরিষদ সভায় ১৯৩ সদস্যের মধ্যে ১৬০ জন এর পক্ষে ভোট দেন। ডেনিস ফ্রান্সিসের সভাপতিত্বে অনুষ্ঠিত সাধারণ পরিষদে ১৯৩টি সদস্যদেশের সর্বসম্মতিক্রমে আগামী ২৫ মে থেকে সমস্ত দেশ, জাতিসংঘের সংস্থা ফুটবলের সুবিধাগুলো ছড়িয়ে দেওয়ার জন্য 'আমন্ত্রণ' জানানো হয়।

## PSG থেকে এমবাপ্পের বিদায়

১২ মে ২০২৪ ঘরের মাঠ প্রিন্সেস দ্য পার্কে তুলুজের বিপক্ষে প্যারিস সেইন্ট জার্মেইয়ের (PSG) নিজের শেষ ম্যাচ ছিল ফরাসি বিশ্বকাপ জয়ী তারকা কিলিয়ান এমবাপ্পের। উল্লেখ্য, ১৩ মে ২০২৪ PSG ছাড়ার আগে ফ্রান্সের বর্ষসেরা ফুটবলারের পুরস্কার জিতেন তিনি। সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে চলতি




মৌসুমে ৪৪ গোল করে টানা পঞ্চমবার এ পুরস্কার জিতেন এমবাপ্পে। ২০১৭ সালে PSGতে যোগ দেওয়ার পর থেকে এমবাপ্পের ক্লাব খেরোখাতা—

- পিএসজি অধ্যায় ➤ ম্যাচ ৩০৭ • গোল ২৫৬ • অ্যাসিস্ট ১০৮।
- চ্যাম্পিয়ন্স লিগ : ৪২ • লিগ ওয়ান : ১৭৫ • ফ্রেঞ্চ কাপ : ৩৫ • লিগ কাপ : ২ • সুপার কাপ : ২।
- ট্রফি : ১৪ ➤ লিগ ওয়ান ৬ • ফ্রেঞ্চ কাপ ৩ • লিগ কাপ ২ • সুপার কাপ ৩।



www.boimate.com

# Short Notes

## Horse Trading

The term originates from the literal buying and selling of horses, which was known for its bargaining and negotiation aspects. While it is a common aspect of the political process, it can sometimes lead to unethical or corrupt behavior, raising concerns about transparency and integrity. 'Horse trading' in politics refers to the practice of negotiating deals, alliances, or compromises to achieve a desired outcome or goal. It often involves the exchange of favors, promises, or resources to secure support or cooperation from other political actors. This term is sometimes used to describe situations where politicians may engage in unethical or corrupt behavior, such as under-the-table deals, poaching of political leaders, and vote trading. In terms of actual political practice, one of the earliest instances of what could be described as 'horse trading' occurred in the United States during the 19th century, where political support or votes were often exchanged for political appointments or favors. However, the practice likely predates this period and has been a part of political systems for centuries. In Indian politics, first notable instances of such 'horse trading' in independent India took place in Haryana in 1967, which led to significant political instability and resulted in fresh elections in 1968. In recent times, there have been incidents that have brought this issue into the spotlight.

## Philadelphi Corridor

The Philadelphi Corridor, also called Philadelphi Route or Saladin Axis, is the Israeli code name for a narrow strip of land, 14 km (8.7 miles) in length, situated along the entirety of the border between Gaza Strip and Egypt. Following Israel's unilateral disengagement from the Gaza-strip in 2005, the Philadelphi Accord with Egypt was concluded, which authorized Egypt to deploy 750 border guards along the route to patrol the border on Egypt's side. The Palestinian side of the border was controlled by the Palestinian Authority, until the 2007 takeover by Hamas. The joint authority for the Rafah Border Crossing was transferred to the Palestinian Authority and Egypt for restricted passage by Palestinian ID card holders and by others by exception. One purpose of the Philadelphi Route was to prevent the movement of illegal materials (including weapons and ammunition) and people between Egypt and the Gaza Strip. The area has been a point of contention and concern due to activities such as smuggling tunnels that have been used to transport illegal materials, including weapons and ammunition. The name Philadelphi was 'randomly chosen by the Israeli army as a code name for the border zone'; in other words the name has no historical roots in the area. It was defined in the 18 April 2004 draft Disengagement Plan as 'The border area between the Gaza Strip and Egypt'.

## Crawling peg

A crawling peg is an exchange rate system where a country's currency is fixed to another major currency or a basket of currencies but is allowed to fluctuate within a defined band of rates. Crawling pegs are often used to control currency moves when there is a threat of devaluation due to factors such as inflation or economic instability. Coordinated buying or selling of the currency allows the par value to remain within its bracketed range. The central bank periodically adjusts the peg rate and the band to reflect economic conditions, such as inflation or exchange rate volatility. This system combines the stability of a fixed exchange rate with the flexibility of a floating rate, allowing for gradual adjustments to avoid economic shocks. The history of the crawling peg system can be traced back to the mid-20th century. It was introduced as a method to stabilize exchange rates and promote economic stability, combining the benefits of fixed and floating exchange rate regimes. For example, Latin American countries actively used crawling pegs in the 1980s to adjust their exchange rates in line with inflation and to prevent runs on U.S. dollar reserves. Over time, the crawling peg has undergone modifications to suit different economic conditions and policy objectives, with some countries still using variations of this system today. On 8 May 2024 Bangladesh Bank has introduced a Crawling Peg Mid-Rate (CPMR) system for the buying and selling of foreign currencies, setting the mid-point at Tk 117 per USD. This move allows banks to freely buy and sell US dollars around this mid-point, marking a significant shift towards a market-driven exchange rate system.

www.boimate.com

# Climate Change and Its Impact on Bangladesh



In common usage, climate change describes global warming— the ongoing increase in global average temperature— and its effects on Earth's climate system. Climate change in a broader sense also includes previous long-term changes to Earth's climate. The current rise in global average temperature is more rapid than previous changes, and is primarily caused by humans burning fossil fuels. Fossil fuel use, deforestation, and some agricultural and industrial practices add to greenhouse gases, notably carbon dioxide and methane. Larger amounts of these gases trap more heat in Earth's lower atmosphere, causing global warming.

## Global temperature rise

Multiple independent datasets show worldwide increases in surface temperature, at a rate of around 0.2°C per decade. The 2013-2022 decade warmed to an average 1.15°C compared to the pre-industrial baseline (1850–1900). From 1998 to 2013, negative phases of two such processes, Pacific Decadal Oscillation (PDO) and Atlantic Multidecadal Oscillation (AMO) caused a so-called "global warming hiatus". After the hiatus, the opposite occurred, with years like 2023 exhibiting temperatures well above even the recent average.

## Future global temperatures

The World Meteorological Organization estimates a 66% chance of global temperatures exceeding 1.5°C warming from the preindustrial baseline for at least one year between 2023 and 2027. The IPCC Sixth Assessment Report (2023) included projections that by 2100 global warming is very likely to reach 1.0-1.8°C under low emissions scenario, 2.1-3.5°C under an intermediate emissions scenario, or 3.3-5.7°C under a very high emissions scenario.

## Causes of recent global temperature rise

The climate system experiences various cycles on its own which can last for years, decades or even centuries. Other changes include changes in the concentrations of greenhouse gases, solar luminosity, volcanic eruptions, and variations in the Earth's orbit around the Sun.

- **Greenhouse gases :** Concentrations of gases such as $CO_2$, tropospheric ozone, CFCs and nitrous oxide are considered to be external forcings that change global temperatures. In 2019, the concentrations of $CO_2$ and methane had increased by about 48% and 160%, respectively, since 1750. Concentrations of methane are far higher than they were over the last 800,000 years.
- **Land surface changes :** Deforestation is the main land use change contributor to global warming, as the destroyed trees release $CO_2$, and are not replaced by new trees, removing that carbon sink. Some forests have not been fully cleared, but were already degraded by deforestation.

## Impacts on World

- **Environmental effects :** The environmental effects of climate change are broad and far-reaching, affecting oceans, ice, and weather. Changes may occur gradually or rapidly. The rainfall rate and intensity of hurricanes and typhoons is likely increasing, and the geographic range likely expanding poleward in response to climate warming.
- **Tipping points and long-term impacts :** Greater degrees of global warming increase the risk of passing through 'tipping points' —thresholds beyond which certain major impacts can no longer be avoided even if temperatures return to their previous state. For instance, the Greenland ice sheet is already melting, but if global warming reaches levels between 1.7°C and 2.3°C, its melting will continue until it fully disappears.



www.boimate.com

- **Nature and wildlife :** Recent warming has driven many terrestrial and freshwater species poleward and towards higher altitudes. Climate change has contributed to the expansion of drier climate zones, such as the expansion of deserts in the subtropics.
- **Food and health :** The World Health Organization (WHO) calls climate change the greatest threat to global health in the 21st century. Extreme weather leads to injury and loss of life. Various infectious diseases are more easily transmitted in a warmer climate, such as dengue fever and malaria. Crop failures can lead to food shortages and malnutrition, particularly effecting children. Both children and older people are vulnerable to extreme heat.
- **Livelihoods :** Economic damages due to climate change may be severe and there is a chance of disastrous consequences. The World Bank estimates that between 2016 and 2030, climate change could drive over 120 million people into extreme poverty without adaptation.
- **Climate migration :** Low-lying islands and coastal communities are threatened by sea level rise, which makes urban flooding more common. Sometimes, land is permanently lost to the sea. This could lead to statelessness for people in island nations, such as the Maldives and Tuvalu.

## Impact on Bangladesh

Climate change is a critical issue in Bangladesh as the country is one of the most vulnerable to the effects of climate change. The impacts and potential threats include sea level rise, temperature rise, food crises, droughts, floods, and cyclones.

### ■ Effects on the natural environment

**Temperature and weather changes :** Climate change has led to noticeable temperature and weather changes in Bangladesh. Over the past decades, Bangladesh has experienced a rise in temperature. Between 1976 and 2019, there was an average increase of 0.5°C according to a World Bank estimation published in 2021. This rise in temperature is consistent across different months, with the warmer period extending from February to November. The country is experiencing more erratic weather patterns, including unpredictable monsoons.

**Sea level rise :** Rising sea levels contribute to increased erosion along the coastlines, threatening agricultural lands and human settlements. As sea levels rise, saltwater can intrude into freshwater sources, affecting drinking water and agriculture. It's estimated that by 2050, one in every seven people in Bangladesh could be displaced due to climate change, with up to 18 million people potentially needing to migrate because of sea level rise alone.

### ■ Impact on people

**Economic impact :** The effects of climate change are not isolated to agriculture but also severely affect other critical sectors such as fisheries and water resources. Rising sea levels and increased salinity intrude into freshwater sources, jeopardizing both drinking water supplies and irrigation systems necessary for agriculture. Additionally, the frequency of cyclones and storms has increased, leading to substantial economic losses in the coastal regions, impacting infrastructure, livelihoods, and housing. The overall economic burden of climate change on Bangladesh is profound, with estimates suggesting that it could cost about 2% of the annual GDP growth. This underscores the need for integrated climate resilience strategies to mitigate the economic downturns caused by environmental changes.

**Impact on migration :** Climate change has caused many citizens of Bangladesh to migrate and by 2013 already 6.5 million people had been displaced. Poor and other vulnerable population groups have been affected disproportionally. Dhaka as well as local urban centers is mostly the destination of migration caused by climate change. This leads to an increased pressure on urban infrastructure and services, especially around health and education and creates a heightened risk of conflicts.

Bangladesh, facing the Bay of Bengal, is highly vulnerable to climate change. Rising sea levels threaten to submerge 11% of its land by 2050. Erratic weather patterns, extended monsoons, and increased temperatures exacerbate agricultural and health challenges. Despite low emissions, Bangladesh confronts severe climate risks, demanding urgent adaptation and mitigation strategies to protect its development trajectory and vulnerable populations.


www.boimate.com